
# বার্ষিক প্রতিবেদন ২০২৩



বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন ২০২৩

## বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

### পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

### পরিকল্পনা মন্ত্রণালয়

**উপদেষ্টা**

**জনাব মেজর জেনারেল (অব.) আব্দুস সালাম,**
**আরসিডিএস, পিএসসি**
**মাননীয় মন্ত্রী**
**পরিকল্পনা মন্ত্রণালয়**
**ড. শাহনাজ আরেফিন,** ***এনডিসি***

সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

**সার্বিক তত্ত্বাবধান**

**মোহাম্মদ মিজানুর রহমান**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

## সম্পাদনা পরিষদ

| | |
|---|---|
| | **আহ্বায়ক** |
| **জনাব পরিমল চন্দ্র বসু**<br>উপমহাপরিচালক, বিবিএস | |
| **জনাব কবির উদ্দিন আহাম্মদ**<br>পরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং | সদস্য |
| **জনাব আলাউদ্দিন আল আজাদ**<br>পরিচালক, এগ্রিকালচার উইং | সদস্য |
| **জনাব মো: এমদাদুল হক**<br>পরিচালক, সেন্সাস উইং | সদস্য |
| **জনাব মো: রফিকুল ইসলাম**<br>পরিচালক , ন্যাশনাল একাউন্টিং উইং | সদস্য |
| **জিয়াউদ্দীন আহমেদ**<br>পরিচালক, এস এস টি আই | সদস্য |
| **জনাব মো: মাসুদ আলম**<br>পরিচালক (উপ-সচিব), ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং | সদস্য |
| **জনাব কবির উদ্দিন আহাম্মদ**<br>পরিচালক, কম্পিউটার উইং | সদস্য |
| এইচ, এম ফিরোজ<br>পরিচালক(ভারপ্রাপ্ত), এফএ এন্ড এমআইএস উইং | সদস্য -সচিব |
| **জনাব মো: এমদাদুল হক**<br>পরিচালক, **জিয়াউদ্দীন আহমেদ**<br>পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং | |

**সংগ্রহ, সংকলন ও সংশোধন:** ; জনাব মো: সাইদুর রহমান, যুগ্মপরিচালক; জনাব মো: সাইফুল ইসলাম, পরিসংখ্যান কর্মকর্তা; জনাব ইশরাত তাসফিয়া ইসলাম, সহকারী পরিসংখ্যান কর্মকর্তা; জনাব আকরিমা খাতুন, সহকারী পরিসংখ্যান কর্মকর্তা ; জনাব মো: খাদিমুল বাসার, সহকারী পরিসংখ্যান কর্মকর্তা; জনাব কানিজ ফাতেমা, পরিসংখ্যান তদন্তকারী; জনাব রাহাবার জাকরিয়া, পরিসংখ্যান সহকারী; জনাব নিজাম উদ্দিন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক; জনাব জেসমিন আক্তার, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর; বিবিএস।

**প্রচ্ছদ:** মো: মাসুম বিল্লাহ, প্রকাশনা শাখা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

**প্রকাশকাল:** এপ্রিল ২০২৪ খ্রি.

মুদ্রণ: প্রকাশনা শাখা
এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।



## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী চিন্তা ও দিক-নির্দেশনায় ১৯৭৪ সালের আগস্ট মাসে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি পরিসংখ্যান অফিস যথা পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন 'পরিসংখ্যান ব্যুরো', কৃষি মন্ত্রণালয়ের অধীন 'কৃষি পরিসংখ্যান ব্যুরো' ও 'কৃষি শুমারি কমিশন' এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন 'আদমশুমারি কমিশন'-কে একীভূত ও পূনর্বিন্যস্ত করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Statistics) প্রতিষ্ঠা করা হয়।

# সূচিপত্র


**১.০ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ........ 1**

১.১ বিবিএস এর কার্যাবলি: ........ 1

১.২ বিবিএস এর জনবল : ........ 2

১.৩ বিবিএস এর সাংগঠনিক কাঠামো: ........ 2

১.৪ রূপকল্প ২০২১ ও বিবিএস: ........ 3

১.৪ রূপকল্প ২০২১ ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিবিএস এর কার্যক্রম: ........ 4

১.৫ শুমারি ও জরিপ সংক্রান্ত কার্যক্রম: ........ 5

১.৬ নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের ক্ষেত্রে বিদ্যমান সমস্যা/চ্যালেঞ্জ: ........ 7

১.৭ লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ-এর গুরুত্বপূর্ণ সুপারিশ: ........ 7

১.৮ উইং ভিত্তিক কার্যক্রমের বিবরণ: ........ 7

**২.০ কৃষি উইং (Agriculture Wing): ........ 8**

১। কৃষি উইং (Agriculture Wing): ........ 8

২.১ এগ্রিকালচার উইংয়ের জনবল সংখ্যাঃ- ........ 8

২.২। ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থ বছরে ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, আলু ও পাট) এর আবাদি জমির পরিমাণ ও উৎপাদনের হিসাবঃ 8

২.৩। ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থ বছরে ১৪০টি অ-প্রধান ( ১৩টি গ্রুপ) ফসলের অধীন আবাদি জমির পরিমাণ ও উৎপাদন হিসাব: ........ 9

২.৪। কৃষি মজুরি হার: ........ 11

২.৫। ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান ........ 12

২.৬। এগ্রিকালচার উইং কর্তৃক সম্পাদিত কার্যক্রম, ২০২২-২০২৩ অর্থ বছর। ........ 12

২.৭। এ পর্যন্ত বিবিএস প্রকাশিত উল্লেখযোগ্য প্রতিবেদন/প্রকাশনার বিবরণঃ ........ 12

**৩.০ সেন্সাস উইং (CENSUS WING) : ........ 12**

৩.১ সেন্সাস উইং (CENSUS WING) এর কার্যাবলি: ........ 12

৩.২ ২০২৩ সালের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত সেন্সাস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক সম্পাদিত কর্মকান্ডের বার্ষিক প্রতিবেদন:13

**১. আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩: ........ 18**

১.১ আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ এর প্রশ্ন চূড়ান্তকরণ: ........ 18

১.২ প্রশ্নপত্র প্রি-টেস্ট ও CAPI Apps এর ফিল্ড টেস্ট: ........ 19

১.৩ আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ এর প্রশিক্ষণ: ........ 19

১.৪ আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ এর তথ্যসংগ্রহ কার্যক্রম : ........ 21

১.৫ আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ এর কোডিং, এডিটিং ও ডাটা ভ্যালিডেশন কার্যক্রম: ........ 21

**প্রকল্প এলাকা: সমগ্র বাংলাদেশ ........ 27**

**৪.০ কম্পিউটার উইং (Computer Wing) ........ 28**

৪.১ বিবিএস এর কাজের বিবরণ (প্রতি উইং এর প্রধান ৫টি কাজ উল্লেখসহ): ........ 28

৪.২ জিও কোড (Geo Code) ........ 28

৪.৩ জি আই এস (GIS) ও Geospatial Database : ........ 29

৪.৪ কম্পিউটার উইং এর Micro data Dissemination : ........ 30

৪.৫ Computer-Assisted Personal Interviews (CAPI)র ব্যবহার: ........ 30

৪.৬ কম্পিউটার উইং এর Hardware maintenance and IT support: ........ 31

৪.৭ কম্পিউটার উইংয়ের Website শাখার কার্যক্রম: ........ 31

৪.৮ কম্পিউটার উইংয়ের প্রকাশনা/রিপোর্ট: ........ 32

**৫.০ ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং (Demography and Health Wing) ........ 33**

৫.১। ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর সাম্প্রতিক উল্লেখযোগ্য কার্যাবলি ........ 33

৫.২। ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর ২০২৩ সালে প্রকাশিত উল্লেখযোগ্য প্রতিবেদন/প্রকাশনার বিবরণ: ........ 38

**৬.০ ফিন্যান্স, এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (FA & MIS) উইং: ........ 38**

৬.১ প্রশাসন শাখা ........ 38

৬.২ বাজেট শাখা : ........ 39

৬.৩ অডিট: ........ 40

৬.৪ বিবিএস লাইব্রেরি: ........ 40

৬.৫ বিভাগীয় নির্বাচন কমিটি (বিনিক) শাখা: ........ 40

৬.৬ সমন্বয় শাখা: ........ 41

৬.৭ প্রকাশনা শাখা: ......................................................................................................... 42
৭.০ ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং **(Industry and Labour Wing):** ........................................................ **44**
৮। ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং : ............................................................................................... **50**
৮.১ জাতীয় আয় (সেবা, শিল্প ও কৃষি) শাখা: .................................................................................. 50
৮.২ চলতি উৎপাদন শাখা ............................................................................................................ 51
৮.৩ মূল্য ও মজুরি পরিসংখ্যান শাখা............................................................................................ 51
৮.৪ জাতীয় ব্যয় শাখা ................................................................................................................. 51
৮.৫ বৈদেশিক বাণিজ্য শাখা ........................................................................................................ 52
৮.৬ পান্ডুলিপি (প্রকাশনা) শাখা .................................................................................................... 52
**৯.০** স্ট্যাটিস্টিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট (SSTI ): .................................................................... **52**
**১০.পরিসংখ্যান ব্যুরোর আওতাধীন চলমান প্রকল্পসমূহের বিবরণঃ** ............................................... **55**
১০.১ প্রকল্পের নাম: টেকসই কৃষি পরিসংখ্যান প্রকল্প (Sustainable Agricultural Statistics (SAS) Project): ............ 55
১০.২ প্রকল্পের নাম:  জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প: .................................................................. 56
১০.৩ জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ২০২২-২৩ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম ................................ 57
১০.৪  আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩.................................................................................. 57
১০.৫ জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ন্যাশনাল রিপোর্ট (ভলিউম-১) প্রকাশ বিষয়ক কার্যক্রম ........................ 61
৩. **অর্থনৈতিক শুমারি** ২০২৩ প্রকল্প ............................................................................................ **63**
১. প্রকল্পের পটভূমি: ..................................................................................................................... 63
২. অর্থনৈতিক শুমারির উদ্দেশ্য: ...................................................................................................... 64
৩. শুমারির আওতা: ....................................................................................................................... 64
৪. প্রকল্পের মেয়াদ: ....................................................................................................................... 64
৫. প্রকল্পের প্রাক্কলিত ব্যয়: ............................................................................................................. 64
৬. প্রকল্পের কার্যক্রমসমূহ:................................................................................................................ 64
৪. শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রম বাজার তথ্যের উন্নয়ন প্রকল্প: ................................................................ **65**
৫. **ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) এবং জেলাভিত্তিক মোট দেশজ উৎপাদ (DGDP) উন্নয়ন’** প্রকল্প......... **66**
৬. ইন্টিগ্রেটিং জিওস্পেসিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিকস ইন বিবিএস **শীর্ষক কারিগরি সহায়তা** প্রকল্প :............................................................................................................................ **70**
৭। স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম **(SVRS)** ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্প: .......................................... **71**
**০৮. Household Income and Expenditure Survey (HIES):** ................................................ **73**
০৯ পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) **প্রকল্প:** ..................................... **79**
প্রকল্পের বাস্তবায়নকাল: ................................................................................................................ 80
প্রকল্পের উদ্দেশ্য: ......................................................................................................................... 80
১১. জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র **(NSDS)** ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট: ........................................ **86**
১৪। সিটিজেন পারসেপশন সার্ভে (সিপিএস) প্রকল্প : ........................................................................... **107**
প্রকল্প এলাকা: সমগ্র বাংলাদেশ.................................................................................................... **109**
**১. এসডিজি সেল:** .......................................................................................................................... **110**
**২.** প্ল্যানিং **এন্ড** ডেভেলপমেন্ট সেল: ............................................................................................ **113**

মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

# মুখবন্ধ

তথ্য ভিত্তিক ও টেকসই উন্নয়ন পরিকল্পনা একটি দেশের সার্বিক উন্নয়নের চাবিকাঠি। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর হাতে জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো গঠিত হবার পর থেকেই দেশের শিক্ষা, স্বাস্থ্য, অর্থনীতি, জনমিতি, কৃষি, নারী উন্নয়ন, মানবসম্পদ, পরিবেশ ইত্যাদি ক্ষেত্রে উন্নয়ন ও গবেষণার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো অফিসিয়াল পরিসংখ্যান সরবরাহ করে আসছে। এ সংস্থা দেশে প্রতি দশ বছর অন্তর অন্তর জনশুমারি, অর্থনৈতিক শুমারি ও কৃষি শুমারি পরিচালনাসহ দেশের আর্থসামাজিক প্রায় সকল ক্ষেত্রে প্রয়োজনীয় বিভিন্ন জরিপ পরিচালনা করে। বিবিএস এর সবচেয়ে গুরুত্বপূর্ণ ও বৃহত্তম কার্যক্রম 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' প্রকল্পটি এ অর্থ বছরেই অনুষ্ঠিত হবে। উল্লেখ্য ২০২২-২৩ অর্থ বছরে বিবিএস কর্তৃক ১৩টি উন্নয়ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রয়েছে।

বার্ষিক প্রতিবেদন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) একটি নিয়মিত প্রকাশনা। গত ২০২৩ খ্রি. সময়ে বিবিএস এর যাবতীয় কর্মকান্ডের সমন্বয়ে এ প্রতিবেদন প্রকাশিত হচ্ছে। এ ধরণের উদ্যোগ জনগণের কাছে সরকারের স্বচ্ছতা ও জবাবদিহিতা সুনিশ্চিত করে থাকে।

জাতীয় পরিসংখ্যান সংস্থা (এনএসও) হিসেবে বিবিএস শুমারির পাশাপাশি জনমিতি, জনস্বাস্থ্য, সামাজিক, অর্থনৈতিক, কৃষি, শিল্প, ব্যবসা-বাণিজ্য, পরিবেশ, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ প্রভৃতির তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণসহ সঠিক ও সময়পোযোগী পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে আসছে। দেশের পঞ্চবার্ষিকী পরিকল্পনা, রূপকল্প ২০২১, রূপকল্প ২০৪১, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি), ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ প্রভৃতির বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণে সঠিক ও নির্ভুল পরিসংখ্যানের বিকল্প নেই।

পরিসংখ্যান কার্যক্রমের উন্নয়নে এদেশের প্রথিতযশা পরিকল্পনাবিদ, গবেষক, অর্থনীতিবিদ, পরিসংখ্যানবিদ, সমাজবিজ্ঞানী ও উন্নয়নকর্মীসহ সংশ্লিষ্ট অংশীজনের সাথে মতবিনিময়ের মাধ্যমে পারস্পরিক অংশীদারিত্বের মাধ্যমে সময়োপযোগী পরিসংখ্যান প্রস্তুত করার বিষয়টিকে অগ্রাধিকার দেয়া হচ্ছে। বর্তমানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের দিক-নির্দেশনা ও তত্ত্বাবধানে বিবিএস কর্তৃক সম্পাদিত কার্যাবলি আন্তর্জাতিক অঙ্গনে প্রশংসিত হচ্ছে। এজন্য মাননীয় পরিকল্পনামন্ত্রী, পরিকল্পনা প্রতিমন্ত্রী, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বিবিএস এর সকল কর্মকর্তা/কর্মচারি এবং শুভানুধ্যায়ীদের প্রতি আমি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। এ প্রতিবেদন প্রকাশে তথ্য সংগ্রহ, সংকলন এবং মুদ্রণে সহযোগিতা প্রদানের জন্য সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

মার্চ ২০২৪

মোহাম্মদ মিজানুর রহমান

# ACRONYMS

| | | |
|---|---|---|
| BARI | - | Bangladesh Agriculture Research Institute |
| BBS | - | Bangladesh Bureau of Statistics |
| BCPC | - | Bangladesh Central Product Classification |
| BFDES | - | Bangladesh Framework for Development of Environmental Statistics |
| BIDS | - | Bangladesh Institute of Development Studies |
| BMPI | - | Building Material Price Index |
| BRAC | - | Building Resources Across Countries (Formerly Bangladesh Rural Advancement Committee |
| BSCO | - | Bangladesh Standard Classification of Occupation |
| BU | - | BRAC University |
| CAPI | - | Computer Assisted Personal Interviewing |
| CEGIS | - | Center for Environmental and Geographic Information Service |
| CPC | - | Consume Product Classification |
| CPI | - | Consumer Price Index |
| CUMNSB | - | Census on Undocumented Myanmar Nationals Staying in Bangladesh |
| DAE | - | Department of Agriculture Extension |
| DHS | - | Demography and Health Survey |
| EU | - | European Union |
| FAO | - | Food and Agriculture Organization |
| GDP | - | Gross Domestic Product |
| GIS | - | Geographic Information System |
| HIES | - | Household Income and Expenditure Survey |
| HRI | - | House Rent Index |
| ICCHL | - | Impact on Climate Change in Human Life |
| ICDDR,B | - | International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh |
| ICR | - | Intelligent Character Recognition |
| IFPRI | - | International Food Policy Research Institute |
| IGC | - | International Growth Center |
| IMR | - | Infant Mortality Rate |
| IMPS | - | Integrated Multi-Purpose Sampling |
| IRRI | - | International Rice Research Institute |
| ISRT | - | Institute of Statistical Research and Training |
| KOICA | - | Korea International Cooperation Agency |
| MDG | - | Millennium Development Goal |
| MDS | - | Master of Development Studies |
| MICS | - | Multiple Indicator Cluster Survey |
| MMR | - | Maternal Mortality Rate |
| MoU | - | Memorandum of Understanding |
| MPH | - | Masters in Public Health |
| MSVSB | - | Monitoring the Situation of Vital Statistics of Bangladesh |
| MTBF | - | Medium Term Budget Framework |
| NHD | - | National Household Database |

| | | |
|---|---|---|
| NPR | - | National Population Register |
| NSDS | - | National Strategy for the Development of Statistics |
| NSO | - | National Statistical Organization |
| PEC | - | Post Enumeration Check |
| PMIS | - | Personal Management Information System |
| PMT | - | Proxy Mean Test |
| PPI | - | Producer Price Index |
| PPP | - | Purchasing Power Parity |
| PPRC | - | Power and Participation Research Centre |
| PSU | - | Primary Sampling Unit |
| QIIP | - | Quantum Index of Industrial Production |
| SAARC | - | South Asian Association for Regional Cooperation |
| SDG | - | Sustainable Development Goal |
| SEEA | - | System of Environmental Economic Accounts |
| SESRIC | - | Statistical, Economic and Social Research and Training Centre for Islamic Countries |
| SIAP | - | Statistical Institute for Asia and the Pacific |
| SID | - | Statistics and Informatics Division |
| SNA | - | System of National Accounts |
| SPARRSO | - | Space Research and Remote Sensing Organization |
| SSNP | - | Social Safety Net Program |
| STATA | - | Statistical Analysis |
| SVRS | - | Sample Vital Registration System |
| TFR | - | Total Fertility Rate |
| TVET | - | Technical and Vocational Educational Training |
| UISC | - | Union Information Service and Centre |
| UNESCAP | - | UN Economic and Social Commission for Asia and the Pacific |
| UNESCO | - | United Nations Educational Scientific and Cultural Organization |
| UNFDES | - | United Nations Framework for the Development of Environmental Statistics |
| UNFPA | - | United Nations Population Fund |
| UNICEF | - | United Nations Children's Fund |
| UNSC | - | United Nations Statistical Commission |
| U5MR | - | Under Five Mortality Rate |
| VAW | - | Violence Against Women |
| WFP | - | World Food Programme |
| WRI | - | Wage Rate Index |

## ১.০ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

**পটভূমি :**

পরিসংখ্যান কোন একটি দেশের আর্থসামাজিক অবস্থা, অগ্রগতি ও বৈষম্যের চিত্র তুলে ধরে। সে লক্ষ্য ১৯৭১ সালের মহান স্বাধীনতা সংগ্রামের পর বাংলাদেশের সঠিক পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন ও অগ্রগতি পর্যবেক্ষণে পরিসংখ্যানের সম্যক গুরুত্ব উপলব্ধি করা হয়। ফলশ্রুতিতে বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী চিন্তাধারা এবং দিক-নির্দেশনায় ১৯৭৪ সালের আগস্ট মাসে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি পরিসংখ্যান অফিস (পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন 'পরিসংখ্যান ব্যুরো', কৃষি মন্ত্রণালয়ের অধীন 'কৃষি পরিসংখ্যান ব্যুরো' ও 'কৃষি শুমারি কমিশন' এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন 'আদমশুমারি কমিশন')-কে একীভূত করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রতিষ্ঠা করা হয়। পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশের ক্ষেত্রে কোন সমন্বিত আইন, বিধি বা নীতিমালা না থাকায় কিছু আদেশ ও পরিপত্রের মাধ্যমে পূর্বে বিবিএস এর কাজ পরিচালিত হতো। ২০১৩ সালের ২৭ ফেব্রুয়ারি পরিসংখ্যান আইন মহান জাতীয় সংসদে পাশ হওয়ার মধ্য দিয়ে বিবিএস সত্যিকার অর্থে একটি আইনগত ভিত্তি পেয়েছে। উক্ত আইনের ৬ ধারা অনুযায়ী আইন পাশের পর একই বছর ৩ মার্চ তারিখে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে বিবিএস এর ইতিহাসে একটি নতুন অধ্যায় সূচনা করেছে। এটি দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে কাজ করছে।

### বিবিএস-এর ভিশন

জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে স্থানীয় ও আন্তর্জাতিকভাবে প্রতিষ্ঠা লাভ।

### বিবিএস-এর মিশন

- সঠিক ও মানসম্মত এবং সময়োপযোগী, পরিসংখ্যান সরবরাহ;
- নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক ও সিদ্ধান্ত গ্রহণকারীদের চাহিদামাফিক উপাত্ত পরিবেশন;
- প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি;
- পেশাদারিত্ব প্রতিষ্ঠা।

### ১.১ বিবিএস এর কার্যাবলি:

পরিসংখ্যান আইন, ২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে বিবিএস এর কার্যাবলি নিম্নরূপ:

(ক) সঠিক, নির্ভুল, সময়োপযোগী এবং মানসম্মত পরিসংখ্যান প্রণয়ন ও সংরক্ষণ;

(খ) সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্য দেশের আর্থসামাজিক বিভিন্ন ক্ষেত্রে জরিপ পরিচালনা;

(গ) জনশুমারি, কৃষি শুমারি, মৎস্য ও প্রাণিসম্পদ শুমারি, অর্থনৈতিক শুমারিসহ অন্যান্য শুমারি ও জরিপের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ;

(ঘ) সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতিনির্ধারক, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সহিত নির্ভরযোগ্য ও ব্যবহারবান্ধব পরিসংখ্যান সরবরাহকরণ;

(ঙ) পরিসংখ্যান বিষয়ক নীতিমালা ও পদ্ধতি প্রণয়ন;

(চ) শাখা কার্যালয়ের কার্যাদি সরেজমিনে তদারক এবং প্রযোজ্য ক্ষেত্রে এর প্রতিবেদন পর্যালোচনা ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ;

(ছ) জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for the Development of Statistics) প্রবর্তন এবং সময় সময় হালনাগাদকরণ;

(জ) পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ;

(ঝ) পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;

(ঞ) পরিসংখ্যান কার্যক্রম সম্পাদনে তথ্য-প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ;

(ট) যে কোন কর্তৃপক্ষ, পরামর্শ প্রদানকারী প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থার সাথে পরিসংখ্যান বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় ও সহযোগিতা প্রদান;

(ঠ) ভোক্তার মূল্য-সূচকসহ অন্যান্য মূল্যসূচক এবং জাতীয় হিসাব প্রস্তুতকরণ;

(ড) অর্থনৈতিক, পরিবেশগত, সামাজিক ও জনমিতি সংক্রান্ত নির্দেশক প্রণয়ন ও প্রকাশকরণ;

(ঢ) ভূমি ব্যবহারসহ বিভিন্ন ফসলের উৎপাদন, উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ প্রাক্কলন;

(ণ) জিও-কোড সিস্টেম প্রণয়ন এবং একমাত্র সরকারি জিও-কোড সিস্টেম হিসেবে উহা হালনাগাদকরণ ও সংরক্ষণ এবং অন্যান্য সকল সরকারি সংস্থা বা প্রতিষ্ঠানকে ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ;

(ত) জাতীয় জনসংখ্যা রেজিস্টার (National Population Register) প্রণয়ন ও সময় সময় হালনাগাদকরণ;

(থ) সমন্বিত সেন্ট্রাল জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম (Geographic Information System) প্রণয়ন;

(দ) পরিসংখ্যানের প্রধান প্রধান কার্যক্রমসমূহ আন্তর্জাতিক মানে প্রমিতকরণ (Standardization);

(ধ) সংরক্ষণের বিকল্প ব্যবস্থাসহ জাতীয় তথ্য ভান্ডার প্রণয়ন ও আধুনিক পদ্ধতিতে আর্কাইভে সংরক্ষণ;

(ন) জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার জন্য প্রণীত সরকারি পরিসংখ্যানের মান সত্যকরণ (Authentication);

(প) পরিসংখ্যান সংক্রান্ত পরামর্শ সেবা প্রদান;


(ফ) সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন; এবং

(ব) উপরিউক্ত দায়িত্ব পালন ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

## ১.২ বিবিএস এর জনবল :

| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | আউটসোর্সিং | মোট |
|---|---|---|---|---|---|---|
| অনুমোদিত | ৪৬০ | ১২৪ | ২৮৮৪ | ৬৯৪ | ১৯০ | ৪৩৫২ |
| কর্মরত | ৩০১ | ৪০ | ১৫৩২ | ৩৭৭ | ১৯০ | ২৪৪০ |
| শূন্য | ১৫৯ | ৮৪ | ১৩৫২ | ৩১৭ | ০ | ১৯১২ |

## ১.৩ বিবিএস এর সাংগঠনিক কাঠামো:



পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সৃষ্টির পর হতে দেশের পরিসংখ্যান কার্যক্রমে আরো গতি সঞ্চার হয়েছে। ইতোমধ্যে বিবিএসকে শক্তিশালী করার যে প্রস্তাব সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে তা সফলভাবে বাস্তবায়নের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। ফলে, দেশের পরিসংখ্যানের ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। এ প্রেক্ষিতে অধিকতর মানসম্পন্ন তথ্য ও উপাত্ত দ্রুততম সময়ে সরবরাহের জন্য বিবিএস এর মাঠ পর্যায়ে তথা সকল বিভাগ ও জেলা পর্যায়ে অফিস স্থাপন এবং উপজেলা পর্যায়ের অফিসসমূহকে শক্তিশালীকরণের লক্ষ্যে বিবিএস এর সাংগঠনিক কাঠামো পরিবর্তনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

বর্তমানে ৮টি বিভাগীয় শহরে বিভাগীয় অফিস এবং ৬৪ টি জেলায় জেলা অফিস স্থাপন করে চার স্তরবিশিষ্ট সাংগঠনিক কাঠামো গঠন করা হয়েছে।

### ১.৪ রূপকল্প ২০২১ ও বিবিএস:

সরকারের পরিকল্পনা প্রণয়ন, উন্নয়নে অগ্রগতি সাধন, দারিদ্র বিমোচন, ব্যবসা বাণিজ্য সম্প্রসারণ, উদ্যেক্তা তৈরী, বেকারত্ব দূরীকরণ নিরসনে নির্ভরযোগ্য ও সময়োপযোগী পরিসংখ্যানের কোন বিকল্প নেই। দেশের পরিসংখ্যান ব্যবস্থার সার্বিক উন্নয়নের স্বার্থে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে ২০১৩ সালে National Strategy for the Development of Statistics (NSDS) প্রণয়ন করা হয়। NSDS হলো পরিসংখ্যান ব্যবস্থার সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে প্রণীত একটি বিস্তারিত, বাস্তবসম্মত, অংশগ্রহণমূলক, পরিবর্তনশীল ও রাষ্ট্রীয় স্বত্ত্বাধীন একটি পরিকল্পনা দলিল। লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ২০২৩ সালের মধ্যে এর বাস্তবায়ন সম্পন্ন হবে। এটি বাস্তবায়নের মাধ্যমে ভবিষ্যতে দেশের তথ্যভিত্তিক, সঠিক, নির্ভরযোগ্য ও ফলপ্রসূ জাতীয় নীতি ও পরিকল্পনা প্রণয়ন করা সম্ভব।

*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরিসংখ্যানের গুরুত্ব উপলব্ধি করে বলেন, "আমাদের সরকার জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার উন্নয়নে অফিসিয়াল পরিসংখ্যানের গুরুত্ব বিবেচনায় পরিসংখ্যান আইন, ২০১৩ প্রণয়ন করেছে। পরিসংখ্যান উন্নয়নে জাতীয় কৌশলপত্র (NSDS) ২০১৩ অনুমোদন করেছে। পরিসংখ্যান ব্যবস্থাকে সার্বিক উন্নয়ন পরিকল্পনার মূল ভিত্তি বিবেচনা করে আমরা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে কেন্দ্র হতে তৃণমূল পর্যায় পর্যন্ত শক্তিশালী করার উদ্যোগ নিয়েছি"।*



#### রূপকল্প ২০২১ (প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১) ও বিবিএস-এর সংশ্লিষ্ট অভীষ্ট লক্ষ্য ও লক্ষ্যমাত্রা:

| লক্ষ্য | লক্ষ্যমাত্রা |
|---|---|
| ১: দেশের উন্নয়ন ও জনকল্যাণে আধুনিক পদ্ধতিতে পরিসংখ্যান প্রস্তুত এবং উন্নততর তথ্যপ্রযুক্তির মাধ্যমে তা বিশ্লেষণ, সংরক্ষণ ও প্রকাশ। | ১.১: বিবিএস-এর নেতৃত্বে সমন্বিত, পেশাদারী, দক্ষ এবং কার্যকরী জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা প্রতিষ্ঠা করা।<br>১.২: পরিসংখ্যান নেটওয়ার্কিং স্থাপন ও শক্তিশালীকরণ এবং এ কাজের জন্য ডিজিটাল আর্কাইভ প্রতিষ্ঠা ও তার ব্যবহার করা।<br>১.৩: পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে দেশে বিদেশে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ ও কার্যক্রম নিশ্চিতকরণ।<br>১.৪: জনকল্যাণে পরিসংখ্যান সংক্রান্ত পরামর্শ ও সেবা প্রদানের পাশাপাশি পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করা। |

| লক্ষ্য | লক্ষ্যমাত্রা |
|---|---|
| **২:** দেশের উন্নয়নমূলক পরিকল্পনা প্রণয়ন এবং প্রশাসনিক কর্মকান্ডের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্য সরবরাহ। | ২.১: জরিপ/শুমারি পরিচালনা জোরদার করা।<br>২.২: জনশুমারি, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি এবং অর্থনৈতিক শুমারি ছাড়াও আর্থসামাজিক, জনমিতি এবং পরিবেশসহ অন্যান্য বিষয়ে জরিপ পরিচালনা করা।<br>২.৩: জাতীয় হিসাব এবং বিভিন্ন সূচক নিরূপণের পাশাপাশি দেশীয় ও আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ক তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ও প্রকাশ করা।<br>২.৪: আন্তর্জাতিক মানদণ্ডে দেশের পরিসংখ্যানের সময়োচিত চাহিদা নিরূপণ, আধুনিক প্রযুক্তি ব্যবহার করে তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ করা।<br>২.৫: জাতীয় পরিসংখ্যান তথ্য ভান্ডার (National Statistical Data Bank) প্রতিষ্ঠা ও সংরক্ষণ এবং ব্যবহারকারীদের চাহিদা অনুসারে পরিসংখ্যান সরবরাহ করা।<br>২.৬: বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে সমন্বয়, সহযোগিতা ও দিক নির্দেশনা প্রদানের মাধ্যমে প্রমিত পরিসংখ্যান পদ্ধতি প্রতিষ্ঠা করা। |

## ১.৪ রূপকল্প ২০২১ ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিবিএস এর কার্যক্রম:

বিবিএস পরিসংখ্যান বিষয়ক তথ্য ও উপাত্ত সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ, প্রক্রিয়াকরণের মাধ্যমে সরকারি পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে থাকে। বিবিএস দাপ্তরিক বিভিন্ন পরিসংখ্যান সংগ্রহ, প্রস্তুত ও প্রকাশ করার পাশাপাশি সরকারের রূপকল্প ২০২১ অনুযায়ী বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য প্রয়োজনীয় তথ্য উপাত্ত সরবরাহ করে আসছে। নিম্নে এ সংক্রান্ত প্রধান কার্যক্রমসমূহ তুলে ধরা হলো:

### ক. আইসিটি (ICT) সংক্রান্ত কার্যক্রম:

- **ডিজিটাল ইনফরমেশন সিস্টেম:** বর্তমান সরকারের Digital Vision কে সামনে রেখে **বিবিএস** এর সকল শুমারি ও জরিপের বিভিন্ন তথ্যসমূহ সার্ভারে সংরক্ষণ করে Web enabled GIS based Information System এর মাধ্যমে বিভাগ, জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন ও মৌজাভিত্তিক তথ্য Digital পদ্ধতিতে Graphically উপস্থাপন করা হয়েছে। তাছাড়া বাংলাদেশের বিভিন্ন মৌজা, ইউনিয়ন, থানা/উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের জনতাত্ত্বিক তথ্য ও উপাত্তকে GIS Map-এর মাধ্যমে উপস্থাপন ও তথ্য-সেবা প্রদানে Geo-Master file বিবিএস কর্তৃক সংরক্ষিত ও হালনাগাদ করা হয় এবং সরকারের অন্যান্য সংস্থার কাজে এ কোড ব্যবহার হয়।
- **স্ট্রেনদেনিং জিও কোডিং সিস্টেম:** বাংলাদেশের প্রশাসনিক বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন, মৌজা, গ্রাম, সিটি করপোরেশন, পৌরসভা, মহল্লা ও Key Point Installation এর নাম বাংলা ও ইংরেজিতে শুদ্ধ ও সুনির্দিষ্টকরণ, এ সকল সুনির্দিষ্ট নামের একটি আইনগত মর্যাদা (Legal Status) প্রদান, জিও কোড নম্বর প্রদান করার জন্য কাজ করে যাচ্ছে।
- **Geographic Information System (GIS) Map**: আকাশ (Areal Photography) মাধ্যমে সমগ্র দেশের ছবি সংগ্রহের মাধ্যমে জিআইএস Software ব্যবহার করে সকল মৌজা/মহল্লার ম্যাপ প্রস্তুত করা হয়েছে। GIS Map এর কারণে যেকোন এলাকায় ম্যাপ ভিত্তিক তথ্য উপস্থাপনের কাজ সহজ হয়েছে। এই ম্যাপ ব্যবহারের ফলে শুমারির কাভারেজ সুসংহত হয়েছে এবং শুমারি ও জরিপের গুণগতমানের উন্নতি হয়েছে।
- **Data Recovery Lab**: বিবিএস কর্তৃক যে সকল শুমারি ও জরিপের ডাটা Magnetic tape এ সংরক্ষিত আছে তা ডিজিটাল পদ্ধতিতে রূপান্তরের জন্য Data Recovery Lab প্রতিষ্ঠা করা হয়েছে। আশির দশক হতে সংগৃহীত ম্যাগনেটিক টেপে ডাটা সংরক্ষিত আছে এবং ডিজিটাল পদ্ধতিতে উক্ত ডাটা রূপান্তর করা হলে ডাটার ব্যবহার সহজ হবে।

- **ই-পাবলিকেশন:** ই-পাবলিকেশন ডিজিটাল প্রযুক্তির একটি উন্নত সংস্করণ। প্রযুক্তির কল্যাণে গবেষক, পরিকল্পনাবিদ, নীতি নির্ধারক, ছাত্র ও ব্যবহারকারীগণ এখন ঘরে বসে অনায়াসে অনলাইনের মাধ্যমে মুহূর্তের মধ্যে প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সংগ্রহ করতে পারেন। সেজন্য বিবিএস একটি যুগান্তকারী পদক্ষেপ 'ই-পাবলিকেশন পদ্ধতি' গ্রহণ করেছে। ফলে, বিবিএস কর্তৃক সময় সময় প্রকাশিত/অনুমোদিত আদমশুমারি, অর্থনৈতিক শুমারি ও অন্যান্য জাতীয় জরিপের সাময়িক ও চূড়ান্ত রিপোর্টসমূহ এখন অনলাইন হতে ডাউনলোড করে ব্যবহার করা সম্ভব হচ্ছে।
- **ই-অ্যাটেনড্যান্স রেজিস্টার:** কর্মকর্তা/কর্মচারীগণের সময়মতসরকারি অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিত করার লক্ষ্যে সরকারের 'রূপকল্প-২০২১' কর্মসূচির অংশ হিসেবে 'ই-অ্যাটেনড্যান্স রেজিস্টার' পদ্ধতি স্থাপনের জন্য বিবিএস প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। এ পদ্ধতিতে Thumb Recognition Scanner ব্যবহার করে উপস্থিতি নিশ্চিত করা হবে এবং এটা ডেটাবেইজ হিসেবে সার্ভারে সংরক্ষিত থাকবে।
- **Dynamic Website স্থাপন:** বিবিএস এর সদর দপ্তরের সাথে মাঠ পর্যায়ের অফিসসমূহে, সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের ও Globally দ্রুততম যোগাযোগ এবং তথ্য সরবরাহ নিশ্চিত করার জন্য অত্যাধুনিক ওয়েবসাইট উন্নয়ন ও উন্মুক্ত করা হয়েছে।
- **স্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন অ্যান্ড ডেমোগ্রাফিক ডাটা কালেকশন ইউজিং জিআইএস:** বিবিএস কর্তৃক এ কার্যক্রমের আওতায় ৬৪টি জেলার সকল মৌজা/মহল্লার ডিজিটাল ম্যাপ আপডেট করা হয়েছে। যা বর্তমান সরকারের ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গঠনে অন্যতম একটি অগ্রগতি।

### ১.৫ শুমারি ও জরিপ সংক্রান্ত কার্যক্রম:

**(ক) জনশুমারি ও গৃহগণনা:** জনশুমারি ও গৃহগণনা বিবিএসের একটি উল্লেখযোগ্য কার্যক্রম। জনসংখ্যার আকার, ভৌগোলিক বিন্যাস ও জনমিতির বিভিন্ন বৈশিষ্ট্যসমূহের মানসম্পন্ন Benchmark Database এর জন্য তথ্য সংগ্রহ করা, জাতীয় উন্নয়নমূলক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, নির্বাচনী এলাকার সীমানা নির্ধারণ, জাতীয় সম্পদের সুষ্ঠু ও সুষম বণ্টন, চাকরিক্ষেত্রে আঞ্চলিক কোটা নির্ধারণ প্রভৃতি কার্যক্রমে জনশুমারি ও গৃহগণনার তথ্য অপরিহার্য। ১৫-১৯ মার্চ ২০১১ দেশের পঞ্চম জনশুমারি (আদমশুমারি) ও গৃহগণনা অনুষ্ঠিত হয়েছে। উক্ত শুমারিতে প্রথম iCADE Software ব্যবহার ও ICR মেশিনে ২০১১ সালের শুমারির তথ্য প্রক্রিয়াকরণ করা হয়েছে। ডিজিটাল পদ্ধতি ব্যবহার করে দ্রুততম সময়ে শুমারির নির্ভুল ফলাফল দেয়া সম্ভব হয়েছে। এ শুমারির অধীন ০৫ টি ন্যাশনাল রিপোর্ট ৬৪ টি জেলা রিপোর্ট, সকল জেলার কমিউনিটি রিপোর্ট প্রকাশিত হয়েছে। একইসাথে ১৪ টি মনোগ্রাফ এবং ০১ টি পপুলেশন প্রজেকশন প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। আগামী ২০২২ জুন মাসের মধ্যে বাংলাদেশের ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হবে।

**(খ) অর্থনৈতিক শুমারি:** ২০১৩ সালের মার্চ-মে মাসে বাংলাদেশে তৃতীয় অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হয়। অ-কৃষিমূলক খাতগুলোকে পরিকল্পিতভাবে উন্নয়নমুখী করার লক্ষ্যে একটি পরিসংখ্যান ভিত্তিক কার্যকর ভিত গড়ে তোলাই এ শুমারির মূল উদ্দেশ্য। তৃতীয় অর্থনৈতিক শুমারির মাধ্যমে সংগৃহীত তথ্য প্রক্রিয়াকরণ করে রেকর্ড কম সময়ের মধ্যে গত ১৭ নভেম্বর ২০১৩ তারিখে শুমারির প্রাথমিক ফলাফল প্রকাশ করা হয়। এ ছাড়া শুমারির মাধ্যমে সংগৃহীত তথ্যের গুণগত মান যাচাইয়ের লক্ষ্যে মূল শুমারি সম্পন্ন হওয়ার পর সম্ভাব্য কম সময়ের মধ্যে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক গণনা পরবর্তী যাচাই (পিইসি) কার্যক্রম সম্পন্ন করা হয়। আধুনিক সফটওয়্যার ব্যবহার করে এবারই প্রথম ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রের (UISC) মাধ্যমে স্থানীয় পর্যায়ে স্থাপিত সরকারের অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে সম্ভাব্য সর্বনিম্ন সময়ের মধ্যে অর্থনৈতিক শুমারির তথ্য বিবিএস সদর দপ্তরে কম্পিউটারে ধারণ করা হয়। অর্থনৈতিক শুমারির সকল রিপোর্ট যথাসময়ে প্রকাশ করা হয়েছে। বিজনেস রেজিস্টার: দেশের প্রত্যেকটি স্থায়ী ব্যবসা-প্রতিষ্ঠানের কিছু গুরুত্বপূর্ণ মৌলিক তথ্যসম্বলিত একটি পূর্ণাঙ্গ কেন্দ্রিভূত তথ্য ভাণ্ডার তৈরির লক্ষ্যে ইতোমধ্যে বিজনেস রেজিস্টার (Business Register) প্রস্তুত কার্যক্রম হাতে নেয়া হয়েছে। এটি দেশের অর্থনৈতিক পরিসংখ্যান প্রণয়নের প্রধান কাঠামো হিসেবে ব্যবহৃত হবে। বিজনেস রেজিস্টারে প্রতিটি প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, আইনগত কাঠামো, কার্যাবলির ধরণ, নিয়োজিত জনবলের সংখ্যা, বাৎসরিক গড় উৎপাদন, মোট সম্পদের পরিমাণ ইত্যাদি তথ্য থাকবে।

**(গ) কৃষি শুমারি:** দশ বছরের ধারাবাহিকতায় দেশের পরবর্তী অর্থাৎ ৫ম কৃষি শুমারি ২০১৯ সালে অনুষ্ঠিত হয়েছে। পরিসংখ্যান আইন ২০১৩ অনুযায়ী কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি অনুষ্ঠিত হবে। সমন্বিতভাবে এ শুমারি কার্যক্রম সম্পন্ন হয়েছে। কৃষি, ভূমি ব্যবহার, মৎস্য ও প্রাণিসম্পদ খাতের অবকাঠামোগত পরিবর্তন বিষয়ক তথ্য এ শুমারিতে সংগ্রহ ও প্রকাশ করা হবে।

**(ঘ) ভাইটাল স্ট্যাটিসটিকস:** বিবিএস ১৯৮০ সাল হতে স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম শীর্ষক জরিপ নিয়মিতভাবে পরিচালনা করে বার্ষিক প্রক্ষেপিত জনসংখ্যা, জন্মহার, মৃত্যুহার, শিশু মৃত্যুহার, মাতৃ মৃত্যুহার, প্রত্যাশিত গড় আয়ু, বিবাহ/তালাকের হার, আগমন-বহির্গমন হার, জন্ম নিরোধক ব্যবহার হার ও প্রতিবন্ধী হার ইত্যাদি তথ্য প্রকাশ করে থাকে।

**(ঙ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) প্রতিষ্ঠান শুমারি:** দেশে প্রথমবারের মতো সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর দক্ষতা উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমের বাস্তব অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহের লক্ষ্যে বিবিএস কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) প্রতিষ্ঠান শুমারি ২০১৫ পরিচালনা করেছে।

**(চ) অন্যান্য শুমারি ও জরিপসমূহ:** এছাড়াও বিবিএস এর রাজস্ব ও উন্নয়ন খাতের বাজেটের অর্থে নিয়মিতভাবে বিভিন্ন জরিপের মাধ্যমে পরিসংখ্যান প্রণয়ন করে থাকে। ২০১৪-১৫ অর্থবছরে উইং ভিত্তিক বিভিন্ন কর্মসূচি যথা-বস্তি শুমারি ও ভাসমান লোকগণনা ২০১৪, হেল্‌থ অ্যান্ড মরবিডিটি স্ট্যাটাস সার্ভে ২০১৪, চাইল্ড মাদার নিউট্রিশন সার্ভে ২০১৪, এডুকেশন হাউজহোল্ড সার্ভে ২০১৪, জনজীবনে জলবায়ু পরিবর্তনের প্রভাব শীর্ষক জরিপ, ২০১৫ পল্লী ঋণ জরিপ ২০১৪, বিভিন্ন ফসলের উৎপাদনশীলতা নিরূপণ জরিপ, জাতীয় হিসাব উন্নয়ন কর্মসূচি এবং স্টেট ফেইজ ফর ন্যাশনাল পপুলেশন রেজিস্টার কার্যক্রমসমূহ সম্পন্ন করেছে। এছাড়াও বিবিএস নিয়মিতভাবে ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ, শিশু শ্রমশক্তি জরিপ, মাল্টিপল ইনডিকেটর ক্লাস্টার সার্ভে, উৎপাদনশীলতা জরিপ, সার্ভে অব ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রি এবং মজুরি হার জরিপ ইত্যাদি পরিচালনা করে থাকে।

**প্রতিষ্ঠালগ্ন থেকে বিবিএস কর্তৃক পরিচালিত গুরুত্বপূর্ণ শুমারি ও জরিপসমূহ নিম্নরূপ:**

| ক্রমিক | কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|
| ১ | জনশুমারি ও গৃহগণনা | ১৯৭৪ সাল থেকে ১০ বছর অন্তর মোট ৫ টি শুমারি পরিচালিত হয়েছে |
| ২ | অর্থনৈতিক শুমারি | ১৯৮৬ সাল থেকে মোট ৩ টি শুমারি পরিচালিত হয়েছে |
| ৩ | কৃষি শুমারি | ১৯৭৭ সাল থেকে মোট ৪ টি শুমারি পরিচালিত হয়েছে |
| ৪ | খানার আয় ব্যয় জরিপ | ১৯৭৩-৭৪ সাল থেকে মোট ১৫ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৫ | শ্রমশক্তি জরিপ | ১৯৮০ সাল থেকে এ পর্যন্ত ১৩ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৬ | স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সার্ভে | ১৯৮০ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ৭ | উৎপাদন শিল্প জরিপ | ১৯৭২ সাল থেকে ২৮ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৮ | মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে | ১৯৯৩ সাল থেকে ১২ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৯ | চাইল্ড নিউট্রিশন সার্ভে | ১৯৮৫-৮৬ সাল থেকে ৭ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ১০ | কৃষি দাগগুচ্ছ জরিপ | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১১ | ওয়েজ রেট সার্ভে | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১২ | মূল্য ও মজুরি পরিসংখ্যান | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১৩ | হেল্‌থ অ্যান্ড ডেমোগ্রাফিক সার্ভে | ১৯৮০ সাল থেকে ৫ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ১৪ | কৃষি ফসলের আয়তন ও উৎপাদন জরিপ | ১৯৭২ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১৫ | পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ পরিসংখ্যান | ২০১৬ সাল থেকে জরিপ ও সেকেন্ডারি উৎস হতে তথ্য উপাত্ত সংগ্রহপূর্বক পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ পরিসংখ্যান প্রকাশ করা হচ্ছে |
| ১৬ | কৃষি শুমারি | ২০১৯ সালে সম্পন্ন হয়েছে |

**(ছ) বিবিএস কর্তৃক User-Producer Dialogue আয়োজন:** সকল ধরনের জরিপ ও শুমারি কার্যক্রমের পূর্বে Data Producer হিসেবে বিবিএস নিয়মিতভাবে শুমারি/ জরিপ পরিকল্পনা, প্রশ্নপত্র, ডিজাইন, জরিপের ক্ষেত্রে নমুনায়ন পদ্ধতি ইত্যাদি বিষয়ে আনুষ্ঠানিক সভা, ওয়ার্কশপ, ও সেমিনারের মাধ্যমে সংশ্লিষ্ট Data user ও Stakeholder গণের নিকট তা উপস্থাপন করে এবং তাঁদের গুরুত্বপূর্ণ মতামত গ্রহণ করে থাকে।

**(জ) অংশীদারিত্বমূলক কার্যক্রম:**

বিবিএস জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, বিশ্বের অন্যান্য দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা এবং উন্নয়ন-সহযোগীর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে আসছে। বিবিএস জাতীয় সংস্হা যেমন: A2i, GED, NSDC, BIDS, DAE, DGHS, ISRT এবং আন্তর্জাতিক সংস্থা যেমন: UNFPA, UNDP, UNICEF, WHO, FAO, ICDDR,B, World Bank, UN-ESCAP, JICA, KOICA, SESRIC, WFP প্রভৃতির সাথে সমন্বয় ও গবেষণাধর্মী কাজ করছে।

### ১.৬ নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের ক্ষেত্রে বিদ্যমান সমস্যা/চ্যালেঞ্জ:

নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের ক্ষেত্রে বড় চ্যালেঞ্জ হল বিবিএস এ জনবল স্বল্পতা। সাংগঠনিক কাঠামো পুনঃনির্ধারণের পর প্রয়োজনীয় জনবল এখনও পাওয়া যায়নি। জেলা ও বিভাগীয় পর্যায়ে অফিস ভবন নেই এবং কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ ইন্সটিটিউট নেই। ফলে দক্ষ জনবল গঠন বিঘ্নিত হচ্ছে। পারিসংখ্যানিক তথ্য ও উপাত্ত প্রদানে উত্তরদাতার অনেক ক্ষেত্রে অনাগ্রহ সঠিক পরিসংখ্যান প্রস্তুতের ক্ষেত্রে অন্তরায় হিসেবে কাজ করে। লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের গৃহিত কার্যক্রমসমূহের বাজেট স্বল্পতা ও বাজেটের বরাদ্দ সময়মত না পাওয়া কাজের গতিকে শ্লথ করে।

### ১.৭ লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ-এর গুরুত্বপূর্ণ সুপারিশ:

MDG-উত্তর জাতিসংঘ ঘোষিত SDG এবং অন্যান্য Framework বাস্তবায়নে পরিকল্পনা কমিশন এবং সরকারের বিভিন্ন মন্ত্রণালয়কে তথ্য উপাত্ত দ্বারা সহায়তার নিমিত্ত জরুরি ভিত্তিতে শুমারি/জরিপ করে বিষয় ভিত্তিক **Baseline** তথ্য-উপাত্ত তৈরি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে বিবিএসকে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ দেয়া, দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করা, কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান, জরুরিভিত্তিতে ৬৪টি জেলা এবং ৮টি বিভাগে অফিস ভবন নির্মাণ অত্যন্ত জরুরি। এছাড়াও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ প্রেক্ষিত পরিকল্পনা ২০২১- ২০৪১ অনুযায়ী যে সমস্ত কার্যক্রম গ্রহণ করেছে সেগুলো বাস্তবায়নের পর্যায়সমূহ মূল্যায়নের জন্য তথ্য উপাত্তের পরিমাণগত সূচকসমূহ বিশ্লেষণ করা প্রয়োজন। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ যে ধরনের ডাটাবেইজ তৈরি করছে সেখানে বিবিএস এর অংশীদারিত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ বিবিএসই একমাত্র সরকারি প্রতিষ্ঠান যা আন্তর্জাতিক মানদণ্ডে বিভিন্ন তথ্য উপাত্ত সংগ্রহ, প্রস্তুত ও সরবরাহ করে থাকে। এ প্রেক্ষিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের মাধ্যমে সরকার ঘোষিত রূপকল্প ২০২১ বাস্তবায়ন এবং ২০৪১ সালের মধ্যে উচ্চ -মধ্য আয়ের দেশে প্রত্যাবর্তন এর পরিবীক্ষণ ও মূল্যায়ন যথার্থ হবে।

### ১.৮ উইং ভিত্তিক কার্যক্রমের বিবরণ:

বিবিএস এর সার্বিক কার্যাবলি নিম্নবর্ণিত উইংসমূহের মাধ্যমে সম্পন্ন করা হয়ে থাকে:

i) এগ্রিকালচার উইং
ii) সেন্সাস উইং
iii) কম্পিউটার উইং
iv) ফিন্যান্স, অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম উইং
v) ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং
vi) ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং
vii) ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং
viii) স্ট্যাটিস্টিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট।

২.০ কৃষি উইং (**Agriculture Wing**):

## ১। কৃষি উইং (Agriculture Wing):

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এগ্রিকালচার উইং জাতীয় পর্যায়ে কৃষি বিষয়ক তথ্য সংগ্রহ, সংকলন এবং প্রকাশের দায়িত্ব পালন করে থাকে। এগ্রিকালচার উইং কর্তৃক প্রকাশিত পরিসংখ্যানের মধ্যে ৬টি প্রধান ফসলের (আউশ, আমন, বোরো, গম, পাট ও আলু) আবাদকৃত জমির পরিমাণ, একরপ্রতি ফলন হার এবং মোট উৎপাদন হিসাব সবচেয়ে গুরুত্বপূর্ণ। এ ছয়টি প্রধান ফসল ছাড়াও অপ্রধান প্রায় ১৪০টি ফসলের বছরভিত্তিক আবাদি জমির পরিমাণ এবং উৎপাদন হিসাব প্রস্তুত ও প্রকাশ করে থাকে। ভূমি ব্যবহার, কৃষি মজুরি, সেচ পরিসংখ্যান, ফসলের ক্ষয়ক্ষতি ও অন্যান্য কৃষি পরিসংখ্যানও এ উইং কর্তৃক প্রস্তুত ও প্রকাশিত হয়ে থাকে। এছাড়া সেকেন্ডারি উৎস থেকে তথ্য সংকলন করে এ উইং “Yearbook of Agricultural Statistics” নামে একটি বার্ষিক প্রকাশনা নিয়মিতভাবে প্রকাশ করে আসছে। জিডিপি প্রাক্কলনসহ আমদানি-রপ্তানি নিয়ন্ত্রণে এবং পরিকল্পনা প্রণয়নে এসকল পরিসংখ্যান গুরুত্বপূর্ন ইনপুট হিসাবে ব্যবহার করা হয়।

**এগ্রিকালচার উইংয়ের কাজের বিবরণঃ-**

- ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, পাট ও আলু) এবং প্রায় ১৪০টি অপ্রধান ফসলের আয়তন ও উৎপাদন হিসাব প্রাক্কলন;
- ৬টি প্রধান ফসলের পূর্বাভাস জরিপ;
- অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতির হিসাব প্রাক্কলন;
- মাসিক কৃষি মজুরি হার নিরুপন;
- ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান;
- বার্ষিক কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ প্রণয়ন;

### ২.১ এগ্রিকালচার উইংয়ের জনবল সংখ্যাঃ-

| | ৯ম গ্রেড ও তদূর্ধ্ব | ১০ম গ্রেড | ১১-১৬ গ্রেড | ১৭-২০ গ্রেড | মোট |
|---|---|---|---|---|---|
| **অনুমোদিত** | ১৮ | ৪ | ৮০ | ১১ | ১১৩ |
| **বিদ্যমান** | ১২ | ৩ | ৩২ | ৭ | ৫৪ |

### ২.২। ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থ বছরে ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, আলু ও পাট) এর আবাদি জমির পরিমাণ ও উৎপাদনের হিসাবঃ

| ফসলের নাম | ২০২১-২২ | | ২০২২-২৩ | |
|---|---|---|---|---|
| | আবাদি জমির আয়তন (লক্ষ একর) | উৎপাদন (লক্ষ মে. টন) | আবাদি জমির আয়তন (লক্ষ একর) | উৎপাদন (লক্ষ মে. টন) |
| আউশ | ২৮.৬৪ | ৩০.০০ | ২৬.২২ | ২৯.০১ |
| আমন | ১৪১.৩১ | ১৪৯.৫৮ | ১৪১.৪৩ | ১৫৪.২৬ |
| বোরো | ১১৮.৯৭ | ২০১.৮৫ | ১১৯.৮৯ | ২০৭.৬৭ |
| গম | ৭.৭৮ | ১০.৮৫ | ৭.৮৩ | ১১.৭০ |
| আলু | ১১.৪৭ | ১০১.৪৪ | ১১.২৬ | ১০৪.৩১ |
| পাট | ১৭.৮৩ | ৮৪.৩২ (লক্ষ বেল) | ১৮.০৪ | ৮৪.৫৮ |

## ২.৩। ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থ বছরে ১৪০টি অ-প্রধান ( ১৩টি গ্রুপ) ফসলের অধীন আবাদি জমির পরিমাণ ও উৎপাদন হিসাব:

| ফসলের গ্রুপ | ফসলের নাম | ২০২১-২২ | | ২০২২-২৩ | |
|---|---|---|---|---|---|
| | | আবাদি জমির আয়তন(একর) | উৎপাদন (মে.টন) | আবাদি জমির আয়তন(একর) | উৎপাদন (মে.টন) |
| দানা জাতীয় | যব | ৪৫৩.১০ | ১৭২.৪২ | ৪১৮.৪০ | ১৫৯.১৮ |
| | রবি জোয়ার | ৪৪.২০ | ২১.৫৪ | ৪৪.৮০ | ২১.৮৬ |
| | গ্রীষ্মকালীন জোয়ার | ১২০.৫০ | ৫৮.৪৭ | ৭২.৮০ | ৩৮.৪৬ |
| | রবি ভুট্টা | ৯৮৪৪১৫.৫১ | ৩৭১৩৭৯৩.০৭ | ১০৩১৯০৮.৩৮ | ৪০০৩৭৮৮.০৯ |
| | খরিফ ভুট্টা | ১৯৭২৮৩.৪০ | ৫৪৮০৫১.৬৭ | ১৯৫৩৯০.৯৯ | ৫৫৮৭১৯.৫৪ |
| | চিনা ও কাউন | ১৭৯৮.১৬ | ৭৬৯.৭৬ | ১৬৮৫.৪০ | ৭৭৪.৯৩ |
| ডাল জাতীয় | ছোলা | ১০৭১২.৬৬ | ৪৮৪৬.৬২ | ৯৯৭২.০৫ | ৪৬৬৪.৫০ |
| | অড়হর | ১০৭১.৪৬ | ৪৫৪.৪২ | ১০১১.৯৮ | ৪২২.৫০ |
| | মসুর | ৩৫৬৯৪৬.১০ | ১৯০৭৪৩.৬১ | ৩৩৪৪২৯.৬০ | ১৯৬৮২৯.২৪ |
| | মটর | ১৮২৭৬.৬৫ | ৮১৩১.৯৯ | ১৭২৩৭.৫১ | ৭৭০৭.৪৭ |
| | মুগ | ১১৩৯০৯.১৪ | ৪১৫৪৮.৪৮ | ১১২৭০৯.৬০ | ৪৫৫৬৫.৮০ |
| | মাসকলাই | ১০২২১৯.৯৫ | ৩৯০০৫.৩৩ | ১০১৭৯০.৩৬ | ৪০৯০৭.৪০ |
| | খেসারি | ২৯০৯০২.১৫ | ১৩১৯০৮.৪৫ | ২৭১৭৯৪.০০ | ১২৯০১৫.৩২ |
| তেল জাতীয় | শীতকালীন তিল | ৬৬৭৯.৬৮ | ২৬৭১.০৩ | ৬১৪৪.৬৭ | ২৫২৬.৭২ |
| | খরিফ তিল | ৭৪৯৮০.৪৫ | ২৮৩৮৯.২০ | ৭২৩২৯.৪৭ | ২৮১৮৭.৯৬ |
| | রাই ও সরিষা (দেশী) | ৮১৭২৩৫.০৫ | ৪০৯৬৫৯.০৬ | ৯৪৬৬৩২.০৭ | ৫৪৭৪২৫.৩২ |
| | রবি চীনা বাদাম | ৮৯২৬১.৪৯ | ৬৬৮৪০.৭৬ | ৮৭৭৪৯.৯১ | ৬৭১৭৩.৯০ |
| | খরিফ চীনা বাদাম | ১০২৪২.৫১ | ৭৯০৭.৯১ | ১০১২৫.৬০ | ৭৮৫৬.৯৫ |
| | সয়াবিন | ১৪৪৭১২.৭৫ | ৯৮৬৪৬.০৬ | ১৪৫৫৮২.২৫ | ১০৭৩০৭.৫৯ |
| | নারিকেল | ৭৪০২৮.০০ | ৪১১৯৬৯.৫৬ | ৭৪৭৫৫.৪৭ | ৪০৩৬৫৭.৬৫ |
| | তিসি | ১২৮২৫.২৭ | ৩৭৩৫.২৪ | ১২০২৯.১৫ | ৩৫৮২.২৬ |
| মশলা জাতীয় | রবি মরিচ | ১৯২৭০৯.৬৯ | ৪৯৬২২৩.৫৩ | ১৮৮৮৮৮.৭৮ | ৫০৭২০০.৮৮ |
| | খরিফ মরিচ | ৫০২৯১.১৮ | ১২৮৬০২.২৪ | ৫১৪৯৯.৯২ | ১৫৫৩৪৬.০৩ |
| | পেঁয়াজ | ৫০৭৫৫৭.০৫ | ২৫১৭০৭০.৭৬ | ৫০২৯০৯.২৩ | ২৫৪৬৯৯৪.২৬ |
| | রসুন | ১৭৮৪৩৫.৫৬ | ৫২৬৮১৯.১৬ | ১৭৭১১৪.৬৬ | ৫৪৮৯০৭.১৬ |
| | হলুদ | ৬৫৩৬১.৪২ | ২৩২২১৯.৮০ | ৬৬০৫৪.৭৮ | ২৪০০২৬.১৩ |
| | আদা | ২৫৭৭০.৪১ | ৮২১৫২.৭৩ | ২৫৬৮৭.৭০ | ৮৩৭২৬.১৮ |
| | ধনিয়া | ৫০৯৫৬.৯৭ | ২২২৪৯.৮৯ | ৫০১৯৬.১৭ | ২২৩৩৬.০২ |
| | ক্যাপসিকাম | ৪৮.৮৭ | ১৫১.৩৮ | ৯৪.৩৫ | ২৮৭.৫১ |
| সুগার জাতীয় | আখ | ১৭৮৫৬১.৪৩ | ৩০৮৭৪২৮.৪৭ | ১৭২২৮৯.৮৯ | ২৯৮২৫৪৬.৮৩ |
| | খেজুর | ২১৬২৮.৫৬ | ৪০২০৯.৩৪ | ১৫৬৮০.০৫ | ৩৯৭৪৯.৮৪ |
| | খেজুরের রস | ৩৯০৫৭.৭৪ | ১৫২৫৬৩.৬৩ | ১৭৬৭৩.৫০ | ১৬৭৭৯২.৭৫ |
| | তালের শাস | ১২৭০৮.৩৪ | ৭৬৯৫৭.৪০ | ১১১৭৬.৫৭ | ৭৫৩০৫.৮৬ |
| | পাকা তাল(রস) | ১০২৩৮.১৭ | ৫৬৯০০.২০ | ৯৪৫৬.৭৬ | ৫৮৬১০.১০ |
| | পাকা তাল | ১৫৭৬৬ | ১৪৪৪৪৫ | ১৩৮১৪.০৮ | ১৮০০৮৭.১০ |

| ফসলের গ্রুপ | ফসলের নাম | ২০২১-২২ | | ২০২২-২৩ | |
|---|---|---|---|---|---|
| | | আবাদি জমির আয়তন(একর) | উৎপাদন (মে.টন) | আবাদি জমির আয়তন(একর) | উৎপাদন (মে.টন) |
| আঁশ জাতীয় | খরিফ তুলা (কুমিল্লা) | ১৭৪৭৯.৮০ | ১৭৭৫.১৩ | ১৭৫৯৩.৩৪ | ১৯৮৮.৭৭ |
| | রবি তুলা (আমেরিকান) | ১২৭৯৯.৫৩ | ৬৯১৯৬.৭৫ | ১১৩৩৫.৩০ | ৬৪৩৬৫.৮৮(বেল) |
| | শণ (শীতকালীন) | ৫৮.৭০ | ৬৩.৫৫ | ৫৬.২০ | ৫৪.৩৯ |
| | শিমুল তুলা | ৭৯৮৮.৪৯ | ৩১৬১৮.৩৯ | ৭৮৯৪.৮৪ | ৩০৫১৭.৮২৮ |
| নেশাজাতীয় | তামাক | ১০০৩৮৪.৮৫ | ৯২৩২৭.৭২ | ৯৩১০৭.০৭ | ৮৬৫৮৩.১৭ |
| | যতি | ১৯৮৮০.৭৫ | ১৪০৬৩.২০ | ১৮২৪০.৪১ | ১১৭৪৭.৫৪ |
| | মতিহার | ১০৩৯.৮৮ | ৭৫৬০.২৭ | ৬৩৬৪.৯১ | ৪৫৯২.৭২ |
| | ভার্জিনিয়া | ৭০১০৬.২২ | ৭০৭০৪.২৫ | ৬৮৫০১.৭৫ | ৭০২৪২.৯১ |
| | পান | ৫৩৯৬৯.৩৪ | ২০৬৯৯৩.০০ | ৫৪৪৮৫.৭০ | ২১১৫৭০.২৭ |
| | চা | ১৩৯৯৭৩.১১ | ৯৮১৪৬.৪৩ | ১৪১৩৫৫.০০ | ৯৩২০৮.০০ |
| | সুপারি | ৯৬৭৫৭.১০ | ৩৩৩৭২৪.০৬ | ৯৬৯৯৩.২৩ | ৩৪১৫৮৬.০২ |
| সবজী জাতীয় (গ্রীষ্মকালীন) | কাঁকরোল | ১৩৪৬৯.৫৭ | ৪০৪৫০.৩৭ | ১৩৭০৯.৭৫ | ৪৪১১৯.৭৭ |
| | মিষ্টি কুমড়া | ৩০১৬৪.২৪ | ১৪৫২০৫.৮৩ | ৩০৪৩১.০৪ | ১৫৬৩২২.৯১ |
| | বেগুন | ৪৯৪০৬.৯২ | ২০৯৫৪১.১৭ | ৪৯১৮৫.৯৩ | ২৩৫৪২১.৪০ |
| | পটল | ২৫৭৭৯.৯৫ | ১১০৩৯৭.৫৯ | ২৫৭৬৮.৯৩ | ১২৫৬৪৭.২৫ |
| | ঢেড়শ | ৩০৩২০.৭৬ | ৮৫২৩২.৯২ | ৩১০২১.৮৮ | ৯৬০১৮.৩৭ |
| | ঝিংগা | ২৬১৯৪.০০ | ৬০৫৪৬.০০ | ২৬২৪৯.৮৪ | ৭৫৬১৫.২৫ |
| | করলা | ২৮৭৬১.১৫ | ৬৫৪২১.৭৯ | ২৯০৪৪.৫১ | ৮৩০৯৩.২৭ |
| | কাঁচা কলা | ২৮৬৪০.২৬ | ১৮৩৪৩৮.৭৯ | ২৯২৪০৬.০২ | ১৮৫৬৫৪.০৫ |
| | চালকুমড়া | ২৬১৪৭.৬০ | ৯৪১৭২.৩৩ | ২৬১৯১.৪৪ | ১০১৮৫১.১৪ |
| | শসা | ২৫৬৪৫.৬৭ | ৯৯৯৮৪.৪৪ | ২৫৯৮৪.৪৭ | ১০৮৭৩৯.৬৫ |
| | খিরা | ১৭০৩১.১৩ | ৬৪০৫২.৫৪ | ১৭৬২১.৯১ | ৭১৮৭২.৮০ |
| | পুঁই শাক | ২৮০৯৬.২৪ | ১০২৪৮০.৭৪ | ২৮৩৬৪.৫০ | ১০৭৯৫৫.০৬ |
| | চিচিংগা | ১৯৭২৮.৪৮ | ৪৮১৯২.৭৯ | ১৯৭৯৬.৬১ | ৫১৯১০.৪৪ |
| | ডাটা | ২৭৯৮৮.১৮ | ৮৮৬৫৯.৬৬ | ২৭৯৪৯.১৫ | ৯১০৮৯.০৮ |
| | বরবটি | ১৭৭৩৮.২১ | ৩৯৫২৯.৩৩ | ১৭৯৩৭.৩২ | ৪১৮৯৫.৪৫ |
| | ধুন্দুল | ১১১৭৮.৩৮ | ২৬৯৪৫.৬৪ | ১১৪৯৯.০১ | ৩০৪২২.৮৩ |
| | কচুর লতি | ১৮৯৬২.৬৪ | ৪৮৬০৯.০৮ | ১৮৫২০.৭৮ | ৪৮৯১৬.৩৮ |
| সবজী জাতীয় (শীতকালীন) | সজিনা | ৭৪৪৪.২০ | ২৯৮৮০.১৯ | ৭৮০২.৩৩ | ৩১১৪৭.৪৪ |
| | কাঁচা পেঁপে | ২১৯২৩.৯৪ | ৩০৭৯৩৫.২৬ | ২১৮৩৩.২০ | ৩১৬১৫৫.৮৮ |
| | বেগুন | ৮৪৫৩৬.৬৫ | ৪০৯০০১.৪৬ | ৮৬৪২৫.১৪ | ৪৪৫৭৭৫.১৮ |
| | মিষ্টি কুমড়া | ৪৪৫৩৭.৭২ | ২২৮৯৬০.০১ | ৪৪৮৭২.০৪ | ২২৭০৪৫.৬৫ |
| | ফুলকপি | ৫৬৪২৬.৬১ | ৩৪২৩০৬.০৩ | ৫৬৪৪৬.৯৪ | ৩৪৩৭৫৮.৭১ |
| | বাঁধাকপি | ৫৩১২৯.২৩ | ৩৯৫০৩৫.৬৫ | ৫৩৪৬৩.৬২ | ৪২২৩২২.৬০ |
| | পানি লাউ | ৫১১৭৬.১৪ | ২৮৩৯১৮.৪৫ | ৪৯৭৩৯.৭২ | ২৮৪২৬১.০৫ |
| | টমেটো | ৭৩১৫১.৫৫ | ৪৪২২৯৯.৬০ | ৭৬৯৪৩.১৪ | ৪৬৯২০৪.৪৯ |
| | মুলা | ৬৬৫৮২.৭৮ | ৩২১৭১২.৭৬ | ৬৭৩৮০.৩৮ | ৩৪০৬৮৭.০৬ |
| | সীম | ৫৬৯৪০.৬২ | ১৭০০৬৬.৭৯ | ৬৩৬৭৫.৭৪ | ২২৮১১৪.৮৩ |
| | গাজর | ৬১৮৪.৯৪ | ৩১১৪৯.৭৭ | ৬৪৮৮.৫৬ | ৩৫২৭০.৬১ |
| | পালং শাক | ২৪৫০৯.৭৯ | ৬১৮৫৯.৪৯ | ২৪৫৪৭.৫৩ | ৬৩৩৬৭.৭৭ |

| ফসলের গ্রুপ | ফসলের নাম | ২০২১-২২ | | ২০২২-২৩ | |
|---|---|---|---|---|---|
| | | আবাদি জমির আয়তন(একর) | উৎপাদন (মে.টন) | আবাদি জমির আয়তন(একর) | উৎপাদন (মে.টন) |
| | লাল শাক | ৩২২৪৫.৭৭ | ৭২৭১৬.২৪ | ৩২৪৫১.২৩ | ৬৯৯৩৩.৮৬ |
| | লাউ শাক | ১৭৭২২.০৯ | ৩৫৬৩৮.২৪ | ১৭৩৪৮.৮১ | ৩৪১৫৬.৯১ |
| ফল (অস্থায়ী) | পাকা কলা | ১২২৫৮৫.৪৫ | ৮২৬১৭৯.৬২ | ১২২৬০৩.৩৮ | ৮৪০৩৬২.৬৭ |
| | আনারস | ৩৩৫৮১.৮৭ | ২০৬১৬৪.৫১ | ৩২৪৬৩.৩৬ | ১৯৬৭৩৫.৭৮ |
| | বাংগী | ১০২৬৪.০০ | ৪৯৫৭২.৭৮ | ১০৪২২.৪৯ | ৫০৮১২.৭৩ |
| | তরমুজ | ৫৭৮৬৫.০৫ | ৫৫০৩৬৭.৫৩ | ৫৮৭৫৭.৪৪ | ৫৫৫৮৩৮.১৪ |
| | স্ট্রবেরী | ৬৫.৮৩ | ১৬৭.৬৬ | ৮৪.৭৪ | ২১০.৬৮ |
| | পানি ফল | ৪৫৩.২০ | ২০৩৭.০৩ | ৪৭৫.৩৪ | ২৩০৪.৮৮ |
| ফল (স্থায়ী) | আম | ২৯৯০৫৪ | ১২০৭৪৪৬ | ৩০৬২৭৪.৩২ | ১৪৮২৯৩৭.০৪ |
| | কাঁঠাল | ৬৯১৬১ | ১০৪৯৮৯০ | ৭৫৮৪২.০৪ | ১০৬২৩০২.২৮ |
| | কমলা | ২১৮৮.১৪ | ৩৫৫০.৬৮ | ২৪৩৯.৪৫ | ৩৬১৬.৪৩ |
| | কুল | ৪০৪৩৬.৬২ | ৯৪৮৭৭.৪ | ১৭৩৫৭.৮০ | ৯৬৮৪৪.২৯ |
| | জামরুল | ৬১৪৭.৪৭ | ১৩৩৬৩.১৮ | ৫৯৫২.৫৮ | ১৩১১০.৪১ |
| | কামরাংগা | ৩৯৬১.১৬ | ১৪৯৩১.৫৭ | ৩৮৩২.৮৩ | ১৪৫৯১.৮৮ |
| | জলপাই | ৫১০১.২২ | ১৮৪৯৬.৪০ | ৪৭৯৪.৪৩ | ১৮৮২৫.৯৭ |
| | আমড়া | ১১৭৩৭ | ৪৩৮০১.১২ | ১১২৬১.২৫ | ৪৩৮৮০.৭৮ |
| | তেঁতুল | ৬৩৭৭.০৩ | ১০২৩৮.৭৯ | ৫৮৭২.০৬ | ১০৮৪৪.২৮ |
| | লিচু | ২০৩৮৮.৫৩ | ৯২৯৫৮.৪১ | ২১৭৫৯.২৩ | ১০৪৭০৮.৩৪ |
| | পেয়ারা | ৪৪৭৪২.০০ | ২৪৪৮৫৭.০০ | ৪৫৩৮৬.৯৪ | ২৫৬১০৫.৫৬ |
| | লেবু | ৩০২৪৮.২২ | ৯৫৪১১.৮৯ | ৩৩০৮৭.৫৭ | ৯৯৯৩০.৮৭ |
| | জাম্বুরা/ বাতাবি লেবু | ১৩৯৮.১২ | ৭৬৩৬৪.৬৩ | ১৮৮০০.০৭ | ৭১৭৮৫.২৮ |
| | পাকা পেঁপে | ১২২৯৯.৭৯ | ১৪৭৩৫০.৬৬ | ১৭৯৮১.৮১ | ১৪৫৩১৬.৮২ |
| | ডাব | ৬১০৯৩.৮৯ | ৪৫৮৮৫৫.২৪ | ৫৫৩৬০.২৮ | ৪৫৭০৮৮.২১ |
| | বেল | ১৭৯৭৫.৩৪ | ২৯৩০৫.৭৫ | ১৮৩৩৫.৯২ | ৩০৪৪১.২৩ |
| | কাল জাম | ১৩৩৫৭.২৯ | ৫৪১৩৫.৮৮ | ১২৬২৬.১৫ | ৫৩৩৪৩.৯৩ |
| ফুল জাতীয় | গোলাপ ফুল | ৬০৮.০৯ | ২২১৪০.১৪ | ৬৬৭.৩৭ | ২১৪৮৮.৬৪ |
| | গাঁদা | ১০২২.৭৬ | ১৭৭৭.৫৪ | ১১২৪.৯২ | ২৮৮১.৪১ |
| | রজনীগন্ধা | ১২১৭.১৩ | ৪০৯৮.৪৩ | ৬৬৩.০০ | ৩৪৪৮.৮৭ |
| | গ্লাডিওলাস | ৫৫৭.৫০ | ৩৭৯৩.৫৫ | ৪৭৩.৪৯ | ২৯৮৯.৫৮ |
| অন্যান্য ফসল | মিষ্টি আলু | ৭১৫১০.৮১ | ৩০৩৭১০.০৫ | ৬৮৭০৮.০১ | ২৯৭৫৮৪.৬১ |
| | তুঁত | ৭৩৩.০০ | ২৯৪৩৫.০০ | ৬১৩.০২ | ২২৯০৫.৪৭ |
| | গো-খাদ্য | ৪৯১৪০.৮৪ | ৫৪১২৫৫.৬৬ | ৫০০৫০.৫০ | ৪২৪১৭৮.৪০ |

## ২.৪। কৃষি মজুরি হার:

বিবিএস মাসিক ভিত্তিতে কৃষি মজুরি হার সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন করে থাকে। কৃষি মজুরি হার সংগ্রহের জন্য প্রতি উপজেলা হতে নমুনা ভিত্তিতে ১০ জন কৃষি দিনমজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে উপজেলার কৃষি মজুরের হার নিরূপণ করা হয়। কৃষি দিনমজুর পাওয়া না গেলে যারা কৃষি কাজের জন্য দৈনিক ভিত্তিতে মজুর নিয়োগ করেছেন এমন কৃষকের নিকট থেকে তথ্য নেয়া হয়। ১৫ বছর এবং তদূর্ধ্ব বয়সের পুরুষ এবং মহিলা শ্রমিকের মজুরি হার আলাদা আলাদা নেয়া হয়। সকল জেলার মজুরি হার পাওয়ার পর এর ভিত্তিতে বাংলাদেশের কৃষি মজুরি হার নিরূপণ করা হয়।

**২০২৩ সনের খোরাকী ছাড়া এবং খোরাকীসহ পুরুষ ও মহিলা ভেদে কৃষি মজুরির হার নিম্নরূপ:**

(পারিশ্রমিক টাকায়)

| ক্র: নং | মাসের নাম | খোরাকীসহ | | | | | | খোরাকী ছাড়া | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | একবেলা | | দুইবেলা | | তিনবেলা | | | |
| | | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা |
| ০১. | জানুয়ারি/ ২০২৩ | ৪৯০ | ৩৬০ | ৪৭৭ | ৩৪২ | ৪২৫ | ৩৫৯ | ৫৩৪ | ৩৮০ |
| ০২. | ফেব্রুয়ারি/২০২৩ | ৪৮৯ | ৩৫৮ | ৪৭৬ | ৩৫১ | ৪৮৫ | ৩৬৩ | ৫২৯ | ৩৭৮ |
| ০৩. | মার্চ/ ২০২৩ | ৪৮৬ | ৩৫৪ | ৪৭৫ | ৩৪২ | ৪৮১ | ৩৬৯ | ৫৩১ | ৩৮৫ |
| ০৪. | এপ্রিল/ ২০২৩ | ৫২১ | ৩৭৩ | ৪৯৫ | ৩৬০ | ৫৪৬ | ৪০৬ | ৫৭৯ | ৪১৭ |
| ০৫. | মে/ ২০২৩ | ৫৪২ | ৪০২ | ৫১১ | ৩৮৮ | ৫১৮ | ৩৯১ | ৫৭৯ | ৪২৭ |
| ০৬. | জুন/ ২০২৩ | ৫০১ | ৩৭০ | ৪৭০ | ৩৫৬ | ৪৮১ | ৩৮৭ | ৫৪০ | ৩৯১ |
| ০৭. | জুলাই/ ২০২৩ | ৫১১ | ৩৮১ | ৪৯৩ | ৩৭৪ | ৪৭৬ | ৩৮১ | ৫৪৮ | ৩৯৫ |
| ০৮. | আগস্ট/ ২০২৩ | ৫০৬ | ৩৭৬ | ৪৯৮ | ৩৭৬ | ৪৮২ | ৪১৬ | ৫৫৩ | ৪০৬ |
| ০৯. | সেপ্টেম্বর/ ২০২৩ | ৫০৭ | ৩৭৬ | ৪৮৭ | ৩৫৫ | ৪৮৪ | ৩৯২ | ৫৪৯ | ৪১১ |
| ১০. | অক্টোবর/ ২০২৩ | ৫০৭ | ৩৮৫ | ৪৮৯ | ৩৬৫ | ৪৭৩ | ৩৭৩ | ৫৪১ | ৪১০ |
| ১১. | নভেম্বর/ ২০২৩ | ৫৪৭ | ৪১৪ | ৫১৬ | ৩৯৪ | ৫০০ | ৩৯৩ | ৫৬৩ | ৪৩২ |
| ১২. | ডিসেম্বর/ ২০২৩ | ৫২৯ | ৩৯২ | ৫০২ | ৩৭৯ | ৪৬৮ | ৩৭৪ | ৫৬১ | ৪১২ |

## ২.৫। ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান

- ২০২০-২১ সনের সেচ পরিসংখ্যানের কাজ সম্পন্ন হয়েছে।
- ২০২০-২১ সনের ভূমি ব্যবহার পরিসংখ্যানের কাজ সম্পন্ন হয়েছে।

## ২.৬। এগ্রিকালচার উইং কর্তৃক সম্পাদিত কার্যক্রম, ২০২২-২০২৩ অর্থ বছর।

- ৬টি প্রধান ফসলের উৎপাদন ও আয়তনের হিসাব প্রাক্কলন করা হয়েছে;
- ১৪০টি অপ্রধান ফসলের উৎপাদন ও আয়তনের হিসাব প্রাক্কলন করা হয়েছে;
- "কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২২" প্রকাশিত হয়েছে।

## ২.৭। এ পর্যন্ত বিবিএস প্রকাশিত উল্লেখযোগ্য প্রতিবেদন/প্রকাশনার বিবরণঃ

| ক্রমিক নং | প্রকাশনার নাম | প্রকাশের সন | প্রকাশ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২২ | ২০২৩ | সিরিজ-৩৪ | |

## ৩.০ সেন্সাস উইং (CENSUS WING) :

সেন্সাস উইং, বাংলাদেশ পরিংসখ্যান ব্যুরোর অধীন আটটি উইং এর মধ্যে অন্যতম। দেশের জনসংখ্যা, গৃহগণনা সংক্রান্ত সময়াবদ্ধ শুমারি এবং শিক্ষা ও সামাজিক পরিসংখ্যান সংক্রান্ত জরিপ পরিচালনা করে থাকে। এছাড়া শুমারির মধ্যবর্তী সময়ে বিভিন্ন বিষয়ে এডহক শুমারি ও জরিপ পরিচালনা করে। দুটো শুমারির মধ্যবর্তী সময়ে জনসংখ্যার প্রক্ষেপণ ও পরবর্তী সময়ে দীর্ঘকালীন জনসংখ্যা প্রক্ষেপণ এ উইং করে। সেন্সাস উইং চাহিদার ভিত্তিতে জনসংখ্যা এবং শিক্ষা ও সামাজিক পরিসংখ্যান সংক্রান্ত জরিপ আন্তর্জাতিক ক্ষেত্রে সরবরাহ করে থাকে।

### ৩.১ সেন্সাস উইং (CENSUS WING) এর কার্যাবলি:

- দেশের জনসংখ্যা ও গৃহগণনা periodical শুমারি এবং শিক্ষা ও সামাজিক পরিসংখ্যান জরিপ পরিচালনা;
- সরকারের বিভিন্ন চাহিদা অনুযায়ী বিষয়ভিত্তিক এডহক শুমারি ও জরিপ পরিচালনা;

- দুই শুমারির মধ্যবর্তী সময়ে জনতাত্ত্বিক সূচকের ভিত্তিতে জনসংখ্যার প্রাক্কলন এবং তৎপরবর্তী সময়ে দীর্ঘকালীন জনসংখ্যার প্রক্ষেপণ;
- পরিসংখ্যান আইন, ২০১৩ এর ধারা-১১ অনুযায়ী 'সংস্থা কর্তৃক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ নীতিমালা, ২০১৪' এবং 'সংস্থা কর্তৃক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ নীতিমালা, ২০১৬' এর আওতায় বিবিএস যে সকল বিষয়ে শুমারি ও জরিপ পরিচালনা করে না, সেসকল বিষয়ে সরকারের অন্য কোন সংস্থা শুমারি বা জরিপ পরিচালনা করার আবেদন করলে 'অনাপত্তি সনদ' প্রদান সংক্রান্ত কার্যক্রম পরিচালনা;
- জনশুমারি ও গৃহগননা এবং খানার (Household) আয়-ব্যয় জরিপের তথ্যের ভিত্তিতে Small Area Estimation Methodology অনুসরণপূর্বক দেশের ক্ষুদ্র এলাকাভিত্তিক দারিদ্র মানচিত্র প্রণয়ন;
- সরকারের পরিকল্পনা ও নীতি নির্ধারণের জন্য মাঠপর্যায় হতে প্রশাসনিক তথ্য সংগ্রহ ও সংকলন ।

## ৩.২ ২০২৩ সালের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত সেন্সাস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক সম্পাদিত কর্মকান্ডের বার্ষিক প্রতিবেদন:

**সেন্সাস উইং-এর শাখা ভিত্তিক সম্পাদিত কার্যাবলি**

**১) ডাটা ম্যানেজমেন্ট শাখা:**

**২০২৩ সালের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত সেন্সাস উইং-এর** ডাটা ম্যানেজমেন্ট শাখা কর্তৃক জরিপ/শুমারি/প্রতিবেদন প্রকল্পে অনাপত্তি প্রদান সংক্রান্ত:

- মোট আবেদনের সংখ্যা- ০৯ টি
- অনাপত্তি প্রদান করা হয়েছে- ০৭ টি
- অনাপত্তি প্রদান করা হয়নি- ০২ টি

| ক্রমিক নং | আবেদনকারী সংস্থার নাম | আবেদনের উদ্দেশ্য | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | "Prevalence of childhood asthma in Bangladesh: The first national survey based study" শীর্ষক জরিপ কার্যক্রম পরিচালনা । | শর্তসাপেক্ষে অনাপত্তি প্রদান করা হয়েছে। |
| ২ | ঢাকা আহছানিয়া মিশন | ঢাকা আহছানিয়া মিশন এবং World Health Organization এর যৌথ আয়োজনে "World Health Survey Plus ( WHS+) " শীর্ষক জরিপ কার্যক্রম পরিচালনা । | পর্যালোচনা করে শর্ত পুরন না হওয়ায় অনাপত্তি প্রদান করা হয় নাই। |
| ৩ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | "প্রাথমিক বিদ্যালয় শুমারি (APSC)- ২০২৩" শীর্ষক শুমারি কার্যক্রম পরিচালনা, প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ। | শর্তসাপেক্ষে অনাপত্তি প্রদান করা হয়েছে। |
| ৪ | স্বাস্থ্য ও সেবা বিভাগ , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য ও সেবা বিভাগের অধীনস্থ ক্লাইমেট চেঞ্জ এন্ড হেলথ প্রমোশন ইউনিট (সিসিএইচপিইউ), জলবায়ু পরিবর্তন ও স্বাস্থ্য সুরক্ষা বিষয়ে একটি পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ। | অনাপত্তি প্রদান করা হয়েছে। |
| ৫ | স্বাস্থ্য অধিদপ্তর | ননকমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম এর | অনাপত্তি প্রদান করা হয়েছে। |

| ক্রমিক নং | আবেদনকারী সংস্থার নাম | আবেদনের উদ্দেশ্য | মন্তব্য |
|---|---|---|---|
| | | "Prevalence and risk factors for morbidity in relation to National Health Injury Survey Bangladesh 2022-23"শীর্ষক জরিপ কার্যক্রম পরিচালনা। | |
| ৬ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন মৎস্য অধিদপ্তর | মৎস্য অধিদপ্তর কর্তৃক "Yearbook of Fisheries Statistics of Bangladesh, 2023-24" শীর্ষক একটি প্রতিবেদন প্রকাশ। | অনাপত্তি প্রদান করা হয়েছে। |
| ৭ | বাংলাদেশ শিশু একাডেমি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। | বাংলাদেশ শিশু একাডেমি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সমাজভিত্তিক শিশু শিশুযত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুর প্রারম্ভিক বিকাশ ও সুরক্ষা এবং প্রকল্পের আওতায় সাতার সুবিধা প্রদান শীর্ষক "Baseline And Kap Analysis Survey For Integrated Community Based Centre For Child Care, Protection And Swim safe Facilities Project" পরিচালনা, প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ। | অনাপত্তি প্রদান করা হয় নাই। |
| ৮ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | "প্রাথমিক বিদ্যালয় শুমারি (APSC)-২০২৩" শীর্ষক শুমারি কার্যক্রম পরিচালনা, প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | অনাপত্তি প্রদান করা হয়েছে। |
| ৯ | মেডিসিন বিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ | মেডিসিন বিভাগচট্টগ্রাম মেডিকেল কলেজ কর্তৃক , জাতীয় পর্যায়ে বিষক্রিয়া এর অবস্থা যাচাই সংক্রান্ত "Pattern of poisoning, their outcome and the economic impact in the Community: Nationwide survey in Bangladesh" শীর্ষক জরিপ কার্যক্রম পরিচালনা। | অনাপত্তি প্রদান করা হয়েছে। |

২। **২০২৩ সালের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত সেন্সাস উইং**-এর ডাটা ম্যানেজমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন দপ্তর/সংস্থা/বিভাগকে তথ্য প্রদান সংক্রান্ত:

- মোট আবেদনের সংখ্যা- ০৯ টি
- তথ্য প্রদান করা হয়েছে- ০৯ টি

| ক্রমিক নং | আবেদনকারী সংস্থার নাম | আবেদনের উদ্দেশ্য | অনাপত্তি প্রদান |
|---|---|---|---|
| ১ | পররাষ্ট্র মন্ত্রণালয় | বাংলাদেশ ডায়েরী প্রণয়নের জন্য তথ্য সরবরাহ | তথ্য প্রদান করা হয়েছে |
| ২ | সমাজসেবা অধিদপ্তর | বাংলাদেশের হিজড়াবেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর , ডাটাবেইজ প্রস্তুতের নিমিত্ত হালনাগাদ জরিপ এবং বিস্তারিত তথ্য উপাত্ত সরবরাহ। জনশুমারির আলোকে | তথ্য প্রদান করা হয়েছে |
| ৩ | দুর্যোগ অধিদপ্তর | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক ২০২১ ২২-অর্থবছরের সর্বশেষ জনশুমারি তথ্য প্রদান | তথ্য প্রদান করা হয়েছে |

| ক্রমিক নং | আবেদনকারী সংস্থার নাম | আবেদনের উদ্দেশ্য | অনাপত্তি প্রদান |
|---|---|---|---|
| ৪ | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক ২০২১ ২২-শেষ জনশুমারি তথ্য প্রদানঅর্থবছরের সর্ব | তথ্য প্রদান করা হয়েছে |
| ৫ | পররাষ্ট্র মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ডায়েরী প্রণয়নের জন্য তথ্য সরবরাহ | তথ্য প্রদান করা হয়েছে |
| ৬ | বাংলাদেশ নির্বাচন কমিশন | আদমশুমারি ও গৃহগণনা ২০১১ এর প্রতিবেদন অনুযায়ী ইউনিয়ন পৌরসভা ,উপজেলা ,এবং সিটি কর্পোরেশনের ওয়ার্ড ভিত্তিক জনসংখ্যার তথ্য প্রেরণ | তথ্য প্রদান করা হয়েছে |
| ৭ | গাজীপুর সিটি কর্পোরেশন | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক আদম শুমারি ও গৃহগণনা ১৯৯১,২০০১, ২০১১ এবং জনশুমারি ও গৃহগণনা ২০২২ প্রতিবেদন অনুযায়ী জনসংখ্যার তথ্য সরবরাহ | তথ্য প্রদান করা হয়েছে |
| ৮ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | জনশুমারি ও গৃহগণনা ২০২২ থেকে Projected Single Age Population এর তথ্য প্রদান | তথ্য প্রদান করা হয়েছে |
| ৯ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | জনশুমারি ও গৃহগণনা ২০২২ থেকে Special needs Childrens ( Disability) Projected Single Age Population এর তথ্য প্রদান সংক্রান্ত। | তথ্য প্রদান করা হয়েছে |

৩। **২০২৩ সালের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত সেন্সাস উইং-**এর ডাটা ম্যানেজমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠান কে জরিপ কাজে সহযোগিতা প্রদান সংক্রান্ত:

| ক্রমিক নং | প্রতিষ্ঠান | সহযোগিতার ধরন |
|---|---|---|
| ১ | ঢাকা আহছানিয়া মিশন | ঢাকা আহছানিয়া মিশন এবং World Health Organization এর যৌথ আয়োজনে "World Health Survey Plus ( WHS+) " শীর্ষক জরিপ কার্যক্রম পরিচালনার জন্য Sampling Design এবং PSU নির্ধারন করে দেয়া হয়েছে। |
| ২ | নৌপরিবহন অধিদপ্তর | নৌশুমারির কার্যক্রম পরিচালনা |
| ৩ | স্বাস্থ্য অধিদপ্তর | ননকমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম এর "Prevalence and risk factors for morbidity in relation to National Health Injury Survey Bangladesh 2022-23"শীর্ষক জরিপ কার্যক্রম পরিচালনার জন্য Sampling Design এবং PSU নির্ধারণ করে দেয়া হয়েছে। |
| ৪ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য ও সেবা বিভাগের অধীনস্থ ক্লাইমেট চেঞ্জ এন্ড হেলথ প্রমোশন ইউনিট (সিসিএইচপিইউ), জলবায়ু পরিবর্তন ও স্বাস্থ্য সুরক্ষা বিষয়ে একটি পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করতে অনাপত্তি প্রদান করার পাশাপাশি Sampling Design এবং PSU নির্ধারনে সার্বিক সহযোগিতা প্রদান করা হয়েছে। |

৪। **২০২৩ সালের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত সেন্সাস উইং-**এর ডাটা ম্যানেজমেন্ট শাখা কর্তৃক অন্যান্য কার্যাবলি:

- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় Capacity Development for Education (CapEd) Second Phase বাস্তবায়নে ইউনেস্কোর সঙ্গে ব্যানবেইসসহ চলমান কার্যক্রমে সহযোগিতা প্রদান।
- এসডিজির ক্লাস্টার ফোকাল পয়েন্ট হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তরের সংগে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা, SDG বিষয়ক সভা/সেমিনারে অংশগ্রহণ, প্রযোজ্য ক্ষেত্রে কারিগরি সহযোগিতা প্রদান এবং জাতীয় উপাত্ত সমন্বয় কমিটির আওতায় অপরাধ, সুশাসন ও স্বচ্ছতা, আর্থসামাজিক, এবং শিক্ষা বিষয়ক কারিগরি কমিটির সভা আয়োজন।

- Household Based Education Survey পরিচালনার জন্য DPP প্রণয়ন করে প্রথমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং পরিবর্তীতে এ বিভাগের পর্যালোচনা সভার সুপারিশ অন্তর্ভুক্তক্রম পরিকল্পনা কমিশনে ডিপিপি প্রেরণ করা হয়েছে।
- জেলাভিত্তিক উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে ডাটাবেইজ আধুনিকায়ন শীর্ষক প্রকল্পের DPP প্রণয়ন করে SID তে প্রেরণ করা হয়েছে ।
- টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)র সূচক ২.১.২ এর তথ্য হালনাগাদের জন্য বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক চাহিত ডাটা প্রদান বিষয়ক একটি পর্যালোচনা সভার আয়োজন করা হয়েছে এবং সে অনুযায়ী কমিটি গঠন করা হয়েছে ।
- প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি ২০২৩ এর পিইসি এর কাজে ব্যানবেইজ-কে কারিগরি সহযোগিতা প্রদান
- এসডিজি সেল, এসআইডি ও এসডিজি সেল, বিবিএস চাহিদা মোতাবেক সময়ে সময়ে বিভিন্ন তথ্যাদি প্রেরণ
- বিভিন্ন দপ্তরের চাহিদা অনুযায়ী জনসংখ্যা/শিক্ষা ইত্যাদি সংক্রান্ত তথ্য সরবরাহ।

**২) প্রশাসন ও সমন্বয় শাখা**

**২০২৩ সালের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত সেন্সাস উইং**-এর প্রশাসন ও সমন্বয় শাখা কর্তৃক সম্পাদিত কার্যাবলি:

- কর্মকর্তা/কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল হতে ফেরতযোগ্য/ অফেরতযোগ্য অগ্রিম উত্তোলন সংক্রান্ত নথিসমূহ সম্পাদন;
- কর্মকর্তা/কর্মচারীদের অর্জিত ছুটি মঞ্জুর;
- কর্মকর্তা/কর্মচারীদের শেষ বেতনের প্রত্যয়নপত্র CAFO অফিসে প্রেরণ;
- কর্মচারীদের পুলিশ তদন্ত রিপোর্ট সংগ্রহে আবেদন পত্র ও অন্যান্য কাগজপত্রাদি প্রেরণ;
- কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি ও বিনোদন ছুটির মঞ্জুরিপত্র জারি,বিল প্রস্তুত ও প্রেরণ;
- কর্মকর্তা/কর্মচারীদের পেনশন ও পারিবারিক পেনশন সংক্রান্ত সংক্রান্ত কাজ সম্পাদন;
- কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য শিক্ষাবৃত্তির আবেদন সংক্রান্ত কাজ সম্পাদন;
- কর্মকর্তা/কর্মচারীদের না দাবী সংক্রান্ত প্রত্যয়নপত্র প্রদান সংক্রান্ত কাজ সম্পাদন;
- কর্মকর্তা ও কর্মচারীদের অনাপত্তি প্রদান সংক্রান্ত কাজ সম্পাদন;
- কর্মকর্তা/কর্মচারীদের বদলিজনিত কর্মস্থলে যোগদানের নিমিত্ত অবমুক্তি প্রদান;
- বিদ্যমান জনবল ও শূণ্য পদের মাসিক প্রতিবেদন প্রেরণ ;
- কর্মকর্তা/কর্মচারীদের ২০২২ সনের গোপনীয় অনুবেদনের জন্য প্রেরণ;
- উইং-এর শৃঙ্খলা রক্ষার্থে বিভিন্ন প্রশাসিনক কার্যক্রম সম্পাদন;
- অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুর এবং পারিবারিক পেনশন মঞ্জুরি ও বিল সংক্রান্ত;
- অবসর, অবসরোত্তর ছুটি (পিআরএল) এবং ছুটির নগদায়ন (লাম্পগ্র্যান্ট) মঞ্জুরি ও বিল সংক্রান্ত;
- GPF থেকে টাকা (চূড়ান্ত/অগ্রিম) উত্তোলন ও বিল সংক্রান্ত ;
- বহি:বাংলাদেশ (অর্জিত) ছুটি মঞ্জুর সংক্রান্ত;
- চিকিৎসাজনিত কারণে আর্থিক সাহায্য সংক্রান্ত;
- কর্মকর্তা/কর্মচারীদের যোগদান গ্রহণ/পৃষ্ঠাংকন সংক্রান্ত;
- কারণ দর্শানোর নোটিশ সংক্রান্ত;
- ELPC/LPC প্রদান সংক্রান্ত;
- ইউনোট প্রেরণ সংক্রান্ত কাজ;
- উচ্চতর গ্রেড মঞ্জুর সংক্রান্ত;

- দিবস উদযাপন সংক্রান্ত কাজ;
- প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়ন সংক্রান্ত;
- চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত;
- অনলাইনে নির্ধারিত বেতন বিবরণী বাতিল সংক্রান্ত;
- অধিকাল ভাতা সংক্রান্ত;
- কর্মচারীদের ভ্রমণ ভাতা ও বদলিজনিত বিল সংক্রান্ত;
- সংবাদপত্র পরিশোধ সংক্রান্ত বিল;
- বিভিন্ন বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক চাহীত তথ্য প্রেরণ সংক্রান্ত;
- সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আদেশ মোতাবেক ব্যবস্থা গ্রহণ;

**৩) শুমারি শাখা**

**২০২৩ সালের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত সেন্সাস উইং**-এর শুমারি শাখা কর্তৃক সম্পাদিত কার্যাবলি:

- শুমারি পরবর্তী কার্যাবলি শাখার ক্যালেন্ডার অনুযায়ী সম্পাদন;
- পরিচালকের নির্দেশক্রমে জনশুমারির সার্বিক কার্যাবলি সম্পাদন;
- ভবিষ্যত শুমারি কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন;
- শুমারি কার্যক্রম পরিচালনায় সংশ্লিষ্ট শুমারি ইউনিটকে কারিগরি রেফারেল সহযোগিতা প্রদান;
- শুমারি সংক্রান্ত অন্যান্য কার্যাবলি পরিচালনা;
- প্রান্তিক জনগোষ্ঠী সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন ও সরবরাহ করা;

**৪) মাঠ জরিপ শাখা**

**২০২৩ সালের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত সেন্সাস উইং**-এর মাঠ জরিপ শাখা কর্তৃক সম্পাদিত কার্যাবলি:

১। উইং সংশ্লিষ্ট বিভিন্ন জরিপের ডিপিপি/টিএপিপি প্রস্তুত করা ।
২। এনএসডিএস এর ফোকাল পয়েন্ট হিসেবে এনএসডিএস কর্তৃক প্রস্তুতকৃত ডেলিভারেবল বিষয়ে উইংয়ের মতামত প্রদান এবং এনএসডিএস সংশিষ্ট বিবিধ কাজের সমন্বয় করা ।
৩। এসডিজি-১৬ ও জাতীয় সমন্বয় কমিটির আওতায় অপরাধ, সুশাসন ও স্বচ্ছতা বিষয়ক বিভিন্ন সভা/সেমিনারে অংশগ্রহণ প্রযোজ্য ক্ষেত্রে কারিগরি সহায়তা করা।
৪। পরিচালক ও যুগ্মপরিচালকের নির্দেশনা মোতাবেক অন্যান্য কার্যক্রম সম্পাদন।
৫। এনএইচডি প্রকল্প সংক্রান্ত বিবিধ কাজের সমন্বয় করা।

**৫। আওতাধীন প্রকল্প:**

অত্র উইং এর অধীন ০৩ টি প্রকল্প রয়েছে। যথা:
ক। জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প
খ। উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (LAS) (প্রকল্প সমাপ্ত প্রকল্প)
গ। সিটিজেন পারসেপশন সার্ভে প্রকল্প

**ক) জনশুমারি ও গৃহগনাণ ২০২১ প্রকল্প:** প্রকল্পটির বাস্তবায়নকাল ১ জুলাই ২০১৯ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত। উক্ত প্রকল্পের আওতায় জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর মূল শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রম Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতির মাধ্যমে ডিজিটাল শুমারি সম্পন্ন করা হয়েছে। এছাড়া আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। (বিস্তারিত তথ্য প্রকল্প সংশ্লিষ্ট অংশে দেয়া হয়েছে)

**খ) টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (LAS) প্রকল্প:** প্রকল্পটির বাস্তবায়নকাল ০১ জানুয়ারি ২০২১ হতে ৩০ জুন ২০২৩ খ্রি. পর্যন্ত । ১-২০ মার্চ ২০২৩ পর্যন্ত মোট ২০ দিনব্যাপী CAPI অ্যাপস এবং Web

Application ব্যবহার করে তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করে যথাসময়ে রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। (বিস্তারিত তথ্য প্রকল্প সংশ্লিষ্ট অংশে দেয়া হয়েছে।)

২০২৩ সালের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত উল্লেখযোগ্য কার্যক্রম:

### ক) জনশুমারি ও গৃহগনাণ ২০২১ প্রকল্প:

১. আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩:

জনশুমারি ও গৃহগণনা এর একটি গুরুত্বপূর্ণ অংশ হলো সংক্ষিপ্ত প্রশ্নপত্রের আলোকে মূল শুমারি সম্পন্নের অব্যবহিত পর তুলনামূলক দীর্ঘ প্রশ্নপত্রের মাধ্যমে নির্দিষ্ট সংখ্যক নমুনা খানা হতে বিস্তারিত আর্থসামাজিক তথ্যসংগ্রহ করা। এটি আর্থসামাজিক ও জনমিতিক জরিপ নামে পরিচিত।

জনশুমারি ও গৃহগণনা-তে জনসংখ্যা সম্পর্কিত তথ্যাবলি একটি সংক্ষিপ্ত প্রশ্নপত্রের মাধ্যমে সংগ্রহ করা হয় যেখানে জনসংখ্যা, জন্ম, মৃত্যু, স্যানিটেশন ও অন্যান্য গুরুত্বপূর্ণ প্রশ্নগুলোকে অগ্রাধিকার ভিত্তিতে রাখা হয়। শুমারি পরবর্তী সময়ে আর্থসামাজিক ও জনমিতিক জরিপের মাধ্যমে একটি দীর্ঘ প্রশ্নপত্র ব্যবহার করে দেশের জনসংখ্যার বর্তমান অবস্থা মূল্যায়ন করতে জন্ম, মৃত্যু, অভিবাসন, আবাসন, স্বাস্থ্য, স্যানিটেশন, বিদ্যুৎ, খাবার পানির প্রাপ্যতা ইত্যাদি সম্পর্কিত বিস্তারিত তথ্যসংগ্রহ করা হয়। দেশের জনগণের আর্থসামাজিক ও জনমিতিক বিষয়ের বিশদ তথ্য আর্থসামাজিক ও জনমিতিক জরিপের মাধ্যমে সংগ্রহ করা হয়। পরবর্তী সময়ে এসব তথ্য বিশ্লেষণ করে বিভিন্ন ধরনের রিপোর্ট প্রকাশ করা হবে যা-দেশের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

#### ১.১ আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ এর প্রশ্ন চূড়ান্তকরণ:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' শীর্ষক প্রকল্পের আওতায় 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩' পরিচালনার লক্ষ্যে পর্যায়ক্রমে প্রকল্প টিম, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত বিভিন্ন জরিপ এবং পূর্বের নমুনা শুমারির প্রশ্নপত্রের সাথে প্রশ্নপত্র বিশ্লেষণ, বিবিএস বিভিন্ন পর্যায়ের উর্ধতন কর্মকর্তাগণ, টেকনিক্যাল সাপোর্ট টিম এবং প্রফেসর'স ফোরাম কর্তৃক পর্যালোচনা করে জরিপের প্রশ্নপত্র চূড়ান্ত করা হয়।




চিত্র :১-বিবিএস এর বিভিন্ন পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাগণের অংশগ্রহণে 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩' এর খসড়া প্রশ্নপত্র বিষয়ক কর্মশালা।



চিত্র-২: বিবিএস এর বিভিন্ন
পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাগণের অংশগ্রহণে ‘আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩’ এর খসড়া প্রশ্নপত্র বিষয়ক কর্মশালার টেকনিক্যাল সেশনের চিত্র।




চিত্র-৩: **‘আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ’ পরিচালনার লক্ষ্যে এর খসড়া প্রশ্নপত্রের ওপর মতামত ও পরামর্শ গ্রহণের নিমিত্ত বিভিন্ন উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি, পরিসংখ্যান এবং তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সমন্বয়ে আয়োজিত কর্মশালার চিত্র।**

### ১.২ প্রশ্নপত্র প্রি-টেস্ট ও CAPI Apps এর ফিল্ড টেস্ট:

আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ’ এর পূর্বপ্রস্তুতিমূলক কর্মকান্ডের অংশ হিসেবে মাঠ পর্যায়ের প্রশ্নপত্র প্রি-টেস্ট ও CAPI Apps এর ফিল্ড টেস্ট পরিচালিত হয় ১০ হতে ১৬ মে ২০২৩ সময়ে।

### ১.৩ আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ এর প্রশিক্ষণ:

‘আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩’ পরিচালনার লক্ষ্যে ১২-১৫ মে ২০২৩, মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণ দেয়া হয় এবং পরবর্তীতে ১৭-২০ মে ২০২৩ মাঠপর্যায়ে মাস্টার ট্রেইনারগণ কর্তৃক উপজেলা সুপারভাইজিং কর্মকর্তা এবং তথ্যসংগ্রহকারীদের প্রশক্ষণ প্রদান করা হয়।




চিত্র-৪: 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩' পরিচালনার লক্ষ্যে ১২-১৫ মে ২০২৩ সময়ব্যাপী মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণ এর চিত্র।






চিত্র-৫: 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩' পরিচালনার লক্ষ্যে মাঠপর্যায়ে উপজেলা সুপারভাইজিং কর্মকর্তা এবং তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ।

### ১.৪ আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ এর তথ্যসংগ্রহ কার্যক্রম :

২১ মে - ২২ জুন ২০২৩ সময়ে মাঠ পর্যায়ে CAPI Apps ব্যবহার করে ডিজিটাল ডিভাইস ট্যাবলেট এর মাধ্যমে আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ' এর তথ্য সংগ্রহ করা হয়।

### ১.৫ আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ এর কোডিং, এডিটিং ও ডাটা ভ্যালিডেশন কার্যক্রম:

বিবিএস সদর দপ্তর হতে কেন্দ্রীয়ভাবে মাঠ পর্যায়ের কার্যক্রম রিয়েল টাইম মনিটরিংয়ের জন্য একটি অত্যাধুনিক NOC রুম স্থাপন করা হয়েছে। NOC এর মাধ্যমে 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ' তথ্য তাৎক্ষণিক ভিজুয়ালাইজেশনের ব্যবস্থা করা হয় এবং সকল গণনা এলাকার কার্যক্রম মনিটর করা হয়। এছাড়া জরিপের কাজে ব্যবহৃত আইসিটি ইনফ্রাস্ট্রাকচার সার্বক্ষণিক মনিটরিংয়ের ব্যবস্থা রাখা হয়। বাংলাদেশ সরকারের বিভিন্ন উর্ধ্বতন কর্মকর্তাগণ NOC এর মাধ্যমে 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩' এর কার্যক্রম মনিটর করেন।



চিত্র-৬: 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩' এর তথ্যসংগ্রহ পরবর্তী NOC Room এ ডাটা কোডিং, এডিটিং এবং ভ্যালিডেশন কার্যক্রম।



চিত্র-৭: 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩' এর তথ্যসংগ্রহ পরবর্তীতে NOC Room এ মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম. এ. মান্নান *এমপি,* পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব শামসুল আলম এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব ড. শাহনাজ আরেফিন, *এনডিসি* মহোদয়ের ডাটা কোডিং, এডিটিং এবং ভ্যালিডেশন কার্যক্রম পরিদর্শন।



চিত্র-৮:ন্যাশনাল রিপোর্ট খসড়া পর্যালোচনার জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) ও এডিটর’স ফোরামের সভা



চিত্র-৯:ন্যাশনাল রিপোর্ট প্রস্তুতে জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের প্রকল্প টিমের সভা



চিত্র-১০: ন্যাশনাল রিপোর্ট খসড়া পর্যালোচনার জন্য প্রকল্পের ‘টেকনিক্যাল সাপোর্ট টিম (টিএসটি)’ ও প্রফেসর’স ফোরামের সভা




**চিত্র-১১: ন্যাশনাল রিপোর্ট চূড়ান্ত অনুমোদনের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর 'প্রতিবেদন যাচাই-বাছাই কমিটি' এর সভা**

## জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ন্যাশনাল রিপোর্ট আনুষ্ঠানিক প্রকাশ

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়িত দেশের প্রথম ডিজিটাল 'জনশুমারি ও গৃহগণণা ২০২২' এর ন্যাশনাল রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠান পরিসংখ্যান ভবন অডিটোরিয়াম, আগারগাঁও, ঢাকায় ২৮ নভেম্বর ২০২৩ তারিখ সকাল ১১.০০টায় অনুষ্ঠিত হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক জনাব মোহাম্মদ মিজানুর রহমান, অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এম. এ. মান্নান *এমপি* এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোসাম্মৎ নাসিমা বেগম, সদস্য (সিনিয়র সচিব), আর্থসামাজিক ও অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ড. শাহনাজ আরেফিন *এনডিসি*, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও ড. মোঃ কাউসার আহাম্মদ, সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।

জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ন্যাশনাল রিপোর্ট বিষয়ক উপস্থাপনা প্রদান করেন জনাব মোঃ দিলদার হোসেন, প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প। উক্ত প্রকাশনা অনুষ্ঠানে উন্মুক্ত আলোচনা পর্ব সঞ্চালনা করেন ড. দিপংকর রায়, যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং টিম লিডার, টেকনিক্যাল সার্পোট টিম, জনশুমারি ও গৃহগণনা ২০২২।



**চিত্র-১২.১: দেশের প্রথম ডিজিটাল 'জনশুমারি ও গৃহগণণা ২০২২' এর ন্যাশনাল রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠান।**



**চিত্র-১২.২: দেশের প্রথম ডিজিটাল 'জনশুমারি ও গৃহগণণা ২০২২' এর ন্যাশনাল রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠান।**

খ) টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (**LAS**) প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণী

| | | |
|---|---|---|
| **প্রকল্পের শিরোনাম** | : | **টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (LAS) প্রকল্প (সমাপ্ত প্রকল্প)** |
| উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্হা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ | : | আর্থসামাজিক অবকাঠামো বিভাগ |
| প্রকল্পের বাস্তবায়নকাল | : | ০১ জানুয়ারি ২০২১ হতে ৩০ জুন ২০২৩ খ্রি. |
| প্রকল্পের অনুমোদনের তারিখ | : | ১৯ জুলাই ২০২১ খ্রি. |
| প্রকল্পের প্রাক্কলিত ব্যয় | : | ৫২৯.০০ লক্ষ টাকা |

**জরিপের বাস্তব অগ্রগতি: (১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)**

১) জরিপের প্রশ্নপত্র চূড়ান্ত করা হয়েছে।

২) গত ২৮ নভেম্বর-২ ডিসেম্বর ৫ দিনব্যাপী প্রিটেস্ট কার্যক্রম পরিচালিত হয়েছে। প্রিটেস্ট হতে প্রাপ্ত অবজারভেশনসমূহ জরিপের প্রশ্নপত্র এবং অ্যাপস ভেলিডেশন কমিটির মাধ্যমে অ্যাপস ও প্রশ্নপত্রের প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে।

৩) ১-২০ মার্চ মোট ২০ দিনব্যাপী CAPI অ্যাপস এবং Web Application ব্যবহার করে তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে।

৪) তথ্য সংগ্রহ কার্যক্রম লাইভ মনিটরিং করা হয়েছে।

৫) সংগৃহীত তথ্য উপাত্ত যাচাই বাছাই এবং ক্লিনিং কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

৬) প্রকল্পের উদ্দেশ্যের সাথে মিল রেখে এসডিজি সূচকসমূহের তথ্য উপাত্ত প্রস্তুত করার লক্ষ্যে জাতিসংঘের শিক্ষা বিষয়ক প্রতিষ্ঠান UNESCO এর সাথে মেটা ডাটা ও ডেফিনেশন ঠিক করার জন্য গত ৮ মে ২০২৩ একটি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে এবং তাদের সিদ্ধান্তের প্রতিফলন করা হয়েছে।

৭) ডাটা বেইজ মনিটরিং ও প্রয়োজনীয় ফিল্টারিং সম্পন্ন করা হয়েছে।

৮) জরিপের টেব্যুলেশন প্লান চূড়ান্তকরণ করা হয়েছে।

৯) জরিপের বয়স ভিত্তিক ওয়েট ফাইল চূড়ান্তকরণ করা হয়েছে।

১০) ডাটা এনালাইসিস সম্পন্ন হয়েছে।

১১) জরিপর খসড়া রিপোর্ট প্রণয়ন ও চূড়ান্তকরণ করা হয়েছে।

১২) ফিল্ড ম্যানুয়াল, আইটি ম্যানুয়াল চূড়ান্তকরণ করা হয়েছে।

১৩) জনশুমারি ২০২২ হতে নমুনা ফ্রেম সংগ্রহ করে নমুনায়ন কার্যক্রম স্যাম্পলিং কমিটি কর্তৃক সম্পন্ন করা হয়েছে।
১৪) জরিপের রিপোর্ট চূড়ান্তকরণ সম্পন্ন করা হয়েছে এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে।
১৫) প্রকাশনা মুদ্রণ সম্পন্ন হয়েছে।
১৬) প্রকাশনা অনুষ্ঠান গত ১৭/০৭/২০২৩ তারিখে সম্পন্ন হয়েছে।
১৭) প্রকল্পটির পিসিআর (PCR) অক্টোবর ২০২৩ মাসে সম্পন্ন করা হয়েছে।

২৮ থেকে ২ ডিসেম্বর ২০২২ খ্রি. মোট ৫ (পাঁচ) দিনব্যাপী প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ এর ফিল্ড প্রিটেস্টিং কার্যক্রম পরিচালনার নিমিত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা ও কর্মচারীগণের সমন্বয়ে আয়োজিত প্রশিক্ষণ কার্যক্রমে উপস্থিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপমহাপরিচালক।



৩ দিনব্যাপী মাঠ পর্যায়ের মাস্টার ট্রেইনার, বিভাগীয় সমন্বয়কারী ও জেলা সুপারভাইজিং কর্মকর্তাগণের প্রশিক্ষণ কার্যক্রম। তারিখ: ১৯ ফেব্রুয়ারি ২০২৩। স্থান: স্থান: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অডিটোরিয়াম।




গত ১৭/০৭/২০২৩ তারিখে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ ২০২৩ এর রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠানে উপস্থিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক মাননীয় পরিকল্পনামন্ত্রী জনাব এম. এ. মান্নান এমপি। স্থান: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অডিটোরিয়াম।

**গ) 'সিটিজেন পারসেপশন সার্ভে (সিপিএস)' প্রকল্প:**

**ক) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন 'সিটিজেন পারসেপশন সার্ভে (সিপিএস)' প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণী**

| | | |
|---|---|---|
| ১। প্রকল্পের **শিরোনাম** | : | "সিটিজেন পারসেপশন সার্ভে "প্রকল্প (সিপিএস) |
| ২। উদ্যোগী মন্ত্রণালয়বিভাগ/ | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগপরিকল্পনা , মন্ত্রণালয় |
| ৩। বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) |
| ৪। সেক্টর | : | আর্থসামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন |
| ৫। শুরুর তারিখ | : | ০১ অক্টোবর ২০২৩ |
| ৬। সমাপ্তির তারিখ | : | ৩০ জুন ২০২৬ |
| ৭। ২০২৩-২৪ অর্থবছরে এডিপি বরাদ্দ (লক্ষ টাকায়) | : | ০.০০ |
| ৮।২০২৩-২৪ অর্থবছরে আরএডিপি বরাদ্দ (লক্ষ টাকায়) | | ১১২.০০ লক্ষ টাকা (জিওবি) |
| ৯। প্রকল্প এলাকা | | সমগ্র বাংলাদেশ |

**প্রকল্পের পটভূমি:**

বাংলাদেশ সরকারের প্রেক্ষিত পরিকল্পনা ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্যতম প্রধান লক্ষ্য হল শক্তিশালী কার্যকর রাষ্ট্রীয় প্রতিষ্ঠান গড়ে তোলা। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এর অভীষ্ট ১৬ অনুযায়ী টেকসই উন্নয়নের জন্য শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক সমাজ গড়ে তোলার জন্য সরকার অঙ্গীকারাবদ্ধ।

- ২০১৮ সালে প্রথম 'সিটিজেন হাউজহোল্ড পারসেপশন সার্ভে' ও 'কোর্ট ইউজার সার্ভে' শীর্ষক ০২(দুই)টি জরিপ পরিচালনা করা হয়। উক্ত জরিপের মাধ্যমে এসডিজি ৬(ছয়)টি সূচকের (১৬৪.১., ১৬৩.৩., ১৬১.৫., ১৬২.৬., ১৬.খ.১১০ ,.৩.১( বেজলাইন তথ্য প্রস্তুত করা হয়;
- সাধারণ অর্থনীতি বিভাগের এসডিজি ম্যাপিং অনুযায়ী সিপিএস জরিপের মাধ্যমে এসডিজির সূচক ১৬.৭.২ বেজলাইন তথ্য এবং ১৬.১.৪, ১৬.৩.৩, ১৬.৫.১, ১৬.৬.২, ১৬.খ.১, ১০.৩.১ হালনাগাদ তথ্য প্রদানের নির্দেশনা রয়েছে। এছাড়া, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এসডিজির ডেটা ক্যালেন্ডার অনুযায়ী প্রতি তিন বছর অন্তর খানাভিত্তিক জরিপের মাধ্যমে এ জাতীয় হালনাগাদ তথ্য-উপাত্ত সরবরাহের পরিকল্পনা রয়েছে;
- মন্ত্রিপরিষদ বিভাগ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ১.১-১.৪ ও ১৬.৫-১৬.৬ বাস্তবায়নের লিড এবং টেকসই উন্নয়ন অভীষ্ট-১৬ এর সমন্বয়কারী হিসেবে দায়িত্বপ্রাপ্ত। উপর্যুক্ত লক্ষ্যমাত্রাসমূহের কতিপয় সূচকের এখনও বেইজলাইন উপাত্ত প্রস্তুত করা হয়নি এবং কিছু সূচকের বেইজলাইন উপাত্ত প্রস্তুত হলেও হালনাগাদ উপাত্ত না থাকায় এ বিষয়ে সংশ্লিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা নির্ধারণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কার্যক্রম বিঘ্নিত হচ্ছে;
- ১৩ অক্টোবর ২০২১ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগের পত্রে টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG)-১ এবং ১৬ এর সূচকের বেজলাইন উপাত্ত প্রস্তুত/হালনাগাদকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশ রয়েছে।

**প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা:**

- সমাজের সর্বত্র সকল ধরণের অপরাধপ্রবণতা, সহিংসতা, বিরোধ নিষ্পত্তি ও সংশ্লিষ্ট সেবা গ্রহণে সেবা গ্রহীতার ধারণা সংক্রান্ত হালনাগাদ তথ্য উপাত্ত সংগ্রহ করা;
- সরকারি সেবা (শিক্ষা, স্বাস্থ্য, চিকিৎসা সেবা ও অন্যান্য) গ্রহণে নাগরিকদের দুর্নীতি ও ঘুষ সম্পর্কিত অভিজ্ঞতা ও ধারণা সংক্রান্ত হালনাগাদ তথ্য উপাত্ত সরবরাহ করা;
- সকল স্তরে কার্যকরজবাবদিহিমূলক ও স্বচ্ছ প্রতিষ্ঠানের বিকাশের ল ,ক্ষ্যে সরকারি সেবা গ্রহণের অভিজ্ঞতা ও ধারণা সংক্রান্ত হালনাগাদ তথ্য সরবরাহ করা;
- সকল নাগরিকের অন্তর্ভুক্তিমূলক, অংশগ্রহণমূলক ও প্রতিনিধিত্বশীল সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিতকরণে তথ্য সংগ্রহ করা;
- টেকসই উন্নয়নের জন্য বৈষম্যহীন আইন ও নীতিমালা প্রবর্তন ও প্রয়োগ সম্পর্কিত তথ্য হালনাগাদ করা;

- সবার জন্য ন্যায়বিচারের সুযোগ প্রদান এবং সকল পর্যায়ে কার্যকর, জবাবদিহিমূলক ও অন্তর্ভুক্তিমূলক প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে বিচারপ্রার্থীদের বিচার ব্যবস্থায় সম্পৃক্ততা ও বিচার ব্যবস্থা সম্পর্কে ধারণা সংক্রান্ত তথ্য সংগ্রহ করা;

প্রকল্প এলাকা: সমগ্র বাংলাদেশ

বাংলাদেশের ০৮টি(আট) প্রশাসনিক বিভাগের (পল্লী/শহর/সিটি কর্পোরেশন-১২) ২৮টি ডোমেইন হতে সকল জেলার প্রতিনিধিত্বমূলক নমুনা চয়নের মাধ্যমে নির্বাচিত Primary Sampling Unit (পিএসইউ) হতে নমুনায়কের মাধ্যমে নির্বাচিত খানাসমূহ হতে তথ্য সংগ্রহ করা হবে।

**প্রকল্পের আউটপুট:** প্রস্তাবিত প্রকল্পের মাধ্যমে এসডিজি সূচক ১৬২.৭. বেজলাইন তথ্য এবং ১৬৪.১., ১৬৩.৩., ১৬১.৫., ১৬২.৬., ১৬.খ.১, ১০.৩.১ প্রভৃতির  হালনাগাদ তথ্য সরবরাহ করা সম্ভব হবে;

- বর্ণিত জরিপের মাধ্যমে প্রাপ্ত পরিসংখ্যান ব্যবহার করে এসডিজি পরিবীক্ষণে তথ্য সরবাহের পাশাপাশি সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক দেশের অপরাধ প্রবণতাশিক্ষা ,সহিংসতা , স্বাস্থ্য, চিকিৎসা সেবা ও অন্যান্য সরকারি সেবার মানোন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অত্যন্ত সহায়ক হবে;
- জরিপের মাধ্যমে প্রাপ্ত পরিসংখ্যান পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নে ব্যবহার করা হবে।

**প্রকল্প সংশ্লিষ্ট এসডিজি সূচকসমূহ:**

১৬.১.৪: নিজ এলাকায় একা চলাফেরায় নিরাপদবোধ করে জনসংখ্যার অনুপাত নিরূপন;

১৬.৩.৩: বিগত দুই বছরে বিবাদের সম্মুখীন হয়েছে এবং প্রক্রিয়ার ধরন অনুসারে আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া অ্যাক্সেস করেছে এমন জনসংখ্যার অনুপাত নিরূপন;

১৬.৫.১: সরকারি সেবা গ্রহণে নাগরিকদের সরকারি কর্মচারীরদের ঘুষ প্রদান অথবা ঘুষ দাবীর সংক্রান্ত অভিজ্ঞতা ও ধারণার অনুপাত নিরূপন;

১৬.৬.২ সরকারি সেবা গ্রহণের সর্বশেষ অভিজ্ঞতায় সন্তুষ্ট জনসংখ্যার অনুপাত নিরূপন;

১৬.৭.২: লিঙ্গা, বয়স, প্রতিবন্ধি, ব্যক্তি ও জনগোষ্ঠি ভেদে সিদ্ধান্ত গ্রহণকে অন্তর্ভুক্তিমূলক ও সংবেদনশীল বলে বিশ্বাস করে এমন জনসংখ্যার অনুপাত নিরূপন;

১৬.খ.১/১০.৩.১: আন্তর্জাতিক মানবাধিকার আইনে নিষিদ্ধ বৈষম্যমূলক আচরণ ও হয়রানির শিকার জনগোষ্ঠীর অনুপাত নিরূপণ;

**প্রকল্পের বাস্তব অগ্রগতি:**

- প্রকল্প দপ্তর স্থাপন করা হয়েছে;
- প্রকল্পের প্রয়োজনীয় জনবল পদায়ন করা হয়েছে;
- বিভিন্ন কমিটি গঠন কার্যক্রম সম্পন্ন হয়েছে;
- প্রকল্পের ওয়ার্কিং কমিটি'র ০১(এক)টি সভা অনুষ্ঠিত হয়েছে;
- প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)র ০১(এক)টি সভা অনুষ্ঠিত হয়েছে;
- কর্মপরিকল্পনা ও ক্রয়পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে;

**৬) সবুজপাতায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহ:**

- নৌ-শুমারি প্রকল্প
- এডুকেশন হাউজহোল্ড সার্ভে;
- কুড়িগ্রাম, মাগুরা আর্থসামাজিক অবস্থা সম্পর্কিত জরিপ;

৪.০ কম্পিউটার উইং (Computer Wing)

## ৪.১ বিবিএস এর কাজের বিবরণ (প্রতি উইং এর প্রধান ৫টি কাজ উল্লেখসহ):

### কম্পিউটার উইংয়ের কার্যাবলি:

**কম্পিউটার উইং**

কম্পিউটার উইং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অন্যতম গতিশীল ও কর্মদক্ষ উইং। কম্পিউটার উইং তার দক্ষ জনবলের মাধ্যমে বিবিএস পরিচালিত বিভিন্ন শুমারি, জরিপ, উন্নয়ন প্রকল্প এবং জনসাধারণকে নিরবিচ্ছিন্ন সেবা প্রদান করে আসছে। কম্পিউটার উইং এর গুরুত্বপূর্ণ কার্যাবলির মধ্যে রয়েছে-

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর আইটি অবকাঠামো সংক্রান্ত পরিকল্পনা প্রণয়ন ,বাস্তবায়ন এবং এর রক্ষণাবেক্ষণ;
- বিভিন্ন জরিপ ও শুমারির জন্য প্রয়োজনীয় কম্পিউটার অ্যাপ্লিকেশনের নকশা প্রস্তুত ও উন্নয়ন ;
- বিবিএস পরিচালিত বিভিন্ন জরিপ ও শুমারির জন্য ডাটাবেস ডিজাইন এবং উন্নয়ন;
- বিবিএস পরিচালিত বিভিন্ন জরিপ এবং শুমারির জন্য ডিজিটাল GIS মানচিত্রের ডিজাইন, উন্নয়ন এবং নিয়মিত হালনাগাদকরণ;
- বিবিএস পরিচালিত বিভিন্ন জরিপ এবং শুমারির ডেটা সংগ্রহ, প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ এবং ভিজ্যুয়ালাইজেশন;
- বিভিন্ন জরিপ এবং শুমারি পরিচালনা, প্রক্রিয়াকরণ এবং প্রচারের জন্য জিও-কোডের নকশা প্রণয়ন, উন্নয়ন এবং নিয়মিত হালনাগাদকরণ;
- সার্ভার রুমের হার্ডওয়্যার ও সফটওয়্যার রক্ষণাবেক্ষণ;
- অধিকতর ব্যবহার ও বিশ্লেষণের জন্য বিভিন্ন জরিপ এবং শুমারির মাইক্রোডেটা সংগ্রহ, সংরক্ষণ এবং প্রয়োজন অনুযায়ী সরবরাহ করা;
- বিবিএস-এর ইন্টারনেট এবং নেটওয়ার্ক সিস্টেম পরিচালনা;
- BBS ওয়েবসাইট পরিচালনা করা এবং নিয়মিত হালনাগাদকরণ;
- মানব উন্নয়নের জন্য আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা।

এছাড়াও নিম্নে কম্পিউটার উইং এর বিভিন্ন শাখার কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তুলে ধরা হলো।

### ৪.২ জিও কোড (Geo Code)

কোন দেশের ভৌগোলিক/প্রশাসনিক এলাকা পৃথকভাবে চিহ্নিতকরণের জন্য যে এক বা একাধিক Heirarchical Numeric digit নির্ধারণ করা হয় তা জিওকোড নামে পরিচিত। পৃথিবীর সকল দেশেই বিভিন্ন শুমারি ও জরিপের মাধ্যমে সংগৃহীত তথ্য কম্পিউটারে সুশৃঙ্খলভাবে উপস্থাপনের জন্য জিওকোড পদ্ধতি ব্যবহৃত হয়। পরিসংখ্যান আইন, ২০১৩ অনুসারে জিওকোড প্রণয়নের জন্য সরকারি প্রতিষ্ঠান হিসেবে বিবিএস দায়িত্বপ্রাপ্ত। বিবিএস কর্তৃক প্রণীত জিওকোড বাংলাদেশ পুলিশ, পাসপোর্ট অধিদপ্তর, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর, স্থানীয় সরকার বিভাগের জন্মনিবন্ধন কাজে ও নির্বাচন কমিশন সচিবালয়সহ বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণাল/বিভাগ/ সরকারি/আধা সরকারি/এনজিও এবং আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠানের দাপ্তরিক কাজে/প্রয়োজনে ব্যবহৃত হচ্ছে।

**২০২৩ সালে জিওকোড শাখার উল্লেখযোগ্য কার্যাবলি**

- বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ঋণ সেবা নাগরিক বান্ধব, যুগোপযোগী ও ইউজার ফ্রেন্ডলি করার জন্য স্মার্ট হোম লোন (Smart Home Loan) শীর্ষক সফটওয়্যার ডেভেলপ ও বাস্তবায়ন কাজে মহাপরিচালক, বিবিএস মহোদয়ের অনুমোদনক্রমে সর্বশেষ হালনাগাদকৃত জিওকোডের তালিকা সরবরাহকরণ।

- জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বিভিন্ন প্রকল্পের আওতায় স্থাপিত সকল পানির উৎসের জন্য এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে বিভিন্ন সফটওয়্যার (জাতীয় স্যানিটেশন, ড্যাশবোর্ড, গ্রামীণ পানি, PMIS) তৈরীর লক্ষ্যে মহাপরিচালক, বিবিএস মহোদয়ের অনুমোদনক্রমে হালনাগাদকৃত জিওকোডের তালিকা সরবরাহকরণ;
- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৩ ও ১৬ ধারার বিধান অনুসারে সিরাজগঞ্জ জেলার তারাশ উপজেলার তারাশ পৌরসভার সাধারণ ওয়ার্ডের সীমানা নির্ধারণ করে গত ১৯-০৯-২০২২খ্রি. তারিখে একটি গেজেট জারি করে। মহাপরিচালক, বিবিএস মহোদয়ের অনুমোদনক্রমে গেজেটে উল্লেখিত ওয়ার্ড ভিত্তিক মৌজা মহল্লার সহিত জিওকোড ডাটাবেইজে রক্ষিত মৌজা মহল্লার মানচিত্র হালনাগাদ করা হয়;
- স্থানীয় সরকার শাখা, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১১ ধারার বিধান মোতাবেক সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার রুস্তমপুর ইউনিয়নকে বিভক্ত করে বিছনাকান্দি নামে নতুন ইউনিয়ন গঠন এবং রুস্তমপুর ইউনিয়ন পুনর্গঠন করার প্রেক্ষিতে মহাপরিচালক, বিবিএস মহোদয়ের অনুমোদনক্রমে নবসৃষ্ট বিছনাকান্দি ইউনিয়নের জিওকোড প্রদানসহ জিওকোড ডাটাবেইজ হালনাগাদ করা হ;
- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৩ ও ১৬ ধারার বিধানানুসারে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগ চট্টগ্রাম জেলার চন্দনাইশ উপজেলায় দোহাজারী পৌরসভা গঠন করে এবং পৌরসভাটি ০৯টি ওয়ার্ডে বিভক্ত হবে এ-মর্মে একটি প্রজ্ঞাপন জারি করে। মহাপরিচালক, বিবিএস মহোদয়ের অনুমোদনক্রমে গেজেটে উল্লেখিত দোহাজারী পৌরসভার ওয়ার্ড ভিত্তিক মৌজা মহল্লার সহিত জিওকোড ডাটাবেইজে রক্ষিত মৌজা মহল্লার হালনাগাদ করা হ;
- World Health Organization এর সহযোগিতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং কর্তৃক Estimating Population Projection for EPI Coverage from 2022-2033 কার্যক্রম এর জন্য জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ইউনিয়ন পর্যন্ত জনসংখ্যার বয়স ও লিঙ্গ ভিত্তিক তথ্য প্রদান করা হ;
- OGD পোর্টাল কার্যক্রম মনিটরিং কমিটির সভার আহবান ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়;
- জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ডাটাবেইজ হতে জেলাভিত্তিক বিভিন্ন টেব্যুলেশন ও প্রোগ্রামিং প্রস্তুতকরণ কাজে অংশগ্রহণ।

### ৪.৩ জি আই এস (GIS) ও Geospatial Database :

ভূ-পৃষ্ঠের কোনো স্থান সম্পর্কিত তথ্য-উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণের জন্য GIS প্রযুক্তি ব্যবহার করা হয়। বিশ্বের প্রায় সব দেশই এই প্রযুক্তি ব্যবহার করে তাদের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ নানা ধরনের সেবামূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। বিশেষ করে শুমারি বা জরিপ পরিচালনা, ভূমির ব্যবহার, নগর উন্নয়ন পরিকল্পনা, পরিবহন, বন, গ্যাস, পেট্রোলিয়ামসহ বিভিন্ন সেবা খাতে GIS প্রযুক্তির ব্যবহার ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে। জাতিসংঘ তার সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে Geospatial Database-এর সঙ্গে Statistics সন্নিহিত করে উন্নয়ন প্রক্রিয়াকে ত্বরান্বিত করার জন্য উৎসাহ যুগিয়ে যাচ্ছে। বাংলাদেশও বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে বিভিন্ন ক্ষেত্রে এর ব্যবহার দ্রুত সম্প্রসারিত করছে।

বাংলাদেশের বিভিন্ন আর্থসামাজিক উন্নয়ন কর্মকন্ডের বিভিন্ন পর্যায়ে সংগৃহীত তথ্য-উপাত্তের আরও নির্ভুল প্রয়োগ নিশ্চিতকরনের লক্ষ্যে BBS পরিচালিত বিভিন্ন শুমারি যেমন জনশুমারি, কৃষি শুমারি ও অর্থনৈতিক শুমারিসহ অন্যান্য সকল জরিপের তথ্য উপাত্ত সংগ্রহের জন্য মানচিত্রের ব্যবহার অপরিহার্য। বিভিন্ন পর্যায়ে গণনা এলাকার মানচিত্র প্রণয়ন ও তথ্য বিশ্লেষণ সহ সকল জরিপে Primary Sample Unite (PSU) নির্ধারনে মানচিত্র ব্যবহৃত হয়ে আসছে। বর্তমানে আধুনিক GIS প্রযুক্তি ব্যবহার করে সকল মানচিত্র প্রস্তত করা হয়।

আধুনিক GIS প্রযুক্তি ব্যবহারে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইউএনএফপিএ এর আর্থিক সহায়াতায় 'ইন্টিগ্রেটিং জিওস্পেসিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিকস ইন বিবিএস' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি বিবিএস কর্তৃক যৌথভাবে পরিচালিত হচ্ছে।

### GIS কার্যক্রম

GIS প্রযুক্তি ব্যবহারে বিবিএস এর সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে 'Updating and Visualizing Census Mapping with Geocode Through ArcGIS Pro' বিষয়ে ১৯/১১/২০২৩ হতে ২৩/১১/২০২৩ পর্যন্ত ০৫ দিন ব্যাপি একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। অন্যদিকে Bangladesh Geographical Information System Platform (BGISP) এর সার্বিক কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়। BGISP এর ১১তম সভার সিদ্ধান্তের আলোকে BBS এ সংরক্ষিত মৌজার সংখ্যা ও নামের বানানের সাথে DLRS এর মৌজার সংখ্যা ও নামের বানানের মধ্যে অসামঞ্জস্য চিহ্নিতকরণ ও সমন্বয়করণ সংক্রান্ত একটি কমিটি গঠন করা হয় এবং তার অধীনে একটি ওয়ার্কিং টিম গঠন করা হয়। উক্ত ওয়ার্কিং টিম অদ্যাবধি ২৭ টি জেলার কার্যক্রম সফলভাবে সম্পন্ন করেছে এবং বর্তমানে বাকি জেলাসমূহের কার্যক্রম চলমান রয়েছে। এই কার্যক্রম দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে গত ২৭ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দে Geospatial Data Standardization in Bangladesh বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে একটি Workshop অনুষ্ঠিত হয়েছে।

### বাংলাদেশ জিআইএস প্লাটফর্ম (BGISP)

পরিসংখ্যান আইন, ২০১৩-এর ৬(থ) ধারা বলে জিআইএস কার্যক্রম পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান/সংস্থার মধ্যে সমন্বয় সাধন এবং তাদের প্রস্তুতকৃত তথ্য-উপাত্ত একই স্থানে সংরক্ষণ এবং জনসাধারণের ব্যবহারোপযোগী করে বিতরণের জন্য ২০১৬ সালে বাংলাদেশ জিআইএস প্লাটফর্ম (BGISP) গঠন করা হয়। এছাড়াও সকল জিআইএস কার্যক্রম পরিচালনাকারী দপ্তর/অধিদপ্তর/সংস্থার সাথে সমন্বয় সাধন; জাতীয় প্রয়োজনে জিআইএস সংক্রান্ত গৃহীত কার্যক্রম বিজিআইএসপি-এর সাথে বিনিময় করা; অর্থ ও সময়ের অপচয়রোধে জিআইএস কার্যক্রমের দ্বৈততা পরিহার করা; মেটাডাটা প্রস্তুতে বিভিন্ন প্রতিষ্ঠানকে সহায়তা প্রদান; ডাটা আর্কাইভিং এবং শেয়ারিং এর জন্য গাইডলাইন ও অবকাঠামো প্রস্তুত করা এই প্লাটফর্ম গঠনের অন্যতম উদ্দেশ্য। এই প্ল্যাটফরমের মাধ্যমে Geographic Information System (GIS) উপাত্ত ব্যবস্থাপনায় গ্রহণযোগ্যতা, গোপনীয়তা ও আইনের প্রতি আনুগত্য নিশ্চিত করে তথ্য পরিবেশন, তথ্যের যথাযথ নিরাপত্তা এবং অভিন্ন মান (Standard) নিশ্চিত করা হবে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো তথা কম্পিউটার উইং বিজিআইএসপি'র সমন্বয়ের দায়িত্ব পালন করে থাকে।

### ৪.৪ কম্পিউটার উইং এর Micro data Dissemination :

বিবিএস প্রয়োজন অনুযায়ী বিভিন্ন সরকারি সংস্থা, গবেষক, নীতিনির্ধারক, আন্তর্জাতিক সংস্থা এবং জনসাধারণ সহ অন্যান্য স্টেকহোল্ডারদের কাছে মাইক্রো-ডেটা সরবরাহ করে থাকে। বিবিএস বিশেষায়িত গবেষণা বা প্রকল্পের জন্য ব্যবহারকারী, গবেষক বা গবেষণা প্রতিষ্ঠাণের কাস্টমাইজড ডেটার চাহিদা পূরণ করে। এটি প্রতিষ্ঠাণগুলোকে বিবিএস কর্তৃক প্রকাশিত রিপোর্টগুলোর তুলনায় বিস্তারিত ডেটাসেটে অ্যাক্সেস প্রদান করে। Micro Data Dissemination এর ক্ষেত্রে কম্পিউটার উইং এর উল্লেখযোগ্য কার্যক্রমের মধ্যে রয়েছে-

- বিভিন্ন শুমারি ও জরিপ হতে প্রাপ্ত মাইক্রো ও মেটা ডাটা সংরক্ষণ এবং ব্যবহারকারীর চাহিদানুযায়ী সরবরাহ করা।
- জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর গণনায় অন্তর্ভূক্তির সনদপত্র প্রদান।
- বিভিন্ন শুমারির জেলা/উপজেলা/ইউনিয়ন ভিত্তিক তথ্য সরবরাহ করা।

### ৪.৫ Computer-Assisted Personal Interviews (CAPI)র ব্যবহার:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন শুমারি ও জরিপের তথ্য সংগ্রহের ক্ষেত্রে CAPI Apps এর ব্যবহার শুরু হওয়ায় বিপুল পরিমাণ কাগজ ও সময়ের অপচয় রোধ করে সঠিক ও সময়োপযোগী পরিসংখ্যান দ্রুত প্রকাশ করা সম্ভবপর হয়। এই সাফল্যের ধারাবাহিকতায় কম্পিউটার উইং তার নিজস্ব দক্ষ জনবলের মাধ্যমে 'খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২' এর জন্য CAPI Apps Develop করে এবং লিস্টিং ও মুল জরিপের কাজ সফলভাবে সম্পন্ন হয়। পরবর্তীতে কম্পিউটার উইং 'Violence Against Women (VAW) Survey 2024' এর লিস্টিং কার্যক্রমের জন্য CAPI Apps Develop করে

এবং লিস্টিং কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়। বর্তমানে VAW Survey এর মুল জরিপের তথ্য সংগ্রহের CAPI Apps এবং 'National Thalassemia Survey' এর CAPI Apps Develop করার কাজ চলমান রয়েছে।

### ৪.৬ কম্পিউটার উইং এর Hardware maintenance and IT support:

কম্পিউটার উইং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রধান কার্যালয়ে (পরিসংখ্যান ভবন) সব ধরনের আইটি সাপোর্ট, হার্ডওয়্যার ও সফটওয়্যার রক্ষণাবেক্ষণ, নেটওয়ার্ক সংযোগ প্রদান ও মেরামত ইত্যাদি কার্যক্রম করে থাকে। এছাড়া কম্পিউটার উইং বিভিন্ন উন্নয়ন প্রকল্প যেমন, নিরাপদ খাদ্য প্রকল্প, আইসিটি ইত্যাদি প্রকল্পের Software Develop সহ অন্যান্য আইটি সাপোর্ট প্রদান করে। চলমান VAW প্রকল্পেও কম্পিউটার উইং আইটি সাপোর্ট প্রদান করছে।

### ৪.৭ কম্পিউটার উইংয়ের Website শাখার কার্যক্রম:

কম্পিউটার উইংয়ের ওয়েবসাইট শাখা বাংলাদেশের সরকারি পরিসংখ্যান সরবরাহ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কার্যকলাপ সম্পর্কিত তথ্য এবং অন্যান্য পরিষেবা প্রদানের জন্য একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসাবে কাজ করে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর যে গতিশীল ও প্রাণবন্ত ওয়েটসাইট দেখতে পাওয়া সেটির রক্ষণাবেক্ষণ ও হালনাগাদ করে থাকে কম্পিউটার কম্পিউটার উইংয়ের ওয়েবসাইট শাখা। জানুয়ারী ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ সময়ে নিম্নোক্ত কন্টেন্ট ওয়েবসাইটে আপলোড করা হয়েছেঃ

- নোটিশ : ৫৮টি
- অফিস আদেশ/প্রজ্ঞাপন/বিজ্ঞপ্তি : ২৪৭টি
- অনাপত্তি সনদ : ৭৩টি
- বদলী আদেশ/অবমুক্তি আদেশ/যোগদান: ১২৭টি
- দরপত্র: ১৮টি
- খবর: ০২টি
- হজ্জ/অন্যান্য বিজ্ঞপ্তি: ১৪টি

**সেবা বক্স এ রিপোর্ট/প্রতিবেদন:**

- সিটিজেন চার্টার আপডেটকরণ;

**অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস)**

- অভিযোগ প্রতিকার ব্যবস্থা মাসিক প্রতিবেদন: জানুয়ারী - ডিসেম্বর(২০২২-২৩)
- অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপিল কর্মকর্তা আপডেটকরণ;

**জাতীয় শুদ্ধাচার কৌশল (কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন)**

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪;
- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ এর ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন ২০২৩) অগ্রগতি ও মূল্যায়ন প্রতিবেদন;
- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ৩য় কোয়ার্টারের (জানুয়ারী-মার্চ ২০২৩) বাস্তবায়ন অগ্রগতি ও মূল্যায়ন প্রতিবেদন;

**কর্মসম্পাদন ব্যবস্থাপনা (APA)**

- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মধ্যে সম্পাদিত কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪।
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মধ্যে সম্পাদিত কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩।

**৪.৮ কম্পিউটার উইংয়ের প্রকাশনা/রিপোর্ট:**

- Quarterly Gross Domestic Product of Bangladesh 2015-16 to 2021-22
- **Preliminary Report on Survey on ICT Use and Access by Individuals and Households 2022**
- Bangladesh Disaster-related Statistics 2021: Climate Change and Natural Disaster Perspectives
- Report on National Survey on Persons with Disabilities (NSPD) 2021
- জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে অফিসিয়াল লোগো: (১. পিডিএফ, ২. পিএনজি)
- কৃষি শুমারি ২০১৯ (All ***Zila Series)***
- ভোক্তা মূল্য সূচক (সিপিআই) : ডিসেম্বর, ২০২২ - নভেম্বর, ২০২৩;
- Inflation rate : ডিসেম্বর, ২০২২ - নভেম্বর, ২০২৩;
- Wage rate Index : ডিসেম্বর, ২০২২ - নভেম্বর, ২০২৩;
- *Industrial Production Statistics (IPS) : October, 2022- September, 2023*
- QIIP - Large & Medium Scale September, 2022- September, 2023
- Producer Price Index (PPI), September – March,2023
- Building Materials Price Index (BMPI): November, 2022 - November, 2023
- QIIP - Small Scale **:**1st and 2nd Quarter (July,2022 – March,2023);
- House Rent Index (HRI): July,2022 - October,2023
- জাতীয় হিসাব পরিসংখ্যান - ২০২৩
- Fifty Years of National Accounts Statistics of Bangladesh
- খানার আয় ও ব্যয় জরিপ ২০২২ এর প্রাথমিক প্রতিবেদন
- Report on Post Enumeration Check of the Population and Housing Census, 2022
- Gross Domestic Product (GDP) of Bangladesh 2022-2023(p)
- Bangladesh Sample Vital Statistics 2021
- Quarterly Labour Force 2022 Provisional Report
- Report on Sample Vital Registration System (SVRS) 2021
- Post Enumeration Check (PEC) Adjusted Population
- **HIES 2022: Key Findings**
- Survey on Street Children 2022 Report
- Labour Force 2022 Provisional Report
- Statistical Pocketbook 2022
- Statistical Yearbook of Bangladesh 2022
- Yearbook of Agricultural Statistical Bangladesh 2022
- বাংলাদেশ পরিসংখ্যান- ২০২০
- আমন ফসলেন প্রাক্কলিত হিসাব ২০২২-২৩
- National Quality Assurance Framework (NQAF) for Official Statistics of Bangladesh
- HIES 2022 English Questionnaire
- HIES 2022 Bangla Questionnaire
- Report on Integration of GIS with Socioeconomic Demographic and Environmental data;
- Report on Natural Resources Accounts (NRA): Baseline Study of the Land, Forest and Ecosystems
- Quarterly Gross Domestic Product of Bangladesh 2015-16 to 2021-22;
- Time Use Survey 2021;
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বার্ষিক প্রাতিবেদন-২০২২;
- প্রভিশনাল রিপোর্ট জাতীয় শিশুশ্রম জরিপ-২০২২ **;**
- Survey on ICT Use and Access by Individuals and Households 2023;
- প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ ২০২৩;
- Survey on ICT Use and Access by Individuals and Household 2022
- Labour Force Survey 2022 Final Report
- Estimate of Major Crops: Boro Rice, 2022-23

- জনশুমারি ও গৃহগণনা ২০২২: ন্যাশনাল রিপোর্ট (ভলিউম ১)
- Post Enumeration Check (PEC) Adjusted Population
- Preliminary Report on Population and Housing Census 2022 : English Version
- Report on Municipal Waste Management (MWM) Survey 2022
- Survey on Handicraft Establishment Bangladesh 2022
- Quarterly Labour Force Survey 2023 Provisional Report (July-September)
- খানার আয় ও ব্যয় জরিপ ২০২২ এর চূড়ান্ত প্রতিবেদন (English Version)
- খানার আয় ও ব্যয় জরিপ ২০২২ এর প্রধান সূচক ও নির্বাহী সারসংক্ষেপ
- খানার আয় ও ব্যয় জরিপ ২০২২ এর বিস্তারিত তথ্য-উপাত্তের ছকসমূহ
- খানার আয় ও ব্যয় জরিপ ২০২২ এর উল্লেখযোগ্য স্থিরচিত্রসমূহ
- Summary Crop Statistics Area, Yield Rates and Productions of Minor Crops 2021-22 and 2022-2023
- Advanced Release calendar and Protocol for Advanced Release calendar
- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ২.১.১ (তথ্য বাতায়ন হালনাগাদকরণ) সংক্রান্ত ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০২২) প্রতিবেদন

## ৫.০ ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং **(Demography and Health Wing**)


ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং দেশের স্বাস্থ্যসেবা, জনতত্ব, পুষ্টি, আর্থসামাজিক ইত্যাদি বিষয়ক বিভিন্ন তথ্য সংগ্রহপূর্বক পরিসংখ্যান প্রণয়ন করে থাকে। দেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে পর্যায়ক্রমিক দুটি আদমশুমারির মধ্যবর্তী সময়ে জনসংখ্যার হিসাব প্রাক্কলন, বার্ষিক ও ষান্মাসিক জনতত্ত্ব ও জনমিতি বিষয়ক পরিবর্তন সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে থাকে। এছাড়াও অত্র উইং এর মাধ্যমে জেন্ডার স্ট্যাটিস্টিক্স প্রণয়ন; গড় আয়ু প্রাক্কলন; জন্ম, মৃত্যু, বিবাহ, মাইগ্রেশন, জন্ম নিয়ন্ত্রণ, প্রতিবন্ধী, রোগ-ব্যাধি, দুর্ঘটনা, মা ও শিশুদের শিক্ষা, স্বাস্থ্য, বাল্য বিবাহ, চাইল্ড ডেভলপমেন্ট ও চাইল্ড ডিসিপ্লিন, স্যানিটেশন ব্যবস্থা ইত্যাদি তথ্য সংগ্রহ ও সংকলনপূর্বক প্রতিবেদন প্রকাশ করা হয়।

### ৫.১। ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর সাম্প্রতিক উল্লেখযোগ্য কার্যাবলি

**Making Every Woman and Girl Count Bangladesh (MEWGC):** ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনের উদ্দেশ্যে জাতিসংঘের মহিলা বিষয়ক সংস্থা UN Women জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে একটি ফ্লাগশীপ ইনিশিয়েটিভ এর উদ্যোগ গ্রহণ করেছে। UN Women এই ফ্লাগশীপ প্রোগ্রাম 'Making Every Women and Girls Count (MEWGC)' এর মাধ্যমে বিশ্বের বিভিন্ন দেশে জেন্ডার স্ট্যাটিসটিক্স প্রস্তুত, বিশ্লেষণ, ব্যবহার ও তা প্রচারের ক্ষেত্রে প্রয়োজনীয় সহোযোগিতা প্রদান করছে। এই ফ্লাগশীপ প্রোগ্রামের আওতায় UN Women বাংলাদেশসহ বিশ্বের আরও কিছু দেশে কাজ করছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং UN Women Bangladesh এর যৌথ উদ্যোগে ইতোমধ্যে 'Making Every Woman and Girl Count Bangladesh (MEWGC)'শীর্ষক কার্যক্রম সম্পন্ন হয়েছে। MEWGC Phase I কার্যক্রমের আওতায় বিবিএস কর্তৃক 'Time Use Survey 2021' জরিপ পরিচালিত হয়েছে। এই জরিপের উদ্দেশ্য হলো দেশের পুরুষ এবং মহিলাদের Unpaid Domestic and Care Work সম্পর্কিত কাজে ব্যয় করা সময়ের পরিমান দৃশ্যমান করা। 'টাইম ইউজ সার্ভে ২০২১' জরিপ পরিচালনার জন্য সারাদেশ হতে ৫০০টি পিএসইউ নির্বাচন করা হয়। অনুমোদিত Sampling Design ও Methodology অনুযায়ী নির্বাচিত ৫০০টি পিএসইউতে মাঠ পর্যায়ে ম্যাপিং ও লিস্টিং কার্যক্রম সম্পন্ন করে, লিস্টিংকৃত পিএসইউ থেকে সারাদেশে ৮০০০টি নমুনা খানা নির্বাচন করে তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হয়। International Classification of Activities on Time Use Statistics (ICATUS) 2016 অনুসারে তথ্য সংগ্রহ পরবর্তী সময়ে তথ্য এডিটিং ও কোডিং কার্যক্রম, ডাটা এন্ট্রি, টেবুলেশন ও বিশ্লেষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। 'টাইম ইউজ সার্ভে ২০২১' এর মাধ্যমে মাঠপর্যায় হতে সংগৃহীত তথ্যাদি বিশ্লেষণপূর্বক চূড়ান্ত প্রতিবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে এবং বিবিএস ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

বর্তমানে MEWGC Phase II কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও UN Women Bangladesh এর মধ্যে LOA স্বাক্ষরিত হয়েছে। MEWGC Phase II  এর আওতায় বেশ কয়েকটি কার্যক্রম সম্পাদনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। উল্লেখযোগ্য কার্যক্রমের মধ্যে রয়েছে Satellite Account on Unpaid Domestic and Care Work প্রস্তুত, Qualitative Survey on Violence Against Women (VAW) সম্পাদন,User-Producer Dialogue আয়োজন করা, Gender Statistics তৈরি ও ব্যবহারের উন্নয়নে বিবিএস সহ অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি করা।

Survey on Children's Education in Bangladesh 2021: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক যৌথভাবে 'Survey on Children's Education in Bangladesh 2021' শীর্ষক জরিপ পরিচালিত হয়েছে। কোভিড ১৯ মহামারীর কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষা পাঠের ধারাবাহিকতা যেন বাধাগ্রস্থ না হয়, সেজন্য সরকার অনলাইন ক্লাস, টিভি এবং রেডিও এর মাধ্যমে দূরশিক্ষণ ব্যবস্থা চালু রেখেছিল। কোভিড ১৯ এর কারণে শিক্ষাক্ষেত্রে কি প্রভাব পড়েছে, বিশেষ করে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ হয়ে যাওয়ায় বাংলাদেশের শিক্ষাক্ষেত্রে এর প্রভাব এবং শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকাকালীন সময়ে দুরশীক্ষন কার্যক্রমে অংশগ্রহণ, শিক্ষা থেকে ঝরে পড়া, শিক্ষা ঘাটতি, বালবিবাহসহ অন্যান্য চিত্র তুলে আনার লক্ষ্যে বিবিএস কর্তৃক গওঈঋ ২০১৯ এর ৪৩টি মডিউল থেকে ৮টি মডিউল ব্যবহার করে, Probability Proportional to Size (PPS) পদ্ধতি অনুসরণপূর্বক বাংলাদেশের ৮টি বিভাগ হতে ৪৫০টি প্রাইমারি স্যাম্পলিং ইউনিট (PSU) থেকে Systematic Random Sampling এর মাধ্যমে ২০টি খানা নির্বাচন করে মোট ৯০০০টি খানা থেকে সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে মাঠ পর্যায় হতে ২৬ টি টিমের মাধ্যমে (প্রতিটি টিমে ১জন সুপারভাইজার (বিবিএস) ও ৩ জন গণনাকারী (আউটসোর্সিং) তথ্য সংগ্রহ করা হয়েছে। MICS ২০১৯ এর Methodolog অনুসরন করে Survey on Children's Education in Bangladesh 2021 এর Sample Design ও Methodology প্রণয়ন করা হয়েছে। Survey on Children's Education in Bangladesh 2021 এর প্রশ্নপত্রে খানা তালিকা, খানার বৈশিষ্ট্য, শিক্ষা (৩-২৪ বছর), শিশু শ্রম (৫-১৭ বছর), শিশু শৃঙ্খলা (৫-১৪ বছর), শিশুর কার্যকারিতা (৫-১৭ বছর), বুনিয়াদি শিক্ষণ দক্ষতা (৭-১৪), বিবাহ (১৫-২৪ বছর) সর্ম্পকিত ৮টি মডিউল অন্তর্ভূক্ত ছিল। 'Survey on Chilren's Education in Bangladesh 2021' dজরিপের মাধ্যমে মাঠপর্যায় হতে সংগৃহীত তথ্যাদি বিশ্লেষণপূর্বক চূড়ান্ত প্রতিবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে এবং বিবিএস ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।




চিত্র: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক যৌথভাবে আয়োজিত 'Survey on Children's Education in Bangladesh 2021' রিপোর্ট এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাননীয় সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি। স্থান: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো অডিটোরিয়াম, ঢাকা। তারিখ: ১৬ মার্চ, ২০২৩।

- <u>পথশিশু জরিপ ২০২২:</u> বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক যৌথভাবে 'পথশিশু জরিপ ২০২২' পরিচালিত হয়েছে। । বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পথশিশুদের উপর একটি জরিপ পরিচালনার বিষয়ে 'পথশিশুদের পুনর্বাসন সংক্রান্ত জাতীয় কমিটি'র একটি সিদ্ধান্ত রয়েছে। উল্লেখিত জরিপের মাধ্যমে পথশিশুদের ভৌগলিক অবস্থানসহ Prevelance নিরূপণ, বয়স, লিংগ ও অবস্থানভেদে পথশিশুদের ধরণ ও প্রকৃতি নিরূপণ এবং পথশিশুদের স্বাস্থ্য, শিক্ষা, অর্থনৈতিক কর্মকান্ড, সামাজিক প্রেক্ষাপট ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করা হয়। এ সকল সংগৃহীত তথ্যাদি দেশে পথশিশুদের অধিকার সুরক্ষা ও পুনর্বাসনের জন্য সহায়ক হবে। জরিপে প্রথম পর্যায়ে পথশিশুদের সংখ্যা ও অবস্থান নিরূপণ করার জন্য দেশের সকল জেলা ও উপজেলা শহর, পৌরসভা এবং সিটি কর্পোরেশন এলাকাসমূহে পথশিশু কুইক কাউন্ট কার্যক্রম পরিচালনা করা হয়। পরবর্তী পর্যায়ে কুইক কাউন্টে প্রাপ্ত পথশিশুদের তালিকা হতে দৈবচয়নের মাধ্যমে নির্বাচিত পথশিশুদের উপর সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে ঈড়সঢ়ঁঃবৎ অংংরংঃবফ চবৎংড়হধষ ওহঃবৎারবরিহম (ঈঅচও) পদ্ধতিতে মাঠ পর্যায় হতে ৬২টি টিমের মাধ্যমে (প্রতিটি টিমে ২ জন তথ্য সংগ্রহকারী) তথ্য সংগ্রহ করা হয়। দেশের ৮টি বিভাগ এবং ঢাকা উত্তর ও দক্ষিন সিটি কর্পোরেশনসহ মোট ১০টি ডোমেইন নির্ধারণ করা হয়। 'পথশিশু জরিপ ২০২২' এর মাধ্যমে মাঠপর্যায় হতে সংগৃহীত তথ্যাদি বিশ্লেষণপূর্বক চূড়ান্ত প্রতিবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে এবং বিবিএস ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।




চিত্র: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক যৌথভাবে আয়োজিত 'পথশিশু জরিপ ২০২২' রিপোর্ট এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এম. এ. মান্নান, এমপি। স্থান: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো অডিটোরিয়াম, ঢাকা। তারিখ: ১০ এপ্রিল, ২০২৩।

**Violence Against Women (VAW) Survey 2024 সংক্রান্ত কার্যক্রমঃ** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ইন্টিগ্রেটিং জিওস্পেসিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিকস ইন বিবিএস শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি ইউএনএফপিএ এবং বিবিএস কর্তৃক যৌথভাবে আর্থিক সহায়াতার মাধ্যমে পরিচালিত হচ্ছে। প্রকল্পের মেয়াদ এপ্রিল, ২০২৩ হতে ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত। গত ১৬ অক্টোবর ২০২৩ তারিখ প্রকল্পের Inception Workshop অনুষ্ঠিত হয়েছে।


চিত্র: Violence Against Women (VAW) Inception Workshop

ইন্টিগ্রেটিং জিওস্পেসিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিকস ইন বিবিএস প্রকল্পের এর আওতায় Violence Against Women (VAW) Survey 2024 এর মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য সারাদেশ হতে নির্বাচিত ১৪৪০ টি গণনা এলাকায় জরিপ কার্যক্রমের মাধ্যমে নারীর প্রতি সহিংসতার ব্যাপ্তি পরিমাপ করা, নারীর প্রতি সহিংসতার ধরণ বা প্রকৃতি নিরূপণ করা, নারীর প্রতি সহিংসতা মূলক আঘাত পরিমাপ করা, ও নারীর প্রতি সহিংসতার কারণ, প্রভাব ও গৃহীত পদক্ষেপ সম্পর্কিত পরিসংখ্যান প্রণয়ন করা হবে। Violence Against Women (VAW) Survey 2024 এর প্রাথমিক কার্যাবলি সম্পাদন করা হয়েছে। জরিপ পরিচালনার লক্ষ্যে ইতোমধ্যেই Sample Design, ম্যাথডোলজি নির্ধারণ ও সার্ভে টুলস চূড়ান্তকরণের কাজ শেষ হয়েছে। Violence Against Women (VAW) Survey 2024 এর Questionnaire & Manual চূড়ান্তকরণের কাজ শেষ হয়েছে। সুষ্ঠভাবে জরিপ পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় বিভিন্ন সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। ডিসেম্বর, ২০২৩ এ মাঠ পর্যায়ে লিষ্টিং ও ম্যাপিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে মাঠ পর্যায়ে VAW জরিপের প্রশ্নপত্র Pretest কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং মাঠ পর্যায়ে VAW জরিপের প্রশ্নপত্রের CAPI Pretest কার্যক্রম সম্পন্ন হয়েছে। আগামী মার্চ, ২০২৪ এ উক্ত জরিপের মাঠ পর্যায়ে মূল তথ্যসংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হবে।

**Health and Morbidity Status Survey (HMSS) 2023 :** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং কর্তৃক 'Health and Morbidity Status Survey (HMSS) 2023' কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। SDGs এর লক্ষ্যমাত্রা অর্জন পরিবীক্ষণের জন্য স্বাস্থ্য ও জনতত্ত্ব বিষয়ক ইন্ডিকেটর প্রস্তুত করার লক্ষ্যে এ জরিপটি পরিচালনা করা হচ্ছে। ২০২৩ সালে একাধিক সভা ও সেমিনার আয়োজন করে এবং বিশেষজ্ঞদের মতামতের ভিত্তিতে প্রস্তুতকৃত প্রশ্নপত্র প্রিটেস্ট কার্যক্রম পরিচালানা করা হয়। পরবর্তীতে HMSS শীর্ষক জরিপের Sample নির্ধারণ করে মাঠ পর্যায়ে ২০০০ টি খানা হতে তথ্য সংগ্রহের মাধ্যমে জরিপের পাইলটিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। প্রশ্নপত্রের মাধ্যমে সংগৃহিত তথ্য বিশ্লেষণ করে এ সংক্রান্ত রিপোর্ট প্রকাশ করা হবে।

- **ন্যাশনাল থ্যালাসেমিয়া সার্ভে ২০২৩:** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং কর্তৃক ন্যাশনাল থ্যালাসেমিয়া সার্ভে ২০২৩ পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দেশে ১৪ থেকে ৩০ বছর বয়সী জনগনের মধ্যে থ্যালাসেমিয়া রোগের বাহকের ব্যাপকতা (চৎবাধষবহপব) নিরূপণ, বয়স (গ্রুপভিত্তিক), লিঙ্গ ও এলাকাভিত্তিক থ্যালাসেমিয়া রোগের বাহকদের বিষয়ে প্রয়োজনীয় তথ্য সরবরাহ এবং আর্থসামাজিক প্রেক্ষাপটে থ্যালাসেমিয়া রোগের বাহকদের প্রয়োজনীয় তথ্য সরবরাহ করার লক্ষ্যে এ জরিপটি পরিচালনা করা হবে। জরিপ কার্যক্রমটি বাস্তবায়নের নিমিত্ত অর্থ মন্ত্রণালয় হতে অর্থ বরাদ্দ পাওয়া গেছে। জুন ২০২৪ এর মধ্যে জরিপ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।

**Multiple Indicator Cluster Survey (MICS) 2024:** মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS) একটি বিশ্বব্যাপী পরিচালিত খানা জরিপ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ১৯৯৩ সাল থেকে 'মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS)' পরিচালনা করে আসছে। MICS 2024: বাংলাদেশে সর্বপ্রথম ১৯৯৩ সালে 'Multiple Indicator Cluster Survey (MICS)' পরিচালিত হয়। পরবর্তীতে ধারাবাহিকভাবে জরিপটি পরিচালিত হয়ে সর্বশেষ ২০১৯ সালে জরিপটির ৬ষ্ঠ রাউন্ড পরিচালিত হয়। এই জরিপ থেকে মা ও শিশুদের সম্পর্কিত গুরুত্বপূর্ণ ইন্ডিকেটরসমূহের তথ্য পাওয়া যায়। ২০১৯ সালে পরিচালিত এই জরিপে মোট ১৪৪টি ইন্ডিকেটর প্রস্তুত করা হয় যার মধ্যে ২৯টি ইন্ডিকেটর হচ্ছে এসডিজি ইন্ডিকেটর। ২০১৯ সালে পরিচালিত জরিপে দেশের ৬৪টি জেলা হতে ৩২২০টি পিএসইউ নির্ধারণ করে সর্বমোট ৬৪৪০০ হাউজহোল্ড হতে তথ্য সংগ্রহ করা হয়।বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং ইউনিসেফ বাংলাদেশ এর যৌথ উদ্যোগে ৭ম রাউন্ড 'মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS 2024)' পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামী ২০২৪ সালে জরিপের মাঠ পর্যায়ে তথ্যসংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হবে। MICS এর তথ্য দেশের বিভিন্ন কৌশলগত পরিকল্পনা প্রণয়নসহ দেশের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

**Effective Coverage of Basic Social Service (ECBSS) 2024:** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক যৌথভাবে 'Effective Coverage of Basic Social Service (ECBSS) 2024' কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। 'Effective Coverage of Basic Social Services (ECBSS)- ২০২৪ কার্যক্রমের উদ্দেশ্য হলো- বাংলাদেশের জাতীয় এবং বিভাগীয় পর্যায়ে মৌলিক সামাজিক পরিষেবা প্রাপ্তির ক্ষেত্রে বাধাসমূহ চিহ্নিত করা। সরকারের বিভিন্ন স্তরে মৌলিক সামাজিক পরিষেবাগুলির যথাযথ ব্যবহার হচ্ছে কি-না এবং সেবা প্রাপ্তির ক্ষেত্রে বাধাগুলো কি কি -তার তথ্য তুলে এনে পরিসংখ্যান প্রস্তুত করা। যার প্রেক্ষিতে সরকার এবং অন্যান্য সংস্থা এসব সমস্যা বিবেচনায় নিয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে পারে। অর্থাৎ সামাজিক পরিষেবাগুলোর ক্ষেত্রে accessibility, utilization, adequate coverage এবং effective coverage এর মাঝে পার্থক্য নিরূপণ। পাশাপাশি এর আলোকে কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে accessibility এবং effective coverage -এর মাঝে ব্যবধান হ্রাসে সরকার সহ সংশ্লিষ্ট পলিসি প্রণেতাদের সঠিক পরিসংখ্যান প্রদান করে সহায়তা করার লক্ষ্যে এ জরিপটি পরিচালনা করা হবে। । 'Effective Coverage of Basic Social Service (ECBSS) 2024 কার্যক্রমের ম্যাথডোলজি ও সার্ভে টুলস চূড়ান্তকরণ এবং জরিপ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়েছে। ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ সম্পর্কিত কাজের সাথে সম্পৃক্ত রয়েছেন।

**Small Area Estimation Report প্রস্তুত সংক্রান্ত কার্যক্রম:**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক যৌথভাবে পরিচালিত 'এস এস মনিটরিং দি সিচুয়েশন অব চিলড্রেন এন্ড উইমেন' কার্যক্রমের আওতায় Multiple Indicator Cluster Survey (MICS) 2019 এবং National Survey on Persons with Disabilities (NSPD) 2021 জরিপ ০২ (দুই) টির ডাটা ব্যবহার করে ০২ (দুই)টি Small Area Estimation Report প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে।

Multiple Indicator Cluster Survey (MICS) একটি গ্লোবাল সার্ভে। বিবিএস এবং ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক নিয়মিত এই জরিপটি পরিচলনা করা হয় যেখানে অনেক গুরুত্বপূর্ণ ইন্ডিকেটরের তথ্য বিশেষ করে নারী এবং শিশু সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ ও প্রকাশ করা হয়। সর্বশেষ ২০১৯ সালে MICS জরিপটি পরিচালিত হয়। অপরদিকে National Survey on Persons with Disabilities (NSPD) 2021 জরিপটি পরিচালনা করা হয় বাংলাদেশের প্রতিবন্ধী ব্যক্তি সম্পর্কিত তথ্য সংগ্রহপূর্বক প্রতিবন্ধী ব্যক্তিদের অগ্রাধিকারভিত্তিক নীতি-নির্ধারনসহ বিভিন্ন পরিকল্পনা গ্রহণে সহায়তার জন্য। MICS 2019 এবং NSPD 2021 এর ডাটা ব্যবহার করে ০২ (দুই)টি Small Area Estimation Report প্রস্তুতের নিমিত্ত ইতোমধ্যে বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়েছে। ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ Small Area Estimation Report প্রস্তুত সংক্রান্ত কাজের সাথে সম্পৃক্ত রয়েছেন।

## ২.১. স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (SVRS) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্প

| | | |
|---|---|---|
| **প্রকল্পের নাম** | : | স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (SVRS) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্প |
| **মেয়াদ** | : | জুলাই ২০২১ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত |
| **প্রকল্পের উদ্দেশ্য** | : | প্রমাণভিত্তিক পরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণের জন্য ১০ বছর অন্তর অনুষ্ঠিত দুটি শুমারির মধ্যবর্তী সময়ে বছরভিত্তিক জনসংখ্যা প্রাক্কলন। গুরুত্বপূর্ণ জনমিতিক আর্থসামাজিক ও জনমিতিক সূচকসমূহের উপাত্তের চাহিদা পূরণের লক্ষ্যে বিদ্যমান পদ্ধতি আধুনিকায়নের মাধ্যমে কম্পিউটার অ্যাসিসটেড পার্সোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতিতে উপাত্ত সংগ্রহ চালু করে গুণগত মান ও সময়োপযোগী উপাত্ত নিশ্চিত করা। পাশাপাশি খানা জরিপ পরিচালনার মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা উপাত্ত চাহিদাসহ আর্থসামাজিক ও জনমিতিক সূচকসমূহের হালনাগাদ উপাত্ত প্রস্তুত, বিশ্লেষণ ও প্রকাশ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। |

**২০২৩ সালে সম্পাদিত উল্লেখযোগ্য কর্মকান্ড**:

১. নির্বাচিত ২০১২ টি পিএসইউ এলাকায় জানুয়ারি-ডিসেম্বর ২০২৩ সময়ের তথ্য নিয়মিতভাবে মোট ১১টি তফসিলের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে;

২. জেলা পর্যায়ের মাস্টার ট্রেইনারদের ১৬-১৭ এপ্রিল ২০২৩ খ্রি. সময়ে ০২(দুই) দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;

৩. উপজেলা/মেট্রো থানা সুপারভাইজার ও স্থানীয় রেজিস্ট্রারদের ২৬/০৪/২০২৩ খ্রি. হতে ০৪/০৫/২০২৩ খ্রি. সময়ে নির্ধারিত সময়সূচি অনুযায়ী ০২ (দুই) দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;

৪. এপ্রিল ২০২৩ খ্রি. মাসে 'Bangladesh Sample Vital Statistics ২০২১' শীর্ষক চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ করা হয়েছে;

৫. জুন ২০২৩ মাসে 'Bangladesh Sample Vital Statistics 2022'-এর কী ফাইন্ডিংস প্রকাশ করা হয়েছে;

৬. স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (SVRS) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্প- এর জানুয়ারি-জুন ২০২৩ সময়ে সংগৃহীত তথ্যের ভ্যালিডেশন জরিপ (১ম পর্ব) কার্যক্রম ২৮ আগস্ট ২০২৩ খ্রি. হতে ০৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. সময়ে নির্বাচিত পিএসইউ এলাকায় পরিচালিত হয়েছে।

### ৫.২। ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর ২০২৩ সালে প্রকাশিত উল্লেখযোগ্য প্রতিবেদন/প্রকাশনার বিবরণ:

১. Time Use Survey (TUS) 2021 এর মূল রিপোর্ট বিবিএস ওয়েবসাইটে প্রকাশ প্রকাশের তারিখ: ২৩/০৭/২০২৩খ্রি.

২. Survey on Street Children 2022 শীর্ষক Report বিবিএস ওয়েবসাইটে প্রকাশ প্রকাশের তারিখ: ১০/০৪/২০২৩ খ্রি.

৩. ' Survey on Childrens Education in Bangladesh 2021' শীর্ষক রিপোর্ট বিবিএস ওয়েবসাইটে প্রকাশ। প্রকাশের তারিখ: ১৬/০৩/২০২৩ খ্রি.

৬.০ ফিন্যান্স, এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (FA & MIS) উইং:

২০২৩ সালে এফএ অ্যান্ড এমআইএস উইং-এর শাখা ভিত্তিক সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ:

### ৬.১ প্রশাসন শাখা

**সদর দপ্তর**

- বিবিএস এর দ্বিতীয় শ্রেণির গেজেটেড ও ননগেজেটেড কর্মকর্তা/কর্মচারীদের আন্তঃ উইং/শাখা/ফিল্ড কার্যালয়ে বদলি/প্রেষণ/সংযুক্তি, ফিল্ড কার্যালয় হতে সদর দপ্তরে বদলি/প্রেষণ/সংযুক্তি প্রদান সংক্রান্ত কাজ সম্পন্ন;
- মন্ত্রণালয় ও বিভিন্ন সরকারি/বেসরকারি/বিদেশী সংস্থার সাথে যোগাযোগ রক্ষা সংক্রান্ত কাজ সম্পন্ন করা;
- ১ম শ্রেণির কর্মকর্তাদের পদোন্নতি/বিভাগীয় পরীক্ষা/বুনিয়াদি প্রশিক্ষণ, স্বাস্থ্য পরীক্ষা, জিপিএফ মঞ্জুর সংক্রান্ত কাজ সম্পন্ন করা;
- ১ম শ্রেণির কর্মকর্তাদের পিআরএল, পেনশন মঞ্জুর প্রক্রিয়াকরণ সম্পন্ন করার জন্য SID-এ প্রস্তাব প্রেরণ করা;
- বিবিএস এর ২য় শ্রেণির কর্মকর্তাদের পিআরএল, পেনশন ও প্রশাসনিক যাবতীয় কাজ সম্পন্ন করা হয়েছে;

- বিবিএস এর সদর দপ্তর ও মাঠ পর্যায়ের অফিস সমূহের ২য় শ্রেণির কর্মকর্তাদের এসিআর সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
- বিবিএস এর এফএ অ্যান্ড এমআইএস উইং এর ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মকর্তা-কর্মচারীদের ছুটি সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করা হয়েছে;
- কর্মকর্তা/কর্মচারীদের গৃহ নির্মাণ, মোটর সাইকেল, বাইসাইকেল, কম্পিউটার, মোটরকার ইত্যাদি অগ্রিমের আবেদন, সরকারি বাসা বরাদ্দের আবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে;
- বিবিএস এর বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় কমিটি গঠন সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে;
- নীতিগত/আর্থিক বিষয়ে সরকারের জারীকৃত স্মারক/পরিপত্র বিবিএস এর সকল উইং ও কার্যালয়ে অগ্রায়ণের কাজ সম্পন্ন হয়েছে;
- বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বিভিন্ন কমিটিতে চাহিদা অনুযায়ী বিবিএস এর প্রতিনিধি মনোনয়নের কাজ সম্পন্ন হয়েছে।

**মাঠ পর্যায়:**

- বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীদের দেশ ও বিদেশে উচ্চ শিক্ষা গ্রহণার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
- বিবিএস এর মাঠ পর্যায়ের ২য় শ্রেণির কর্মকর্তা এবং কর্মচারীগণের ইস্তফা প্রদান সংক্রান্ত কাজ সম্পন্ন করা হয়েছে;
- বিবিএস এর মাঠ পর্যায়ের সকল অফিসসমূহ বেতন ভাতাদি ও অফিস পরিচালনা ব্যয়ের বরাদ্দ প্রদান;
- বিবিএস এর মাঠ পর্যায়ের অফিসসমূহের কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির জন্য সদর দপ্তর হতে প্রশিক্ষণ প্রদান;
- বিবিএস এর মাঠ পর্যায়ের অফিসসমূহের মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক ব্যয়ের হিসাব ও তদারকি সংক্রান্ত কার্যাবলি।

## ৬.২ বাজেট শাখা :

- বিবিএস এর সদর দপ্তর, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, জেলা পরিসংখ্যান কার্যালয়, উপজেলা পরিসংখ্যান কার্যালয় ও মেট্রোপলিটন থানা পরিসংখ্যান কার্যালয় ও রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির বাজেট প্রস্তুত করা হয়েছে;
- বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত ও ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে;
- বিবিএস এর সদর দপ্তরের সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতার বিল, আনুষংগিক বিল ইত্যাদি পরিশোধ করা হয়েছে;
- সিএও অফিসের সাথে আয়-ব্যয়ের হিসাবের সমন্বয় সাধন এবং মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক হিসাবের প্রতিবেদন প্রেরণ করা হয়েছে;
- ২০২১-২২ অর্থ বছরের বরাদ্দ ও ব্যয়ের হিসাব।

(অংকসমূহ লক্ষ টাকায়)

| বিবরণ | ২০২১-২২ অর্থবছর | |
|---|---|---|
| | বরাদ্দ | ব্যয় |
| **অনুন্নয়ন ব্যয়** | | |
| ১১৬০২০১-বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সদর দপ্তর | ৭৬৮২.৮৮ | ৫৮,৭১.৪৯ |
| ১১৬০২০২-বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়সমূহ | ৪৫৬.৭৩ | ৩৬৮.৭০ |
| ১১৬০২০৩-জেলা পরিসংখ্যান কার্যালয়সমূহ | ৩২২২.২৯ | ২৪৯৫.০২ |
| ১১৬০২০৪-উপজেলা পরিসংখ্যান কার্যালয়সমূহ | ৯১০৮.৫৫ | ৭০৩২.৮২ |
| ১১৬০২০৫-মেট্রোপলিটন পরিসংখ্যান কার্যালয়সমূহ | ৮৩৩.৯২ | ৫৫২.১৮ |
| ১১৬০২০১-রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচি | ৭৪৫.৫৬ | ২৩৫.২৮ |
| সর্বমোট অনুন্নয়ন | ২২০৪৯.৯৩ | ১৬৫৫৫.৪৯ |

| বিবরণ | ২০২১-২২ অর্থবছর | |
|---|---|---|
| | বরাদ্দ | ব্যয় |
| **উন্নয়ন প্রকল্প** | | |
| **উন্নয়ন প্রকল্পসমূহ** | ১৩৮৮.৯৮ | ১২৭৮.৬৬ |

### ৬.৩ অডিট:

- ❖ ৫৪ টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাধ্যমে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়;
- ❖ অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে দ্বিপক্ষীয় ২টি সভা অনুষ্ঠিত হয়েছে;
- ❖ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিভিন্ন প্রমাণাদি সংগ্রহের জন্য সংশ্লিষ্ট পক্ষকে পত্র প্রেরণ করা হয়;
- ❖ আপত্তি নিষ্পত্তি হয়েছে=৩৬টি
- ❖ বিভাগীয়/জেলা পরিসংখ্যান অফিসের বিভিন্ন অডিটআপত্তি নিষ্পত্তির বিষয়ে প্রমাণাদি সংগ্রহপূর্বক ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়;
- ❖ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের চাহিদা মত অডিট সংক্রান্ত তথ্য প্রেরণ করা হয়।

### ৬.৪ বিবিএস লাইব্রেরি:

১৯৭১ সালে সেন্সাস লাইব্রেরি নামে আনসারী ভবন, তোপখানা রোড, ঢাকা থেকে লাইব্রেরি সেবা শুরু করে। ১৯৭৪ সালে নাম পরিবর্তন করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর লাইব্রেরি করা হয়। বিবিএস লাইব্রেরি পরিসংখ্যান বিষয়ক একটি বিশেষায়িত লাইব্রেরি। প্রায় ৩৬ হাজার সংগ্রহ, রেফারেন্স ও দুষ্প্রাপ্য পুস্তকসহ পরিসংখ্যান ভবনের ২য় তলায় বিবিএস লাইব্রেরি এবং তোপখানা রোড, আনসারি ভবন, ঢাকা, ২য় তলায় বিবিএসের শাখা লাইব্রেরি অবস্থিত। আধুনিক সকল ধরণের সুযোগ সুবিধা সম্বলিত সরকারি পর্যায়ে এটি একটি অন্যতম লাইব্রেরি। লাইব্রেরিতে একসাথে প্রায় শতাধিক পাঠকের পড়ার ব্যবস্থা আছে। বর্তমানে লাইব্রেরিতে মুক্তিযুদ্ধ বিষয়ক পুস্তক প্রকাশনা সম্বলিত একটি কর্ণার, আর্ন্তজাতিক মানের ৪০০ টি ই-বুক এবং বিবিএস প্রকাশিত সকল বইয়েরই-বুক সম্বলিত পাঠক বান্ধব কর্ণার স্থাপন করা হয়েছে। এছাড়া ও রেফারেন্স সেবা, ফটোকপি সেবা, জাতীয় দৈনিক পত্রিকা, মাসিক পত্রিকা এবং ইন্টারনেট সেবা প্রদান করা হয়। সকল স্তরের পাঠক এ লাইব্রেরি ব্যবহারের সুযোগ পেয়ে থাকেন।

#### ২০২২ সালে লাইব্রেরি কার্যক্রম:

- ➢পাঠকদের চাহিদা অনুসারে তথ্য, ফটোকপি, ইন্টারনেট ও অনলাইন সেবা প্রদান করা হয়;
- ➢নিয়মিত ভাবে ১০টি সংবাদপত্র ও ২টি সাময়িকী পাঠকদের জন্য রাখা হয়;
- ➢বিবিএস বহির্ভূত গত এক বছরে পাঠকের সংখ্যা ১৫২ জন;
- ➢লাইব্রেরি কার্ড ইস্যু করা;
- ➢বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বই ইস্যু করা;
- ➢বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীকে লাইব্রেরির না-দাবী সনদ প্রদান করা;
- ➢লাইব্রেরিতে বহিরাগত পাঠকদের ফটোকপি সেবা প্রদান করা;
- ➢দেশি বিদেশি পাঠকদের ডিজিটাল তথ্য সেবা প্রদান করা হয়;
- ➢বিবিএস প্রকাশিত (২৬৭০) টি বইয়ের PDF ও e-Book কপি লাইব্রেরিতে সংরক্ষিত আছে;
- ➢বিবিএস সম্পর্কিত তথ্যের নিউজ ক্লিপিং করা হয়।

### ৬.৫ বিভাগীয় নির্বাচন কমিটি (বিনিক) শাখা:

০১. বিবিএস এর অর্গ্রানোগ্রাম/সাংগঠনিক কাঠামো সর্বশেষ ২০১২ সালে অনুমোদিত হয়। অনুমোদিত অর্গ্রানোগ্রাম অনুযায়ী জনবলের সংখ্যা ছিল ৪১২৯টি। পরবর্তীতে নতুন বিভাগ ও নতুন উপজেলা সৃষ্টি হওয়ার প্রেক্ষিতে জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে বর্তমান অনুমোদিত জনবলের সংখ্যা ৪৩৫২ টি;

০২. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র নতুন নিয়োগ বিধিমালা গত ১৮ মে ২০১৯ খ্রি. তারিখে "বাংলাদেশ কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" নামে অনুমোদিত হয়। যার মাধ্যমে বর্তমানে সকল নিয়োগ ও পদোন্নতির কার্যক্রম চলমান রয়েছে;

০৩. বিবিএস এর রাজস্ব বাজেটের ২১ ক্যাটাগরির ৫৯৩টি পদের নিয়োগ কার্যক্রম ২৩ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে সম্পন্ন করা হয়;

০৪. বিবিএস এর রাজস্ব বাজেটের ২১ ক্যাটাগরির ৭১৫টি পদের নিয়োগ কার্যক্রম ১৯ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখে সম্পন্ন করা হয়;

০৫. বিবিএস এর রাজস্ব বাজেটের ২১ ক্যাটাগরির ৭১৪ টি পদের নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে;

০৬. পরিসংখ্যান সহকারী, জুনিয়ার পরিসংখ্যান সহকারী, ইনুমারেটর এবং এডিটিং অ্যান্ড কোডিং অ্যাসিসটেন্ট পদ হতে ৬২ জনকে পরিসংখ্যান তদন্তকারী/থানা পরিসংখ্যানবিদ পদে পদোন্নতি প্রদান করা হয়েছে;

০৭. ১৩ জন সহকারী পরিসংখ্যান কর্মকর্তা/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে পরিসংখ্যান কর্মকর্তা (নন-ক্যাডার) পদে পদোন্নতি প্রদান করা হয়েছে;

০৮. পরিসংখ্যান কর্মকর্তা (নন-ক্যাডার) ৪২ জন এর চাকরি স্থায়ীকরণ করা হয়েছে;

০৯. ৪০তম বিবিএস হতে পরিসংখ্যান কর্মকর্তা (ক্যাডার) এর ০৯টি পদে নিয়োগপ্রাপ্ত হয়ে যোগদান করেছেন;

১০. ১৩ জন ফিডার পদধারীকে সহকারী পরিসংখ্যান কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে;

১১. পরিসংখ্যান কর্মকর্তা (ক্যাডার) এর ২৯টি পদে নিয়োগের লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে বিপিএসসিতে চাহিদা পত্র প্রেরণ করা হয়েছে;

১২. ৩য় ও ৪র্থ শ্রেণির ১৫০ (একশত পঞ্চাশ) জন কর্মচারীর চাকরি স্থায়ী করা হয়েছে;

১৩. ৩য় ও ৪র্থ শ্রেণির ১৭ জন কর্মচারীকে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে;

১৪. ৩য় ও ৪র্থ শ্রেণির ৪ জন কর্মচারীকে টাইমস্কেল প্রদান করা হয়েছে;

১৫. অস্থায়ীভাবে সৃজিত ১২৯টি পদ স্থায়ীকরণের নিমিত্ত প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;

১৬. নবসৃষ্ট ০৩ টি উপজেলার ৯ টি পদ সৃজনের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;

১৭. ৩য় ও ৪র্থ শ্রেণির ১৮৮ টি আউটসোর্সিং পদে জনবল নিয়োগের চুক্তি নবায়ন করা হয়েছে;

১৮. ৩য় ও ৪র্থ শ্রেণির ০৬ জন কর্মচারীকে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে।

**৬.৬ সমন্বয় শাখা:**

- ❖ পরিসংখ্যান ভবনে বিদ্যুৎ, পানি, গ্যাসসহ অন্যান্য সেবার বিল যথারীতি পরিশোধ করা হয়েছে;
- ❖ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তরের কর্মকর্তাদের দাপ্তরিক ও আবাসিক টেলিফোন বিল যথারীতি পরিশোধ করা হয়েছে;
- ❖ বিবিএস-এর পরিসংখ্যান ভবনের পৌরকর, ভুমি কর ও LEASE LINE INTERNET এর MBPS SPEED এর বিল যথারীতি পরিশোধ করা হয়েছে;
- ❖ পরিসংখ্যান ভবনে স্থাপিত ০৬ (ছয়)টি লিফট ও ২টি ১৫০ কেভিএ অটোমেটিক ভোল্টেজ স্ট্যাবিলাইজার বাৎসরিক ভিত্তিতে পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের সেবা গ্রহণের লক্ষ্যে ০১/০৫/২০২১ খ্রি. হতে ৩০/০৪/২০২৩ খ্রি. পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য চুক্তি সম্পাদিত হয়েছে;
- ❖ পরিসংখ্যান ভবনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত অন্যান্য যাবতীয় কার্য সম্পন্ন করা হয়েছে;
- ❖ যানবাহন মেরামত সংক্রান্ত কাজ যথারীতি সম্পাদন করা হয়েছে। বিবিএস সদর দপ্তরের রাজস্ব খাতাধীন সচল ৩০টি গাড়ীর মধ্যে ২৭টি গাড়ির কাগজপত্র হালনাগাদকরণ সম্পন্ন হয়েছে, বাকী ০৩টি কাগজপত্র হালনাগাদকরণ প্রক্রিয়াধীন রয়েছে;
- ❖ পরিসংখ্যান ভবনের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত বাংলাদেশ আনসার সদস্যদের বেতন-ভাতাদি যথারীতি পরিশোধ করা হয়েছে।

### ৬.৭ প্রকাশনা শাখা:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফ এ অ্যান্ড এমআইএস (প্রকাশনা শাখা) জানুয়ারি ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত মুদ্রিত প্রকাশনার তালিকাঃ

| ক্রমিক নং | প্রকাশনার নাম | মূল্য কপি | সৌজন্য কপি |
|---|---|---|---|
| ১. | Statistical Yearbook Bangladesh 2022 | 150 | 650 |
| ২. | Yearbook Of Agricultural Statistics 2021 | 100 | 900 |
| ৩. | Statistical Pocketbook Bangladesh 2022 | 500 | 4500 |
| ৪. | Monthly Statistical Bulletin, October 2022 | 75 | 75 |
| ৫. | Monthly Statistical Bulletin, December 2022 | 75 | 75 |
| ৬. | Monthly Statistical Bulletin, February 2023 | 100 | 75 |
| ৭. | Monthly Statistical Bulletin, April 2023 | 75 | 75 |
| ৮. | Monthly Statistical Bulletin, June 2023 | 75 | 75 |
| ৯. | Monthly Statistical Bulletin, August 2023 | 75 | 75 |
| ১০. | Monthly Statistical Bulletin, October 2023 | 75 | 75 |
| ১১. | Monthly Release (FTS), October 2022 | 0 | 30 |
| ১২. | Monthly Release (FTS), November 2022 | 0 | 30 |
| ১৩. | Monthly Release (FTS), December 2022 | 0 | 30 |
| ১৪. | Monthly Release (FTS), January 2023 | 0 | 30 |
| ১৫. | Monthly Release (FTS), February 2023 | 0 | 30 |
| ১৬. | Monthly Release (FTS), March 2023 | 0 | 30 |
| ১৭. | Monthly Release (FTS), April 2023 | 0 | 30 |
| ১৮. | Monthly Release (FTS), May 2023 | 0 | 30 |
| ১৯. | Monthly Release (FTS), June 2023 | 0 | 30 |
| ২০. | Monthly Release (FTS), August 2023 | 0 | 30 |
| ২১. | Monthly Release (FTS), September 2023 | 0 | 30 |
| ২২. | Monthly Release (FTS), July 2023 | 0 | 30 |
| ২৩. | Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,December 2022 | 0 | 250 |
| ২৪. | Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,January 2023 | 0 | 250 |
| ২৫. | Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,February 2023 | 0 | 250 |
| ২৬. | Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,March 2023 | 0 | 250 |
| ২৭. | Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,April 2023 | 0 | 250 |
| ২৮. | Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,May 2023 | 0 | 250 |
| ২৯. | Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,June 2023 | 0 | 250 |
| ৩০. | Monthly Release (CPI) & (WRI) in Bangladesh , July 2023 | 0 | 250 |
| ৩১. | Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,August 2023 | 0 | 250 |
| ৩২. | Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,September 2023 | 0 | 250 |
| ৩৩. | Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,October 2023 | 0 | 250 |
| ৩৪. | Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,November | 0 | 250 |

| | | | |
|---|---|---|---|
| | 2023 | | |
| ৩৫. | Monthly Release (IPS) ,October 2022 | 0 | 70 |
| ৩৬. | Monthly Release (IPS) ,November 2022 | 0 | 70 |
| ৩৭. | Monthly Release (IPS) ,December 2022 | 0 | 70 |
| ৩৮. | Monthly Release (IPS) ,January 2023 | 0 | 70 |
| ৩৯. | Monthly Release (IPS) ,February 2023 | 0 | 70 |
| ৪০. | Monthly Release (IPS) ,March 2023 | 0 | 70 |
| ৪১. | Monthly Release (IPS) ,April 2023 | 0 | 70 |
| ৪২. | Monthly Release (IPS) ,May 2023 | 0 | 70 |
| ৪৩. | Monthly Release (IPS) ,June 2023 | 0 | 70 |
| ৪৪. | Monthly Release (IPS) ,July 2023 | 0 | 70 |
| ৪৫. | Monthly Release (IPS) ,August 2023 | 0 | 70 |
| ৪৬. | বাংলাদেশের পেশাগত শ্রেণীবিন্যাস -২০২২ | 200 | 600 |
| ৪৭. | উত্তরণ জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ | 0 | 2000 |
| ৪৮. | বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ (SID) | 0 | 400 |
| ৪৯. | পাইকারী ও খুচরা ব্যবসায় জরিপ প্রতিবেদন -২০২১ | 50 | 250 |
| ৫০. | বাংলাদেশের পঞ্চাশ বছরের জাতীয় হিসাব পরিসংখ্যান | 100 | 400 |
| ৫১. | Report on Hotel & restaurant Survey 2021 | 100 | 200 |
| ৫২. | Agriculture census 2019 analytical Report National series Volume -6 | 200 | 800 |
| ৫৩. | Agriculture census 2019 analytical Report National series Volume -1 | 200 | 1600 |
| ৫৪. | Agriculture Census 2019 Cropping Patterns National series Volume -5 | 200 | 800 |
| ৫৫. | Agriculture Census 2019 Cropping Patterns National series Volume -4 | 200 | 800 |
| ৫৬. | National Accounts Statistics Provisional Estimates of GDP,2022-23 and Final Estimates of GDP, 2021-22 | 200 | 300 |
| ৫৭. | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অভ্যন্তরীণ প্রশিক্ষণ নির্দেশিকা 2022 মে-২০২২ | 0 | 100 |
| ৫৮. | নব-নিয়োগ প্রাপ্ত বিবিএস (পরিসংখ্যান)ক্যাডার ও নন ক্যাডার পরিসংখ্যান কর্মকর্তাদের অভ্যন্তরীণ ও পেশাগত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন নির্দেশিকা-২০২৩ | ০ | 500 |
| ৫৯. | Bangladesh Sample Vital Statistics 2021 | 0 | 1000 |
| ৬০. | Literacy Assessment Survey 2023 | 200 | 600 |
| ৬১. | Foreign Trade Statistics of Bangladesh 2021-22 (Set) | 65 | 65 |
| ৬২. | Agriculture Sample Census 2020 Crops Report National Series Vol-II | 200 | 800 |
| ৬৩. | Agriculture Sample Census 2020 Live Stock Report National Series Vol-III | 200 | 800 |
| ৬৪. | প্রশিক্ষণ বর্ষপঞ্জী ২০২৩-২৪ SSTI | 0 | 15 |
| ৬৫. | Labour Force Survey 2022 | 100 | 400 |
| ৬৬. | বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | 0 | 400 |

৭.০ ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং **(Industry and Labour Wing):**

## ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং

বর্তমান বিশ্ব প্রেক্ষাপটে বাংলাদেশ দ্রুত বর্ধনশীল অর্থনীতির দেশ হিসেবে পরিচিতি লাভ করেছে। দেশের টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সুদৃঢ় উন্নয়ন সুনিশ্চিত করার ক্ষেত্রে শিল্পখাতের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং দেশের সামষ্টিক অর্থনীতিতে বিদ্যমান শিল্পের ধরন এবং কার্যাবলি বিশ্লেষণ, উৎপাদনশীলতা, প্রযুক্তিগত অগ্রগতি, কর্মসংস্থান এবং এ সংক্রান্ত সঠিক পরিসংখ্যান নিয়মিত প্রস্তুত ও প্রকাশ করে থাকে।

**ইন্ডাস্ট্রি** অ্যান্ড **লেবার উইংয়ের নিয়মিত কার্যক্রম:**

**শিল্প পরিসংখ্যান**

- অর্থনৈতিক শুমারি পরিচালনা;
- বিজনেস রেজিস্টার (BR) প্রণয়ন ও হালনাগাদকরণ;
- উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ (SMI);
- বার্ষিক প্রতিষ্ঠান ও সংস্থা জরিপ (AEIS) পরিচালনা;
- জাতীয় পরিসংখ্যান প্রস্তুতের নিমিত্ত সকল ধরণের শিল্প, পেশা ও পণ্যের শ্রেণি বিন্যাস সর্ম্পকিত কোড প্রণয়ন;
- পাইকারি ও খুচরা ব্যবসা জরিপ পরিচালনা;
- হোটেল এবং রেস্টুরেন্ট জরিপ পরিচালনা;
- শিল্প জরিপ পরিচালনা;
- হস্ত ও কারুশিল্পজাত প্রতিষ্ঠান জরিপ পরিচালনা;
- অনানুষ্ঠানিক খাত জরিপ (ISS) পরিচালনা;
- Census on Technical and Vocational Education

**শ্রম পরিসংখ্যান**

- শ্রমশক্তি জরিপ (LFS)-এর মাধ্যমে শ্রম বাজার সম্পর্কিত বিভিন্ন সূচক প্রণয়ন;
- জাতীয় শিশুশ্রম জরিপ পরিচালনা;
- ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ জরিপ পরিচালনা;
- অভিবাসন ব্যয় জরিপ পরিচালনা;
- Survey on Volunteerism in Bangladesh পরিচালনা;
- Working Children in Dry Fish Industry Survey পরিচালনা;

বিবিএস শিল্পের ০৩ ধরনের শ্রেণীবিন্যাস করে থাকে:

- আইসিটি পরিষেবাদি ব্যবহারের ধরণগুলো বুঝার উদ্দেশ্যে আর্থসামাজিক তথ্য অর্জন;
- ব্যক্তি ও খানাসমূহ দ্বারা আইসিটি ব্যবহার ও প্রয়োগ সম্পর্কে সর্বশেষ ও সুনির্দিষ্ট তথ্য সংগ্রহ করা;
- এসডিজি ট্র্যাকার, আইটিইউ এবং আইসিটি বিকাশ সূচকসহ (আইডিআই) স্থানীয় ও আন্তর্জাতিক এজেন্সিসমহকে তথ্য সরবরাহ

Industrial/Occupation/ Central Product Classification
শিল্প / পেশা / পণ্যের শ্রেণিবিন্যাস

বিবিএস শিল্পের ০৩ ধরনের শ্রেণীবিন্যাস করে থাকে:

- শিল্পজাত শ্রেণিবিভাগ (BSIC): আন্তজার্তিক শ্রেণিবিভাগের নিয়মানুযায়ী দেশের সকল অর্থনৈতিক কার্যক্রমের শিল্পজাত শ্রেণিবিভাগ
- পেশাভিত্তিক শ্রেণিবিভাগ (BSCO): আন্তজার্তিক তুলনাযোগ্যতা বজায় রেখে অর্থনীতিতে অন্তর্ভুক্ত সকল পেশাগত কার্যক্রমের পেশাভিত্তিক শ্রেণিবিভাগ;
- পণ্য শ্রেণিবিভাগ (BCPC): পণ্য ও সেবার শ্রেণিবিভাগ।

## ৭.১ ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং কর্তৃক বাস্তবায়িত শুমারি / জরিপসমূহের গুরুত্ব ও উদ্দেশ্য:

### অর্থনৈতিক শুমারি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো শিল্প সংক্রান্ত শক্তিশালী পরিসংখ্যান প্রণয়নের লক্ষ্যে প্রতি দশ বছর অন্তর অর্থনৈতিক শুমারি পরিচালনা করে থাকে। কৃষি বহির্ভূত সকল ধরনের প্রতিষ্ঠান ও খানা (যে সকল খানায় নিজস্ব ব্যবহারের জন্য পণ্য উৎপাদন/সেবা প্রদান করা হয় তা ব্যতীত) অর্থনৈতিক শুমারির আওতাভুক্ত হয়। দেশে বিদ্যমান অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহের মালিকানা, কাঠামো, লিগ্যাল স্ট্যাটাস, কর্মকান্ডের ধরন, উৎপাদিত পণ্য বা সেবার ধরন, কর্মসংস্থান, স্থায়ী সম্পদের মূল্য ইত্যাদি সম্পর্কিত তথ্য অর্থনৈতিক শুমারির মাধ্যমে পাওয়া যায়।

“অর্থনৈতিক শুমারি এর মাধ্যমে জাতিসংঘ প্রণিত আন্তর্জাতিক গাইডলাইন System of National Accounts (SNA) এবং International Standard of Industrial Classification (ISIC): Rev.4 এবং জাতীয় শিল্পনীতি ২০২২ অনুযায়ী দেশে বিদ্যমান অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহের মালিকানা, কাঠামো, লিগ্যাল স্ট্যাটাস, কর্মকান্ডের ধরন, উৎপাদিত পন্য বা সেবার ধরন, কর্মসংস্থান, স্থায়ী সম্পদের মূল্য ইত্যাদি সম্পর্কিত তথ্য সংগ্রহ করা।
অর্থনৈতিক শুমারি ২০২৩ এর প্রধান প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

- SNA এবং ISIC Rev.4 ও জাতীয় শিল্পনীতি ২০২২ অনুসরণে প্রতিষ্ঠানসমূহকে শ্রেণিবদ্ধকরণ;
- দেশের বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শ্রেণিবিন্যাস অনুযায়ী সকল অর্থনৈতিক প্রতিষ্ঠানের সংখ্যা নিরূপণ করা;
- ধরন অনুযায়ী অর্থনৈতিক প্রতিষ্ঠানের (স্থায়ী/অস্থায়ী) পাশাপাশি মোট হাউজহোল্ড/খানা এর মধ্যে কতগুলো অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত তার হিসাব নিরূপণ করা;
- বিভিন্ন ধরনের অর্থনৈতিক কর্মকাণ্ডে কর্মরত জনবলের (কর্মরত মালিক/সহযোগি, অবৈতনিক পারিবারিক কর্মী, পূর্ণকালীন ও খন্ডকালীন কর্মী এবং সাময়িক/দৈনিক মজুর) পূর্ণাঙ্গ তালিকা নিরূপণ করা;
- অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত নারী উদ্যোক্তার সংখ্যা নিরূপণ করা;
- অনানুষ্ঠানিক খাতে নিয়োজিত অর্থনৈতিক প্রতিষ্ঠানের সংখ্যা নিরূপণ করা;
- সময়ের বিবর্তনে অর্থনীতির কাঠামোগত পরিবর্তনের স্বরূপ নির্ধারণ করা।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত জরিপগুলোর মধ্যে শ্রমশক্তি জরিপ একটি গুরুত্বপূর্ণ জরিপ। উক্ত জরিপের মাধ্যমে শ্রমশক্তি, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং শ্রমবাজারের সাথে কর্মসংস্থান সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশকসমূহ বের করা হয়। শ্রমশক্তি জরিপ এর মাধ্যমে লিঙ্গাভিত্তিক কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম অভিবাসন, খাত এবং পেশাভেদে শ্রমশক্তি, প্রাতিষ্ঠানিক ও অ-প্রাতিষ্ঠানিক কর্মসংস্থান, কর্মঘন্টা ও মজুরি সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত করা হয়। বিবিএস'র ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং বর্তমানে শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন শীর্ষক জরিপের কার্যক্রম পরিচালনা করছে।




গত ২৯.০৩.২০২৩ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর "শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতাধীন 'শ্রমশক্তি জরিপ ২০২২' এর প্রোভিশনাল রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথি উপস্থিত ছিলেন জনাব এম. এ. মান্নান এমপি, মাননীয় মন্ত্রী, বিশেষ অতিথি ড. শামসুল আলম, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়; বিশেষ অতিথি জনাব মোঃ এহছানে এলাহী, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি; সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মতিয়ার রহমান, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

শ্রমশক্তি জরিপের মাধ্যমে নিম্নোক্ত গুরুত্বপূর্ণ নির্দেশকসমূহ নিরূপণ করা হয়:

- বেকারত্ব (Unemployment)
- শিল্প সেক্টর অনুযায়ী কর্মসংস্থান এর পরিমাণ (Number of Employment by Industry)
- পেশাভিত্তিক কর্মসংস্থান এর পরিমাণ (Number of Employment by Occupation)
- কর্মমর্যাদা অনুযায়ী কর্মসংস্থান এর পরিমাণ (Number of Employment by Job Status)
- অনানুষ্ঠানিক কর্মসংস্থান (Employment in the Informal Economy)
- জনসংখ্যা ও কর্মসংস্থান অনুপাত (Employment Population Ratio)
- যুব বেকারত্ব (Youth Unemployment)
- দীর্ঘ মেয়াদী বেকারত্ব (Long Term Unemployment)
- সময় নির্ভর উননিয়োজন (Time related Underemployment)
- শ্রমশক্তিতে অংশগ্রহণকারীর হার (Labor force Participation Rate)
- শ্রমশক্তিতে প্রতিবন্ধী জনসংখ্যার হার (Disable Population Rate in Labor Force)
- কর্মঘন্টার পরিমাণ (Horus of Work)
- মাসিক আয় উপার্জন (Monthly Wage Earned)
- অভিবাসন ব্যয় (Recruitment Cost)




গত ০২ মে ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নিয়ন্ত্রণাধীন "শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন" প্রকল্পের আওতাধীন শ্রমশক্তি জরিপ ২০২৩ এর ১ম ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ) ফলাফল সংক্রান্ত সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ছিলেন ড. শামসুল আলম, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়; পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি; জনাব মোঃ মতিয়ার রহমান, মহাপরিচালক ,বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

## Survey of Manufecturing Industries (SMI)

উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ (SMI) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর একটি নিয়মিত কাজ এবং বাংলাদেশের শিল্প পরিসংখ্যান প্রাপ্তির অন্যতম প্রধান উৎস। জরিপটি ১০ বা তার অধিক জনবল বিশিষ্ট উৎপাদন শিল্প প্রতিষ্ঠান সমূহের অর্থনৈতিক কর্মকান্ডের তথ্য সংগ্রহ করে পরিসংখ্যানিক রিপোর্ট প্রকাশের নিমিত্ত পরিচালিত হয়। উৎপাদন শিল্প প্রতিষ্ঠানের মালিকানার ধরন, আইনগত প্রকার, স্থায়ী সম্পদের হিসাব, লিঙ্গাভিত্তিক নিয়োজিত মোট জনবল, উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল, জ্বালানি ও অনান্য খরচ এবং জাতীয় অর্থনীতিতে উৎপাদন শিল্পখাতের অবদান নির্ণয়ের জন্য Gross output ও Gross Value Addition সংক্রান্ত তথ্য এই জরিপের মাধ্যমে পাওয়া যায়।

উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ (SMI) মাধ্যমে নিম্নোক্ত গুরুত্বপূর্ণ নির্দেশকসমূহ জানা সম্ভব হয়:

উৎপাদন শিল্পের ১০+ কর্মরত জনবল বিশিষ্ট প্রতিষ্ঠানের সংখ্যা নিরূপণ; শিল্প শ্রেণিবিভাগ অনুযায়ী প্রতিষ্ঠানের মালিকানা এবং আইনগত প্রকার; কর্মের প্রকারভেদে লিঙ্গাভিত্তিক নিয়োজিত জনবল; কর্মের প্রকারভেদে নিয়োজিত জনবলের বেতন-ভাতা, মজুরি ও প্রাপ্ত সুবিধাদি; শিল্পের প্রকারভেদে নিট স্থায়ী সম্পদের হিসাব ; উৎপাদনে ব্যবহৃত কাঁচমাল ও কাঁচামালের উৎস; শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতার ব্যবহার; Industrial & Non-Industrial cost এবং Gross output and Gross Value Addition নির্ণয়।




No o

২০১৯ সালে পরিচালিত উৎপাদন শিল্প জরিপের তথ্য অনুযায়ী দেশে বিদ্যমান শিল্পের ধরণ অনুযায়ী মোট শিল্পের সংখ্যা এবং মোট স্থুল মূল্য সংযোজন

| Micro | | Small | Medium | Large | Total |
|---|---|---|---|---|---|
| 16770 | | 23306 | 3178 | 2856 | 46110 |


## ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ' প্রকল্প

বিবিএস'র ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ জরিপ নিয়মিত পরিচালনা করছে।এ জরিপের উদ্দেশ্য হলো:

- আইসিটি পরিষেবাদি ব্যবহারের ধরনগুলো বুঝার উদ্দেশ্যে আর্থসামাজিক তথ্য অর্জন;
- ব্যক্তি ও খানাসমূহ দ্বারা আইসিটি ব্যবহার ও প্রয়োগ সম্পর্কে সর্বশেষ ও সুনির্দিষ্ট তথ্যসংগ্রহ করা;
- এসডিজি ট্র্যাকার, আইটিইউ এবং আইসিটি বিকাশ সূচকসহ (আইডিআই) স্থানীয় ও আন্তর্জাতিক এজেন্সিসমূহকে তথ্য সরবরাহ করতে সহায়তা করে এমন খানা ও ব্যক্তি সম্পর্কিত আইসিটি সূচক তৈরি করা।



২৮ ডিসেম্বর ২০২২ তারিখ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহার জরিপ ২০২২ এর প্রিলিমিনারি রিপোর্ট প্রকাশ করেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব, বিবিএস এর মহাপরিচালক এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।




বিবিএস কর্তৃক ২০২২ সালে পরিচালিত ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ জরিপের তথ্য অনুযায়ী ব্যক্তি পর্যায়ে ICT ব্যবহার শীর্ষক পরিসংখ্যান

## Business Directory প্রণয়ন

বিজনেস ডিরেক্টরি শিল্প অনুসন্ধান কাজে একটি পরিসংখ্যানগত ফ্রেম হিসেবে কাজ করে। ইহা হলো দেশের সকল অর্থনৈতিক ইউনিটের একটি তালিকা যা শিল্প সংক্রান্ত জরিপের নমুনায়ন কাজে sampling frame হিসেবে ব্যবহৃত হয়। এ sampling frame এ শিল্প খাতের সকল ইউনিটের হালনাগাদ তালিকা থাকে যা স্তরবিন্যাস, নমুনা নির্বাচন এবং জরিপের তথ্য সংগ্রহে যোগাযোগের উদ্দেশ্যে প্রয়োজন হয়।

বিজনেস ডিরেক্টরি হালনাগাদকরণ কার্যক্রমের মধ্যে নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত রয়েছে:
প্রতিষ্ঠানের নাম ও যোগাযোগের ঠিকানা; প্রতিষ্ঠানের অবস্থান; আরম্ভের বছর; অফিসের ধরন; প্রধান অর্থনৈতিক কর্মকান্ড; প্রধান উৎপাদিত দ্রব্য/সেবা; উৎপাদিত পণ্যের বাজারজাত ব্যবস্থা; রেজিস্ট্রেশনের ধরন; প্রাতিষ্ঠানিক সেক্টর; প্রতিষ্ঠানের মালিকানার ধরন; এবং লিঙ্গভেদে স্থায়ী, অস্থায়ী মোট কর্মরত জনবল।




২০১৯ সালে স... বিজনেস ডিরেক্টরি প্রণয়ন করা হয়

## Industrial/Occupation/Central Product Classification
## শিল্প / পেশা / পণ্যের শ্রেণিবিন্যাস

শিল্পের Industrial/Occupation/Central Product শ্রেণীবিন্যাস (Classification) বিবিএস'র একটি ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। শিল্প পরিসংখ্যানের প্রকাশিত তথ্যাবলী আর্ন্তজাতিকভাবে তুলনাযোগ্য করার জন্য

Statistical Classification জরুরি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বর্তমানে International Standard Industrial Classification (ISIC) Rev-4 অনুসরণে Bangladesh Standard Industrial Classification (BSIC) 2020 (Vol-2) এবং International Standard Classification of Occupations (ISCO)-2008 অনুসরণে Bangladesh Standard Classification of Occupations (BSCO) 2020 (Vol-2) প্রকাশ করে। BCPC (Bangladesh Central Product Classification) 2012 পণ্য ও সেবার শ্রেণিবিন্যাসের জন্য প্রস্তুত করা হয়। শিল্প পরিসংখ্যানের প্রকাশিত তথ্যাবলী আর্ন্তজাতিকভাবে তুলনাযোগ্য করার জন্য Statistical Classification জরুরি।

বিবিএস শিল্পের ০৩ ধরনের শ্রেণীবিন্যাস করে থাকে:

ক. শিল্পজাত শ্রেণিবিভাগ (BSIC): আন্তর্জার্তিক শ্রেণিবিভাগের নিয়মানুযায়ী দেশের সকল অর্থনৈতিক কার্যক্রমের শিল্পজাত শ্রেণিবিভাগ

খ. পেশাভিত্তিক শ্রেণিবিভাগ (BSCO): আন্তজার্তিক তুলনাযোগ্যতা বজায় রেখে অর্থনীতিতে অন্তর্ভুক্ত সকল পেশাগত কার্যক্রমের পেশাভিত্তিক শ্রেণিবিভাগ;

গ. পণ্য শ্রেণিবিভাগ (BCPC): পণ্য ও সেবার শ্রেণিবিভাগ।




## জাতীয় শিশুশ্রম জরিপ

শিশুশ্রমের ঝুঁকিপূর্ণ ও বিপজ্জনক কাজের ক্ষেত্র নির্ধারণ, শিশুশ্রমের বর্তমান পরিস্থিতি নিরুপণ, বাংলাদেশের শিশুশ্রম সমর্পকিত বিস্তারিত তথ্য সমৃদ্ধকরণ, কমজীবী শিশুদের স্বাস্থ্য ও শিক্ষার অবস্থা জানা ইত্যাদি। আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) এর মধ্যে বাস্তবায়ন চুক্তি এর আওতায় জরিপ কার্যক্রমটি পরিচালিত হয়েছে। রিপোর্ট প্রকাশিত হয়েছে।


কক্সবাজার জেলায় জাতীয় শিশুশ্রম জরিপের কার্যক্রম পরিদর্শন করে সংশ্লিষ্ট কর্মকর্তা- কর্মচারীদের নির্দেশনা প্রদান করছেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি।

**জাতীয় শিশুশ্রম জরিপের উদ্দেশ্য নিম্নরূপ:**

- শিশু শ্রম প্রতিরোধ ও নির্মূলে কৌশলগত ব্যবস্থা গ্রহণে পরিসংখ্যানগত তথ্য সরবরাহ করে সরকারকে সহায়তা করা;
- প্রাতিষ্ঠানিক ও অ-প্রাতিষ্ঠানিক খাত হতে ঝুঁকিপূর্ণ শিশু শ্রম নিরসনে সুনির্দিষ্ট সময় ভিত্তিক স্বল্প-মেয়াদী পদক্ষেপ গ্রহণে তথ্য প্রদান করে সহযোগিতা করা;
- সব ধরণের শিশু শ্রম বিলোপে দীর্ঘমেয়াদী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পরিসংখ্যান প্রস্তুত করা।

## হস্ত ও কারুশিল্পজাত প্রতিষ্ঠান

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন জয়িতা ফাউন্ডেশনের অর্থায়নে বিবিএস জরিপটি পরিচালনা করছে। জরিপের মাধ্যমে কারুশিল্পে নিয়োজিত শিল্পীর উৎপাদিত পণ্য, পন্যের বাজারজাতকরণ, জনবল এবং অর্থনৈতিক অবস্থা এবং আর্থসামাজিকসম্পর্কিত তথ্য সংগ্রহ করা হবে। জরিপের তথ্য কারুশিল্প জাত পন্যের বিকাশ সাধন এবং উন্নত পরিকল্পনা প্রণয়নে সহায়ক হবে। ৭৩,৫৪২ টি প্রতিষ্ঠানের তালিকা সংগ্রহ করা হয়েছে এবং এই শিল্পের সাথে জড়িত ১,৪৮,৬৫৬ জন জনবলের তথ্য পাওয়া গিয়াছে। জুলাই ২০২৩ সালের মধ্যে প্রকাশনার ৫০০ কপি জয়িতা ফাউন্ডেশনকে সরবরাহ করা হয়েছে। সরকারের ব্যয় সংকোচন নীতি অনুসরণ পূর্বক অব্যয়িত অর্থ ১৭,৭২,৭০১/- টাকা জয়িতা ফাউন্ডেশনকে ফেরত প্রদান করা হয়।





৮। ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং :

### ৮.১ জাতীয় আয় (সেবা, শিল্প ও কৃষি) শাখা:

- ২০২১-২২ অর্থ বছরের চূড়ান্ত এবং ২০২২-২৩ অর্থ বছরের সাময়িক জিডিপি অনুমোদিত এবং প্রকাশিত হয়েছে। অনুমোদনের পর যথারীতি বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
- ‘জাতীয় হিসাব পরিসংখ্যান (২০২২-২৩ অর্থবছরের জিডিপির সাময়িক হিসাব এবং ২০২১-২২ অর্থবছরের জিডিপির চূড়ান্ত হিসাব)’ শীর্ষক প্রকাশনাটি প্রকাশ করা হয়েছে এবং কপিসমূহ সংশ্লিষ্ট অংশীজনদের বিতরণ করা হয়েছে।
- বাংলাদেশ এলডিসি দেশ থেকে উত্তোরণের নিমিত্ত IPoA (Istanbul Programme of Action) এর সকল সূচকসমূহ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত হালনাগাদ করে ও প্রয়োজনীয় বিভিন্ন তথ্য উপাত্ত প্রাক্কলনপূর্বক সরবরাহ করা হয়েছে।
- পরিকল্পনা কমিশন, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংকসহ জাতীয় পর্যায়ে এবং SAARC, UN, UNSD, WB, ESCAP, IMF, ADB IEA সহ বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের চাহিত তথ্যাদি নিয়মিত প্রেরণ করা হচ্ছে।
- ত্রৈমাসিক ভিত্তিতে মোট দেশজ উৎপাদ (QGDP) বাস্তবায়নার্থে ২০১৫-১৬ থেকে ২০২২-২৩ পর্যন্ত IMF এর গাইডলাইন অনুযায়ী প্রণয়ন করা হয়েছে এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এ ছাড়া QGDP ও DGDP সংক্রান্ত প্রজেক্ট অনুমোদিত হয়েছে এবং চলমান আছে।
- জাতিসংঘের পরিসংখ্যান বিভাগের (UNSD) চাহিত National Accounts Questionnaire (NAQ) Bangladesh এর জন্য জাতীয় আয়ের তথ্য ও উপাত্ত প্রস্তুত করে প্রেরণ করা হয়েছে।
- এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এর Key Indicator for Asia and the Pacific 2023 এর তথ্য ও উপাত্ত সররাহ করা হয়েছে।

- অষ্টম পঞ্চম বার্ষিক পরিকল্পনার জন্য বাংলাদেশ পরিকল্পনা কমিশন হতে চাহিত তথ্য ও উপাত্ত হালনাগাদ পূর্বক প্রেরণ করা হয়েছে এবং অষ্টম পঞ্চম বার্ষিক পরিকল্পনার উন্নয়ন ফলাফল কাঠামো (DRF) এর জন্য হালানাগাদ তথ্য-উপাত্ত প্রেরণ করা হয়েছে।
- অর্থনৈতিক সম্পর্ক বিভাগের চাহিত তথ্য উপাত্তের (জিডিপি ২০২২-২৩) সাময়িক হিসাব সরবরাহ করা হয়েছে।
- অর্থ বিভাগ কর্তৃক প্রণীতব্য Economic Review এর প্রয়োজনীয় তথ্য উপাত্ত প্রেরণ করা হয়েছে।
- ন্যাশনাল অ্যাকাউন্টিং উইংয়ের অধীন জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (NDCC) এর অর্থনীতি বিষয়ক কারিগরি কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

### ৮.২ চলতি উৎপাদন শাখা

- • Index of industrial Production (IIP)-Large Scale Industries এর ২০১৫-১৬ ভিত্তি বছরের ভিত্তিতে Oct-2022 থেকে Sep-2023 পর্যন্ত মোট ১২টি সংখ্যা প্রকাশিত হয়েছে (মাসিক);
- •Index of industrial Production (IIP)-Small, Medum & Micro (SMM) Scale Industries এর ২০১৫-১৬ ভিত্তি বছরের ভিত্তিতে Oct-2022 থেকে Sep-2023 পর্যন্ত মোট ১২টি সংখ্যা প্রকাশিত হয়েছে (মাসিক);
- •Index of industrial Production (IIP)-Cottage Scale Industries এর ২০১৫-১৬ ভিত্তি বছরের ভিত্তিতে Oct-2022 থেকে Sep-2023 পর্যন্ত মোট ১২টি সংখ্যা প্রকাশিত হয়েছে (মাসিক);
- •Industrial Production Statistics (IPS) শীর্ষক মাসিক প্রকাশনাটি Oct-2022 থেকে Sep-2023 পর্যন্ত সময়ে ১২টি সংখ্যা প্রকাশিত হয়েছে (মাসিক);
- • Producer Price Index (PPI)-এর ২০১৫-১৬ ভিত্তি বছরের ভিত্তিতে Oct-2022 থেকে Sep-2023 পর্যন্ত মোট ১২টি সূচক প্রণয়ন করা হয়েছে (মাসিক)। উক্ত সূচকসমূহ Monthly Statistical Bulletin-Bangladesh শীর্ষক প্রকাশনায় প্রকাশিত হয়েছে;

### ৮.৩ মূল্য ও মজুরি পরিসংখ্যান শাখা

- নির্ধারিত দরছকসমূহের মাধ্যমে ৬৪টি জেলার বিভিন্ন হাট-বাজার/মার্কেট হতে নির্দিষ্ট দ্রব্য ও সেবার মূল্য ও মজুরি সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক নিম্নবর্ণিত সূচকসমূহ প্রস্তুতের কাজ সম্পাদন করা হয়:
  **ক)** ভোক্তা মূল্য সূচক (Consumer Price Index-CPI) ও মূল্যস্ফীতির হার (Inflation Rate-IR)
  **খ)** মজুরি হার সূচক (Wage Rate Index-WRI)
  **গ)** গৃহ নির্মাণ সামগ্রির মূল্য সূচক (Building Materials Price Index- BMPI)
  **ঘ)** বাড়ি ভাড়া সূচক (House Rent Index-HRI) (ত্রৈমাসিক)
- প্রতিমাসে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক ভোক্তা মূল্য সূচক (Consumer Price Index-CPI), মূল্যস্ফীতির হার (Inflation Rate-IR) এবং মজুরি হার সূচক (Wage Rate Index-WRI) অনুমোদন পূর্বক প্রকাশ করা হয়।
- Monthly Release Consumer Price Index (CPI), Inflation Rate and Wage Rate Index (WRI) in Bangladesh শীর্ষক প্রকাশনা মুদ্রণ ও ওয়েব সাইটে প্রকাশ করা হয়।
- ০১ জানুয়ারি, ২০২৩খ্রি. হতে ৩১ ডিসেম্বর ২০২৩খ্রি. পর্যন্ত ১২টি প্রকাশনা প্রস্তুত ও প্রকাশ করা হয়েছে।

### ৮.৪ জাতীয় ব্যয় শাখা

- “Strengthening Expenditure based National Accounts and Development of Income Accounts” শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয় এ প্রেরণ করা হয়েছে।
- ২০২২-২৩ অর্থবছরের ব্যয় ভিত্তিক চূড়ান্ত জিডিপি প্রাক্কলনের জন্য তথ্য-উপাত্ত সংগ্রহ ও প্রাক্কলনের কাজ চলমান রয়েছে।

- ২০২২-২৩ অর্থ বছরের সাময়িক ব্যয় ভিত্তিক জিডিপি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এবং প্রকাশিত হয়েছে। অংশীজনদের জন্য বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
- স্থানীয় সরকার (পৌরসভা, জেলা পরিষদ, সিটি করপোরেশন ও ইউনিয়ন পরিষদ) এর বাজেট তথ্য মাঠ পর্যায়ের অফিস সমূহে কম্পিউটারে ধারণ করার জন্য একটি এন্ট্রি স্ক্রীন তৈরির কাজ শুরু করা হয়েছে এবং চলমান আছে।
- 'জাতীয় হিসাব পরিসংখ্যান (২০২২-২৩ অর্থবছরের জিডিপির সাময়িক হিসাব এবং ২০২১-২২ অর্থবছরের জিডিপির চূড়ান্ত হিসাব)' শীর্ষক প্রকাশনাটি মুদ্রিত হয়েছে এবং বিতরণের কাজ চলছে।
- এসডিজির বিভিন্ন তথ্য উপাত্ত নিয়মিতভাবে সরবারহ হয়।

### ৮.৫ বৈদেশিক বাণিজ্য শাখা

- জাতীয় রাজস্ব বোর্ড হতে অনলাইনের মাধ্যমে January-23 to December-2023 এর ১২ মাসের আমদানি ও রপ্তানী সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে।
- Monthly Release (FTS) এর প্রকাশনাটি January-23 to December-2023 এর ১২ মাসের মোট ১টি সংখ্যা বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
- Foreign Trade Statistics of Bangladesh 2021-22 প্রকাশিত হয়েছে এবং 2022-23 প্রকাশের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।

### ৮.৬ পান্ডুলিপি (প্রকাশনা) শাখা

- পরিসংখ্যান পকেটবই ২০২২ প্রকাশিত হয়েছে।
- বাংলাদেশ পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০২২ প্রকাশিত হয়েছে।
- 'মাসিক পরিসংখ্যান বুলেটিন- বাংলাদেশ' প্রকাশনার ৬টি সংখ্যা প্রকাশিত হয়েছে।
- 'Selected Statistics of Bangladesh' শীর্ষক ফ্লায়ার প্রকাশিত হয়েছে।

## ৯.০ স্ট্যাটিস্টিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট (SSTI ):

জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসাবে বিবিএস জনশুমারি, অর্থনৈতিক শুমারি, কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ শুমারিসহ সরকার কর্তৃক নির্ধারিত বিভিন্ন শুমারি পরিচালনা করে। অধিকন্তু, খানার আয়-ব্যয় জরিপ ,সার্ভে অব ম্যানুফ্যাকচারিং ইন্ডাষ্ট্রি (এসএমআই)শ্রম শক্তি জরিপ (LFS), জিডিপি প্রাক্কলন, সূচকসমূহসহ (ভোক্তা মূল্য সূচক, মজুরি হার সূচক, শিল্প উৎপাদন সূচক, উৎপাদকের মূল্য সূচক, বাড়ি ভাড়া সূচক) বিভিন্ন বিষয়ে জরিপ পরিচালনা করে আসছে। এ কর্মকান্ডের প্রতিটি স্তরে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট (এসএসটিআই) নিয়মিতভাবে প্রশিক্ষণকার্যক্রম পরিচালনা করে আসছে। এসএসটিআই সচিবালয় নির্দেশমালা, Basic Computer প্রশিক্ষণ, পেশাগত দক্ষতা ওসেবার মান বৃদ্ধিকরণ কোর্স, কৃষি পরিসংখ্যান, National Accounts Statistics, ডেমোগ্রাফি এন্ড হেলথ, **শিল্প পরিসংখ্যান,** পাবলিক প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট With e-GP, STATA ,অফিস ব্যবস্থাপনা, গাড়িচালকদের সচেতনতা বৃদ্ধিমুলক প্রশিক্ষণ,মৌলিক পরিসংখ্যান, আয়কর রিটার্ন দাখিল, Basic Mapping Using ArcGis Pro, Introduction to CAPI Application Development, Data Visualization Using ArcGis Pro ইত্যাদি প্রশিক্ষণ কোর্স আয়োজন করে আসছে।উল্লেখ্য যে, নির্ধারিত বাজেটের সংস্থান না থাকায় মার্চ/ ২০২৩ হতে মে/২০২৩মাসে এসএসটিআই কর্তৃক কোন প্রশিক্ষণ আয়োজন করা সম্ভব হয়নি ।

2023 সালে এসএসটিআই 26টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে সর্বমোট ১৫৮৩ জন কর্মকর্তা/কর্মচারিকে প্রশিক্ষণ প্রদান করেছে। এসএসটিআই কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম দ্বারা বিবিএস এর সকল স্তরের কর্মকর্তা/কর্মচারির কর্মদক্ষতা বৃদ্বি ও মানসিক উৎকর্ষ সাধিত হচ্ছে। । 2023 সালে বাস্তবায়িত প্রশিক্ষণের বিবরণ নিম্নে প্রদান করা হলো:

| ক্রমিক নং | প্রশিক্ষণ কোর্সের নাম | সময় | মেয়াদ | প্রশিক্ষণার্থীর গ্রেড | প্রশি: সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | শুদ্ধাচার, তথ্যঅধিকার, এপিএ, কৃষি পরিসংখ্যান, National Accounts Statistics, ডেমোগ্রাফি এন্ড হেলথ বিষয়ক প্রশিক্ষণ | ০৮-১২ জানুয়ারি ২০২৩ | ০৫ (পাঁচ) কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি (১১-১৬ গ্রেড) | ৩০ |
| ২ | শুদ্ধাচার, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার, জিআরএস সিটিজেন চার্টার এবং মৌলিক পরিসংখ্যান | ১৬-২৩ ফ্রেব্রুয়ারি ২০২৩ | ০৫ (পাঁচ) কর্মদিবস | বিবিএস এর কর্মচারি (১১-১৬ গ্রেড) | ৩০ |
| ৩ | ডি নথি বিষয়ক প্রশিক্ষণ | ১৪-১৮ জুন ২০২৩ | ০৪ (চার) কর্মদিবস | ৯ম-তদূর্ধ গ্রেড-২ দিন<br>১০-১৬ গ্রেড-২ দিন | ২৪+২৪ |
| ৪ | ডি নথি বিষয়ক প্রশিক্ষণ | ২৩ জুলাই-০৩ আগস্ট ২০২৩ | ১০ কর্মদিবস | ৯ম-তদূর্ধ গ্রেড-২দিন,<br>১০ম গ্রেড-২ দিন,<br>১১-১৬ গ্রেড-৬ দিন | ১২০ |
| ৫ | মৌলিক পরিসংখ্যান | ০৬-১০ আগস্ট ২০২৩ | ০৫ (পাঁচ) কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি (১০-১৬ গ্রেড) | ৩০ |
| ৬ | Public Procurement Management (with e-GP) | ১৩-১৭ আগস্ট ২০২৩ | ০৪ (চার) কর্ম দিবস | বিবিএস এর কর্মকর্তা ৯ম-তদূর্ধ গ্রেড | ২৪ |
| ৭ | বেসিক অফিস ম্যানেজমেন্ট | ২০-২৪ আগস্ট ২০২৩ | ০৫ (পাঁচ) কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি (১০-১৬ গ্রেড) | ৩০ |
| ৮ | Computer Training (MS Excel,MS Word, MS Power Point) | ২৭-৩১আগস্ট ২০২৪ | ০৫ (পাঁচ) কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি (১১-১৬ গ্রেড) | ২৪ |
| ৯ | কৃষি পরিসংখ্যান এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) | ০৩ -০৭ সেপ্টেম্বর,২০২৩ | ০৪ (চার) কর্মদিবস | ১০-১৬ গ্রেড | ৩০ |
| ১০ | তথ্য অধিকার, শুদ্ধাচার, সেবা সহজীকরণ, জিআরএস এবং সরকারি সম্পদ ব্যবহার, সিটিজেন চার্টার | ১০-১৪ সেপ্টেম্বর, ২০২৩ | ০৫ (পাঁচ) কর্মদিবস | ৯ম-তদূর্ধ গ্রেড-১ দিন,<br>১০-১৬ গ্রেড-৪ দিন | ৩৯৭ |
| ক্র: নং | প্রশিক্ষণ কোর্সের নাম | সময় | মেয়াদ | প্রশিক্ষণার্থীর গ্রেড | প্রশি: সংখ্যা |
| ১১ | Staff Development | ১৭-২১ সেপ্টেম্বর, ২০২৩ | ০৫ (পাঁচ) কর্মদিবস | ১৭-২০ গ্রেড | ৩০ |
| ১২ | মৌলিক পরিসংখ্যান | ২৪-২৭ সেপ্টেম্বর, ২০২৩ | ০৪ (চার) কর্মদিবস | ১০-১৬ গ্রেড | ৩০ |
| ১৩ | Computer Training (MS Excel,MS Word, MS Power Point) | ০১-০৫ অক্টোবর ২০২৩ | ০৫ (পাঁচ) কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি (১১-১৬ | ২৪ |

| ক্রমিক নং | প্রশিক্ষণ কোর্সের নাম | সময় | মেয়াদ | প্রশিক্ষণার্থীর গ্রেড | প্রশি: সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | | | গ্রেড) | |
| ১৪ | **Staff Development** | ০৮-১২ অক্টোবর ২০২৩ | ০৫ (পাঁচ) কর্মদিবস | ১৭-২০ গ্রেড | ৩২ |
| ১৫ | আয়কর রিটার্ন দাখিল | ১৫-১৯ অক্টোবর ২০২৩ | ০৫ (পাঁচ) কর্মদিবস | ০৪-১৮ গ্রেড | ২৫৬ |
| ১৬ | **শিল্প পরিসংখ্যান** | ২২-২৬ অক্টোবর ২০২৩ | ০৪ (চার) কর্মদিবস | ১০-১৬ গ্রেড | ৩০ |
| ১৭ | STATA | ২৯ অক্টোবর -০২ নভেম্বর ২০২৩ | ০৫ (পাঁচ) কর্মদিবস | বিবিএস এর কর্মকর্তা ৯ম-তদূর্ধ গ্রেড | ২৪ |
| ১৮ | বেসিক ফিন্যানসিয়াল ম্যানেজমেন্ট | ০৫-০৯ নভেম্বর ২০২৩ | ০৫ (পাঁচ) কর্মদিবস | ১০-১৬ গ্রেড | ৩০ |
| ১৯ | Basic Mapping Using ArcGis Pro | ১২-১৬ নভেম্বর ২০২৩ | ০৫ (পাঁচ) কর্মদিবস | ১০-১৬ গ্রেড | ৩০ |
| ২০ | Introduction to CAPI Application Development | ১৯-২৩ নভেম্বর ২০২৩ | ০৫ (পাঁচ) কর্মদিবস | বিবিএস এর কর্মকর্তা ৯ম-তদূর্ধ গ্রেড | ২৪ |
| ২১ | চাকরির বিধানাবলী ও সচেতনতা বৃদ্ধিমূলক” প্রশিক্ষণ | ২৬-৩০ নভেম্বর ২০২৩ | ০৫ (পাঁচ) কর্মদিবস | গাড়ীচালক | ৩০ |
| ২২ | Data Visualization Using ArcGis Pro | ০৩ -০৭ ডিসেম্বর ২০২৩ | ০৫ (পাঁচ) কর্মদিবস | ৯ম-তদূর্ধ গ্রেড | ২৭ |
| ২৩ | ডি নথি বিষয়ক প্রশিক্ষণ | ১০-২১ ডিসেম্বর ২০২৩ | ১০ (দশ) কর্মদিবস | ০৩-১৬ গ্রেড | ১২০ |
| ২৪ | বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংরক্ষণ সংক্রান্ত প্রশিক্ষণ | ২৪-২৬ ডিসেম্বর ২০২৩ | ০২ (দুই) কর্মদিবস | ০৩-১০ গ্রেড | ৬৫ |
| ২৫ | এসডিজি সংক্রান্ত প্রশিক্ষণ | ২৮ডিসেম্বর ২০২৩ | ০১ (এক) কর্মদিবস | ০৯-১০ গ্রেড | ২৮ |
| ২৬ | বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংরক্ষণ সংক্রান্ত প্রশিক্ষণ | ৩১ ডিসেম্বর ২০২৩ | ০১ (এক) কর্মদিবস | ০৩-১০ গ্রেড | ৪০ |

## ১০.পরিসংখ্যান ব্যুরোর আওতাধীন চলমান প্রকল্পসমূহের বিবরণঃ

### ১০.১ প্রকল্পের নাম: টেকসই কৃষি পরিসংখ্যান প্রকল্প (Sustainable Agricultural Statistics (SAS) Project):

**প্রকল্পের উদ্দেশ্য:**

কৃষি খাতে টেকসই উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি, এসডিজি এবং পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণে হালনাগাদ অফিসিয়াল পরিসংখ্যান প্রস্তুত ও সরবরাহ করা।

**প্রকল্পের মাধ্যমে নিম্নলিখিত তিনটি জরিপ সম্পাদন করা হবে:**

**১)** ১ম জরিপ (এসডিজি সূচক ২.৪.১): উৎপাদনশীল ও টেকসই কৃষির আওতায় কৃষি জমির অনুপাত নির্ণয়, খানা ও খামারের অর্থনৈতিক কর্মকান্ড, পরিবেশগত অবস্থান, সামাজিক অবস্থান নিরূপণ ও এ সংক্রান্ত জরিপ

**২)** কৃষি (ফসল, গবাদি পশু ও পাখি পালন, মৎস্য ও বনায়ন) শ্রম একক প্রতি উৎপাদনের পরিমান নিরূপণ এবং স্থানভেদে স্বল্প পরিসরে খাদ্য উৎপাদনকারীদের গড় আয় নির্ণয় সংক্রান্ত জরিপঃ এসডিজি সূচক ২.৩১. এবং ২.৩.২;

**৩)** টেকসই উন্নয়ন অভষ্ট সূচক (ক) লিঙ্গাভেদে, কৃষি জমির ওপর দখলিস্বত্ব বা মালিকানাসহ মোট কৃষি জনসংখ্যার অনুপাত; (খ) স্বত্ব বা মালিকানার ধরন অনুযায়ী কৃষি জমির মালিক বা দখলদার এমন নারীদের অংশ নির্ণয় এবং লিঙ্গা ও ভোগদখলের ধরন অনুযায়ী নিরাপদ দখলিস্বত্বসহ বৈধ দখলের অধিকার এবং জমিতে যাদের নিরঙ্কুশ অধিকার আছে বলে মনে করে এরুপ বয়স্ক লোকের অনুপাত সংক্রান্ত জরিপ: এসডিজি সূচক ৫.ক.১: এবং ১.৪.২

**১৫.৩ প্রকল্পের ফলাফল:**

ক) কৃষি পরিসংখ্যানের টেকসই উন্নয়ন অভীস্ট সূচকের প্রয়োজনীয় পরিসংখ্যানিক তথ্যাদি অংশীজনের নিকট তুলে ধরা;

খ) কৃষি সেক্টরের গঠন ভিত্তিক বিন্যাস ও কাঠামো নির্ধারণ করা;

গ) কৃষি খাতের উন্নয়নের জন্য উন্নয়ন কর্মসূচি প্রণয়ন এবং অগ্রগতি মূল্যায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা;

ঙ) কৃষি পরিসংখ্যান সংশ্লিষ্ট একটি সমৃদ্ধ তথ্য ভান্ডার প্রস্তুত করা;

চ) কৃষি খাতে সংঘটিত পরিবর্তন, বিশেষ করে কৃষি খাতে লিঙ্গাভিত্তিক তথ্যাদি নির্ণয় করা;

ছ) কৃষিতে গ্রামীণ উন্নয়নের জন্য প্রয়োজনীয় সরকারি নীতি ও কর্মসূচি প্রণয়নে সহযোগিতা করা;

**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো**
**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**
**পরিকল্পনা মন্ত্রণালয়**

**১০.২ প্রকল্পের নাম: জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প:**

## জনশুমারি ও গৃহগণনা ২০২২

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) বাংলাদেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO)। জাতীয় ও স্থানীয় পর্যায়ে পরিকল্পনা প্রণয়নে নিয়োজিত পরিকল্পনাবিদ, নীতিনির্ধারক, সরকারি-বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, এনজিও এবং সর্বোপরি জনসাধারণের ব্যবহারের জন্য আর্থসামাজিক, জনমিতিক, শিক্ষা, স্বাস্থ্য, বাণিজ্য, স্থূল জাতীয় উৎপাদন, জাতীয় আয় নিরূপণসহ বিভিন্ন ক্ষেত্রে নির্ভরযোগ্য তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ ও প্রকাশের দায়িত্ব বিবিএস নিয়মিতভাবে পালন করে আসছে।

জনশুমারি ও গৃহগণনা বাংলাদেশসহ বিশ্বের প্রায় সকল দেশে পরিচালিত সবচেয়ে গুরুত্বপূর্ণ ও ব্যাপকভিত্তিক পরিসংখ্যানিক কার্যক্রম। জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম একটি নির্দিষ্ট সময়ে একটি দেশের সকল ব্যক্তির আর্থসামাজিক ও জনমিতিক উপাত্ত ক্ষুদ্রতর ভৌগোলিক/প্রশাসনিক স্তর পর্যন্ত সরবরাহ করার পাশাপাশি দেশের সকল আবাসিক ইউনিটের সংখ্যা, অবস্থা এবং আবাসিক ইউনিটগুলোতে বিদ্যমান সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্য উপাত্ত ক্ষুদ্রতর ভৌগোলিক/প্রশাসনিক স্তর পর্যন্ত সরবরাহ করে থাকে। একটি দেশের জনমিতিক পরিসংখ্যানের প্রধান উৎস হচ্ছে জনশুমারি যা পূর্বে আদমশুমারি হিসেবে পরিচিত ছিল। স্বাধীন বাংলাদেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয় ১৯৭৪ সালে। সরকার ঘোষিত 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণে অবদান রাখার পাশাপাশি যুগের চাহিদার সাথে তাল মিলিয়ে সময়োপযোগী ও নির্ভুল তথ্য প্রদানের লক্ষ্যে বিবিএস এবারই প্রথম 'ডিজিটাল শুমারি' পরিচালনা করে। ২০১৩ সালে প্রণীত পরিসংখ্যান আইন অনুযায়ী ইতিপূর্বে পরিচিত 'আদমশুমারি'-কে 'জনশুমারি' হিসেবে অভিহিত করে ২০২২ সালের ১৫-২১ জুন সময়ে অনুষ্ঠিত হয় দেশের ৬ষ্ঠ ও প্রথম ডিজিটাল জনশুমারি ও গৃহগণনা। এটি দেশের প্রথম ডিজিটাল শুমারি হলেও জনশুমারি ও গৃহগণনা'র সকল মৌলিক উদ্দেশ্য/বৈশিষ্ট্য অক্ষুণ্ন রাখা হয়। ডিজিটাল ডিভাইস ট্যাবলেট ব্যবহার করে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে ১৫ থেকে ২১ জুন ২০২২ সময়ে দেশের সকল খানা ও খানা সদস্যের তথ্যসংগ্রহ করা হয়। পাশাপাশি শুমারির সামগ্রিক কার্যক্রমে তথ্য প্রযুক্তির ব্যবহার ছিল অনন্য ও অত্যন্ত ফলপ্রসূ। ডিজিটাল শুমারির অন্যতম প্রধান বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ:

(ক) Geographic Information System (GIS) ও Geocode সমন্বয় করে প্রস্তুতকৃত ডিজিটাল ম্যাপের মাধ্যমে সহজে ও সুনির্দিষ্টভাবে গণনা এলাকা চিহ্নিতকরণ

(খ) ডিজিটাল ডিভাইস (ট্যাবলেট) ব্যবহার করে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে তথ্যসংগ্রহ

(গ) সংগৃহীত তথ্য সংরক্ষণ ও নিরাপত্তা নিশ্চিতে TIER IV Security সমৃদ্ধ ডাটা সেন্টার ব্যবহার

(ঘ) শুমারির যাবতীয় কার্যক্রম ব্যবস্থাপনার জন্য ওয়েবভিত্তিক Integrated Census Management System (ICMS) প্রবর্তন ও সর্বক্ষেত্রে এর কার্যকর ব্যবহার নিশ্চিতকরণ।

(ঙ) মাঠপর্যায়ের তথ্যসংগ্রহ কার্যক্রম রিয়েল টাইম মনিটরিং-এর পাশাপাশি তথ্যের গতিবিধি সরাসরি পর্যবেক্ষণের লক্ষ্যে Network Operations Centre (NOC) এর ব্যবহার।

(চ) তথ্যসংগ্রহের সময় মাঠ পর্যায়ে উদ্ভূত বিভিন্ন সমস্যার দ্রুত সমাধান প্রদান এবং দেশের নাগরিকগণ যেন নিজ উদ্যোগে শুমারিতে গণনাভুক্তির বিষয়ে যোগাযোগ করতে পারে সে লক্ষ্যে স্থাপিত কল সেন্টারের ব্যবহার।

সুষ্ঠু ও সফলভাবে শুমারি সম্পাদনের মাত্র ০১ (এক) মাসের মধ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বিবিএস এর ঐকান্তিক প্রচেষ্টায় প্রাথমিক প্রতিবেদন প্রকাশ করা হয়।

### ১০.৩ জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ২০২২-২৩ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম

### ১০.৪ আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩

জনশুমারি ও গৃহগণনা এর একটি গুরুত্বপূর্ণ অংশ হলো সংক্ষিপ্ত প্রশ্নপত্রের আলোকে মূল শুমারি সম্পন্নের অব্যবহিত পর তুলনামূলক দীর্ঘ প্রশ্নপত্রের মাধ্যমে নির্দিষ্ট সংখ্যক নমুনা খানা হতে বিস্তারিত আর্থসামাজিক তথ্যসংগ্রহ করা। এটি আর্থসামাজিক ও জনমিতিক জরিপ নামে পরিচিত।

জনশুমারি ও গৃহগণনা-তে জনসংখ্যা সম্পর্কিত তথ্যাবলি একটি সংক্ষিপ্ত প্রশ্নপত্রের মাধ্যমে সংগ্রহ করা হয় যেখানে জনসংখ্যা, জন্ম, মৃত্যু, স্যানিটেশন ও অন্যান্য গুরুত্বপূর্ণ প্রশ্নগুলোকে অগ্রাধিকার ভিত্তিতে রাখা হয়। শুমারি পরবর্তী সময়ে আর্থসামাজিক ও জনমিতিক জরিপের মাধ্যমে একটি দীর্ঘ প্রশ্নপত্র ব্যবহার করে দেশের জনসংখ্যার বর্তমান অবস্থা মূল্যায়ন করতে জন্ম, মৃত্যু, অভিবাসন, আবাসন, স্বাস্থ্য, স্যানিটেশন, বিদ্যুৎ, খাবার পানির প্রাপ্যতা ইত্যাদি সম্পর্কিত বিস্তারিত তথ্যসংগ্রহ করা হয়। দেশের জনগণের আর্থসামাজিক ও জনমিতিক বিষয়ের বিশদ তথ্য আর্থসামাজিক ও জনমিতিক জরিপের মাধ্যমে সংগ্রহ করা হয়। পরবর্তী সময়ে এসব তথ্য বিশ্লেষণ করে বিভিন্ন ধরনের রিপোর্ট প্রকাশ করা হবে যা-দেশের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

'আর্থসামাজিক ও জনমিতিক জরিপ-২০২৩' কার্যক্রমে ১২,০৪০টি PSU (প্রাইমারি সেম্পল ইউনিট) হতে ২,৯৮,৭৩৪টি খানার তথ্যসংগ্রহ করা হয়। Geographic Information System (GIS) ব্যবহারপূর্বক জরিপে ব্যবহারের জন্য ১২,০৪০টি পিএসইউ ম্যাপ প্রস্তুত করা হয়েছে। জরিপের জন্য প্রস্তুতকৃত প্রশ্নপত্রের প্রি-টেস্ট এবং Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে তথ্যসংগ্রহের জন্য প্রস্তুতকৃত CAPI Apps এর ফিল্ড টেস্ট কার্যক্রম ১৭-১৮ এপ্রিল ২০২৩ সময়ে পরিচালনা করা হয়েছে। এছাড়াও ডিজিটাল ডিভাইস ট্যাবলেট ব্যবহারের মাধ্যমে সংগৃহীতব্য তথ্যের নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয় এবং Integrated Census Management system (ICMS) এর মাধ্যমে জরিপের তথ্যসংগ্রহ কার্যক্রম রিয়েল টাইম মনিটরিং করা হয়। উল্লেখ্য, 'আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩' কার্যক্রমে ১২ (বার) জন বিভাগীয় সুপারভাইজিং অফিসার ৭৯ (উনআশি) জন জেলা সুপারভাইজিং অফিসার, ১৬ (ষোল) জন সুপারভাইজিং অফিসার (কোডিং, এডিটিং ও ভ্যালিডেশন), ১০০ (একশত) জন উপজেলা সুপারভাইজিং অফিসার এবং ৩,০০০ (তিন হাজার) জন তথ্যসংগ্রহকারী জরিপ সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রমে সরাসরি সম্পৃক্ত ছিলেন।

### আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ এর প্রশ্ন চূড়ান্তকরণ:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' শীর্ষক প্রকল্পের আওতায় 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩' পরিচালনার লক্ষ্যে পর্যায়ক্রমে প্রকল্প টিম, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত বিভিন্ন জরিপ এবং পূর্বের নমুনা শুমারির প্রশ্নপত্রের সাথে প্রশ্নপত্র বিশ্লেষণ, বিবিএস বিভিন্ন পর্যায়ের উর্ধতন কর্মকর্তাগণ, টেকনিক্যাল সাপোর্ট টিম এবং প্রফেসর'স ফোরাম কর্তৃক পর্যালোচনা করে জরিপের প্রশ্নপত্র চূড়ান্ত করা হয়।




চিত্র-১: বিবিএস এর বিভিন্ন পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাগণের অংশগ্রহণে 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩' এর খসড়া প্রশ্নপত্র বিষয়ক কর্মশালা।



*চিত্র-২: বিবিএস এর বিভিন্ন পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাগণের* অংশগ্রহণে *'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩'* এর খসড়া প্রশ্নপত্র বিষয়ক কর্মশালার টেকনিক্যাল সেশনের চিত্র।




চিত্র-৩: 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ' পরিচালনার লক্ষ্যে এর খসড়া প্রশ্নপত্রের ওপর মতামত ও পরামর্শ গ্রহণের নিমিত্ত বিভিন্ন উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি, পরিসংখ্যান এবং তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সমন্বয়ে আয়োজিত কর্মশালার চিত্র।

### প্রশ্নপত্র প্রি-টেস্ট ও CAPI Apps এর ফিল্ড টেস্ট:

আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ' এর পূর্বপ্রস্তুতিমূলক কর্মকান্ডের অংশ হিসেবে মাঠ পর্যায়ের প্রশ্নপত্র প্রি-টেস্ট ও CAPI Apps এর ফিল্ড টেস্ট পরিচালিত হয় ১০ হতে ১৬ মে ২০২৩ সময়ে।



চিত্র-৪: 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩' এর প্রশ্নপত্র প্রি-টেস্ট ও CAPI Apps এর ফিল্ড টেস্ট।

## আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ এর প্রশিক্ষণ:

‘আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩’ পরিচালনার লক্ষ্যে ১২-১৫ মে ২০২৩, মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণ দেয়া হয় এবং পরবর্তীতে ১৭-২০ মে ২০২৩ মাঠপর্যায়ে মাস্টার ট্রেইনারগণ কর্তৃক উপজেলা সুপারভাইজিং কর্মকর্তা এবং তথ্যসংগ্রহকারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়।





চিত্র-৫: ‘আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩’ পরিচালনার লক্ষ্যে ১২-১৫ মে ২০২৩ সময়ব্যাপী মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণ এর চিত্র।





চিত্র-৬: ‘আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩’ পরিচালনার লক্ষ্যে মাঠপর্যায়ে উপজেলা সুপারভাইজিং কর্মকর্তা এবং তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ।

## আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ এর তথ্যসংগ্রহ কার্যক্রম :

২১ মে - ২২ জুন ২০২৩ সময়ে মাঠ পর্যায়ে CAPI Apps ব্যবহার করে ডিজিটাল ডিভাইস ট্যাবলেট এর মাধ্যমে আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ’ এর তথ্য সংগ্রহ করা হয়।







চিত্র-৭: মাঠ পর্যায়ে 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩' এর তথ্য সংগ্রহ।

## আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ এর কোডিং, এডিটিং ও ডাটা ভ্যালিডেশন কার্যক্রম:

বিবিএস সদর দপ্তর হতে কেন্দ্রীয়ভাবে মাঠ পর্যায়ের কার্যক্রম রিয়েল টাইম মনিটরিংয়ের জন্য একটি অত্যাধুনিক NOC রুম স্থাপন করা হয়েছে। NOC এর মাধ্যমে 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ' তথ্য তাৎক্ষণিক ভিজুয়ালাইজেশনের ব্যবস্থা করা হয় এবং সকল গণনা এলাকার কার্যক্রম মনিটর করা হয়। এছাড়া জরিপের কাজে ব্যবহৃত আইসিটি ইনফ্রাস্ট্রাকচার সার্বক্ষণিক মনিটরিংয়ের ব্যবস্থা রাখা হয়। বাংলাদেশ সরকারের বিভিন্ন উর্ধ্বতন কর্মকর্তাগণ NOC এর মাধ্যমে 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩' এর কার্যক্রম মনিটর করেন।




চিত্র-৮: 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩' এর তথ্যসংগ্রহ পরবর্তী NOC Room এ ডাটা কোডিং, এডিটিং এবং ভ্যালিডেশন কার্যক্রম।




চিত্র-৯: 'আর্থসামাজিক এবং জনমিতিক জরিপ ২০২৩' এর তথ্যসংগ্রহ পরবর্তীতে NOC Room এ মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম. এ. মান্নান *এমপি,* পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব শামসুল আলম এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব ড. শাহনাজ আরেফিন, *এনডিসি* মহোদয়ের ডাটা কোডিং, এডিটিং এবং ভ্যালিডেশন কার্যক্রম পরিদর্শন।

### ১০.৫ জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ন্যাশনাল রিপোর্ট (ভলিউম-১) প্রকাশ বিষয়ক কার্যক্রম

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক প্রথমবারের মতো Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে ডিজিটাল ডিভাইস ট্যাবলেট ব্যবহার করে ১৫-২১ জুন, ২০২২ সময়সীমায় ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা সম্পন্ন করা হয়। শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রম সম্পন্ন হওয়ার পর গত ২৮ নভেম্বর, ২০২৩ তারিখে স্বল্প সময়ের মধ্যে শুমারির বিস্তারিত তথ্য সম্বলিত ন্যাশনাল রিপোর্ট প্রকাশ করা হয়।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর ন্যাশনাল রিপোর্ট (ভলিউম -১) প্রকাশের লক্ষ্যে পর্যায়ক্রমে প্রকল্প টিম, প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি), এডিটর'স ফোরাম, টেকনিক্যাল সাপোর্ট টিম (টিএসটি)', প্রফেসর'স ফোরাম, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর 'প্রতিবেদন যাচাই-বাছাই কমিটি' কর্তৃক পর্যালোচনা করে রিপোর্ট চূড়ান্তভাবে প্রকাশের জন্য প্রস্তুত করা হয়।

ন্যাশনাল রিপোর্টে দেশের গণনাকৃত ও সমন্বয়কৃত মোট জনসংখ্যা, পল্লি ও শহরভিত্তিক জনসংখ্যা, লিঙ্গাভিত্তিক জনসংখ্যা, জনসংখ্যা বৃদ্ধির হার, জনসংখ্যার ঘনত্ব, লিঙ্গানুপাত, শিশু ও নারী অনুপাত, নির্ভরশীলতার অনুপাত, বৈবাহিক অবস্থা, ধর্মভিত্তিক জনসংখ্যা, প্রতিবন্ধিতা, শিক্ষা, কাজের মর্যাদা, মোবাইল ফোন ও ইন্টারনেট ব্যবহার, আর্থিক অন্তর্ভুক্তি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, নিজ ও বর্তমান বিভাগ, স্বদেশ প্রত্যাবর্তনকারী প্রবাসী এবং বিদেশী, মোট খানার সংখ্যা, খানার প্রকারভেদ, বাসগৃহের কাঠামো ও মালিকানা, খানার সুবিধাদি, প্রবাস আয়, খানার আকার বিষয়ে ইত্যাদি গুরুত্বপূর্ণ উপাত্ত বিভাগ ও জেলাভিত্তিক প্রকাশ করা হয়। এ রিপোর্টে প্রকাশিত তথ্য-উপাত্ত জাতীয় ও স্থানীয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের নিমিত্ত পরিকল্পনাবিদ, নীতিনির্ধারক, সরকারি-বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, এনজিও এবং সর্বোপরি জনসাধারণ কর্তৃক বেঞ্চমার্ক তথ্য-উপাত্ত হিসেবে ব্যবহার করা যাবে। এ রিপোর্ট দেশ ও বিদেশের সকল পরিসংখ্যান ব্যবহারকারীর জন্য নির্ভরযোগ্য তথ্যভান্ডার হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।




**চিত্র-১০: জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ন্যাশনাল রিপোর্ট প্রস্তুতে এর টেবুলেশন প্ল্যান বিষয়ক সভা**




**চিত্র-১১: ন্যাশনাল রিপোর্ট খসড়া পর্যালোচনার জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) ও এডিটর'স ফোরামের সভা**





চিত্র-১২:  ন্যাশনাল রিপোর্ট প্রস্তুতে  জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের প্রকল্প টিমের সভা





চিত্র-১৩:  ন্যাশনাল রিপোর্ট খসড়া পর্যালোচনার জন্য প্রকল্পের ‘টেকনিক্যাল সাপোর্ট টিম (টিএসটি)’ ও প্রফেসর’স ফোরামের সভা





চিত্র-১৪:  ন্যাশনাল রিপোর্ট চূড়ান্ত পর্যালোচনার জন্য প্রকল্প টিমের সভা





চিত্র-১৫:  ন্যাশনাল রিপোর্ট চূড়ান্ত অনুমোদনের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর ‘প্রতিবেদন যাচাই-বাছাই কমিটি’ এর সভা

**জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ন্যাশনাল রিপোর্ট আনুষ্ঠানিক প্রকাশ**

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়িত দেশের প্রথম ডিজিটাল 'জনশুমারি ও গৃহগণণা ২০২২' এর ন্যাশনাল রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠান পরিসংখ্যান ভবন অডিটোরিয়াম, আগারগাঁও, ঢাকায় ২৮ নভেম্বর ২০২৩ তারিখ সকাল ১১.০০টায় অনুষ্ঠিত হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক জনাব মোহাম্মদ মিজানুর রহমান, অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এম. এ. মান্নান *এমপি* এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোসাম্মৎ নাসিমা বেগম, সদস্য (সিনিয়র সচিব), আর্থসামাজিক ও অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ড. শাহনাজ আরেফিন *এনডিসি,* সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও ড. মোঃ কাউসার আহাম্মদ, সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।

জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ন্যাশনাল রিপোর্ট বিষয়ক উপস্থাপনা প্রদান করেন জনাব মোঃ দিলদার হোসেন, প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প। উক্ত প্রকাশনা অনুষ্ঠানে উন্মুক্ত আলোচনা পর্ব সঞ্চালনা করেন ড. দিপংকর রায়, যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং টিম লিডার, টেকনিক্যাল সার্পোট টিম, জনশুমারি ও গৃহগণনা ২০২২।




**চিত্র-১৬: দেশের প্রথম ডিজিটাল 'জনশুমারি ও গৃহগণণা ২০২২' এর ন্যাশনাল রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠান।**

## ৩. **অর্থনৈতিক শুমারি** ২০২৩ প্রকল্প

### ১. প্রকল্পের পটভূমি:

দেশের আর্থসামাজিক অবস্থা নিরূপণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) নির্ভরযোগ্য তথ্য সংগ্রহ ও প্রকাশনার নিমিত্ত বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ও অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। দশ বছরের ধারাবাহিকতা অনুসরণে বিবিএস ২০২৪ সালের ডিসেম্বর মাসে ৪র্থ অর্থনৈতিক শুমারি পরিচালনার পরিকল্পনা গ্রহণ করেছে। অকৃষি খাতগুলোকে পরিকল্পিতভাবে উন্নয়নমুখী করার লক্ষ্যে মানসম্মত পরিসংখ্যান প্রণয়ন করাই এ শুমারির মূল উদ্দেশ্য। অর্থনৈতিক শুমারির মাধ্যমে কৃষি বহির্ভূত অর্থনৈতিক কর্মকান্ডের তথ্য সংগ্রহ করা হয়।

বাংলাদেশের অর্থনীতি কৃষি নির্ভর হতে ক্রমশ পরিবর্তিত হয়ে শিল্প ও সেবা নির্ভর হয়ে উঠছে। ফলে অকৃষি খাতগুলো জাতীয় আয় ও কর্মসংস্থানে অধিকতর অবদান রাখছে। জাতীয় অর্থনীতির এ উত্তরণলগ্নে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে দেশের অর্থনৈতিক খাতসমূহ (প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক) সম্পর্কে সম্যক ধারনা থাকা অপরিহার্য। জাতিসংঘ প্রণিত আন্তর্জাতিক গাইডলাইন System of National Accounts (SNA), International Standard of Industrial Classification (ISIC): Rev.4 এবং জাতীয় শিল্পনীতি ২০২২ অনুযায়ী দেশে বিদ্যমান অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহের মালিকানা, কাঠামো, লিগ্যাল স্ট্যাটাস, কর্মকান্ডের ধরণ, উৎপাদিত পণ্য বা সেবার ধরণ, কর্মসংস্থান, স্থায়ী সম্পদের মূল্য ইত্যাদি সম্পর্কিত তথ্য সংগ্রহ করার লক্ষ্যে বিবিএস অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে। ১ম অর্থনৈতিক শুমারি ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। এরপর ২০০১ ও ২০০৩ সালে ২য় এবং ২০১৩ সালে ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। ২০২৪ সালে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি পরিচালনা করা হবে।

**২. অর্থনৈতিক শুমারির উদ্দেশ্য:**

- অর্থনৈতিক কর্মকান্ডের বিভিন্ন উপখাতের হিসাব নিরূপণ ও হালনাগাদ বেঞ্চমার্ক তথ্য সরবরাহ করা;
- পল্লী ও শহর এলাকার শিল্প এবং সেবা খাতে নিয়োজিত প্রতিষ্ঠানের হালনাগাদ ডাইরেক্টরি প্রস্তুত করা;
- দেশের বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প শ্রেণিবিন্যাস অনুযায়ী সকল অর্থনৈতিক প্রতিষ্ঠানের সংখ্যা নিরূপণ করা;
- অর্থনৈতিক কর্মকান্ডের শিল্পগত শ্রেণিবিন্যাস, কর্মরত জনবলের সংখ্যা ও মালিকানার ধরন জানা;
- উৎপাদিত পণ্য ও সেবার শ্রেণিবিন্যাস;
- অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত পুরুষ-মহিলাভেদে পূর্ণকালীন, খন্ডকালীন, অবৈতনিক পারিবারিক ও অনিয়মিত কর্মী সম্পর্কিত তথ্য সংগ্রহ করা;
- জাতীয় অর্থনীতিতে অপ্রাতিষ্ঠানিক (Informal) খাতের কাঠামো নিরূপণ এবং
- অর্থনৈতিক কর্মকান্ড সংক্রান্ত জরিপের Sampling Frame প্রণয়ন করা।

**৩. শুমারির আওতা:**

দেশে অবস্থিত কৃষি বহির্ভূত সকল ধরণের প্রতিষ্ঠান এবং অর্থনৈতিক কর্মকান্ড সম্বলিত খানা অর্থনৈতিক শুমারির আওতাভুক্ত হবে।

**৪. প্রকল্পের মেয়াদ:** জুলাই ২০২৩ হতে ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত।

**৫. প্রকল্পের প্রাক্কলিত ব্যয়:** ৫৭৯ কোটি ৫২ লক্ষ টাকা।

**৬. প্রকল্পের কার্যক্রমসমূহ:**

**পর্যায়-১: শুমারির প্রস্তুতিমূলক কার্যক্রম:**

- ১ম জোনাল অপারেশন ও ম্যাপিং অপারেশন এবং দেশে বিদ্যমান অর্থনৈতিক কর্মকান্ড সম্বলিত সকল খানা ও প্রতিষ্ঠানের তালিকা প্রণয়ন করা;
- ২য় জোনাল অপারেশন- জিও কোড হালনাগাদকরণ, স্থায়ী শুমারি কমিটির সভা আয়োজন ও অন্যান্য প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পন্ন এবং
- শুমারির প্রি-টেস্টিং ও পাইলট শুমারি পরিচালনা

**পর্যায়-২: মূল শুমারি কার্যক্রম:**

তালিকায় বিদ্যমান প্রতিষ্ঠানসমূহের মালিকানার ধরন, কাঠামো, লিগ্যাল স্ট্যাটাস, কর্মকান্ডের ধরন ইত্যাদি সম্পর্কিত তথ্য সংগ্রহ করা।

**পর্যায়-৩: শুমারি পরবর্তী কার্যক্রম (ফলাফল) :**

- প্রাথমিক প্রতিবেদন প্রকাশ (শহর ও গ্রামভিত্তিক মোট অর্থনৈতিক ইউনিটের সংখ্যা, মহিলা ও পুরুষ প্রধান ইউনিটের সংখ্যা ইত্যাদি) ;

- পোস্ট ইন্যুমারেশন চেক (পিইসি) পরিচালনার তথ্য প্রকাশ (স্বাধীন/স্বতন্ত্র সংস্থার মাধ্যমে শুমারির তথ্য উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ ও যাচাইকরণ);
- জাতীয় প্রতিবেদন প্রকাশ ( অর্থনৈতিক ইউনিটসমূহের নিবন্ধন, পণ্য বিক্রয়ের ধরন, হিসাব পদ্ধতি, মালিকানার ধরন ইত্যাদি);
- জেলা প্রতিবেদন প্রকাশ (দেশের ৬৪ জেলার পৃথক পৃথক তথ্য-উপাত্ত প্রস্তুত ও প্রকাশ);
- প্রশাসনিক প্রতিবেদন প্রকাশ (শুমারি বাস্তবায়নের পদ্ধতি এবং প্রক্রিয়া উল্লেখিত পূর্ণাঙ্গ প্রশাসনিক প্রতিবেদন প্রকাশ);
- পিইসি প্রতিবেদন প্রকাশ (মূল শুমারি পরবর্তী শুমারি তথ্য যাচাইকরণ সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ) এবং
- স্ট্যাটিস্টিক্যাল বিজনেস রেজিস্টার প্রণয়ন (বিশদ প্রশ্নপত্রের মাধ্যমে মাইক্রো, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের তথ্য ভান্ডার প্রস্তুত)

৪. শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রম বাজার তথ্যের উন্নয়ন প্রকল্প:

| | |
|---|---|
| প্রকল্পের শিরোনাম | : শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প |
| উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ | : শিল্প ও শক্তি সেক্টর, পরিকল্পনা কমিশন |
| প্রকল্পের বাস্তবায়নকাল | : জুলাই ২০২০ হতে জুন ২০২৫ খ্রি. পর্যন্ত |
| ক) শুরুর তারিখ | : জুলাই ২০২০ খ্রি. |
| খ) সমাপ্তির তারিখ | : জুন ২০২৫ খ্রি. |
| প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : ১৫৫০.১০ |
| জিওবি | : ১৫৫০.১০ |
| বৈদেশিক মুদ্রা | : প্রযোজ্য নয় |

## Labour Force Survey (LFS)

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত জরিপগুলোর মধ্যে শ্রমশক্তি জরিপ একটি গুরুত্বপূর্ণ জরিপ। উক্ত জরিপের মাধ্যমে শ্রমশক্তি, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং শ্রমবাজারের সাথে কর্মসংস্থান সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশকসমূহ বের করা হয়। শ্রমশক্তি জরিপ এর মাধ্যমে লিঙ্গাভিত্তিক কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম অভিবাসন, খাত এবং পেশাভেদে শ্রমশক্তি, প্রাতিষ্ঠানিক ও অ-প্রাতিষ্ঠানিক কর্মসংস্থান, কর্মঘন্টা ও মজুরি সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত করা হয়। বিবিএস'র ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং বর্তমানে শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন শীর্ষক জরিপের কার্যক্রম পরিচালনা করছে।




গত ২৯.০৩.২০২৩ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর "শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতাধীন 'শ্রমশক্তি জরিপ ২০২২' এর প্রোভিশনাল রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথি উপস্থিত ছিলেন জনাব এম. এ. মান্নান এমপি, মাননীয় মন্ত্রী, বিশেষ অতিথি ড. শামসুল আলম, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়; বিশেষ অতিথি জনাব মোঃ এহছানে এলাহী, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি; সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মতিয়ার রহমান, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

শ্রমশক্তি জরিপের মাধ্যমে নিম্নোক্ত গুরুত্বপূর্ণ নির্দেশকসমূহ নিরূপণ করা হয়:

- বেকারত্ব (Unemployment)
- শিল্প সেক্টর অনুযায়ী কর্মসংস্থান এর পরিমাণ (Number of Employment by Industry)
- পেশাভিত্তিক কর্মসংস্থান এর পরিমাণ (Number of Employment by Occupation)
- কর্মমর্যাদা অনুযায়ী কর্মসংস্থান এর পরিমাণ (Number of Employment by Job Status)
- অনানুষ্ঠানিক কর্মসংস্থান (Employment in the Informal Economy)
- জনসংখ্যা ও কর্মসংস্থান অনুপাত (Employment Population Ratio)
- যুব বেকারত্ব (Youth Unemployment)
- দীর্ঘ মেয়াদী বেকারত্ব (Long Term Unemployment)
- সময় নির্ভর উননিয়োজন (Time related Underemployment)
- শ্রমশক্তিতে অংশগ্রহণকারীর হার (Labor force Participation Rate)
- শ্রমশক্তিতে প্রতিবন্ধী জনসংখ্যার হার (Disable Population Rate in Labor Force)
- কর্মঘন্টার পরিমাণ (Horus of Work)
- মাসিক আয় উপার্জন (Monthly Wage Earned)
- অভিবাসন ব্যয় (Recruitment Cost)



গত ০২ মে ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নিয়ন্ত্রণাধীন “শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন” প্রকল্পের আওতাধীন শ্রমশক্তি জরিপ ২০২৩ এর ১ম ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ) ফলাফল সংক্রান্ত সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ছিলেন ড. শামসুল আলম, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়; পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি; জনাব মোঃ মতিয়ার রহমান, মহাপরিচালক ,বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

৫. ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) এবং জেলাভিত্তিক মোট দেশজ উৎপাদ (DGDP) উন্নয়ন’ প্রকল্প

**প্রকল্পের পটভূমি**

বর্তমান বিশ্ব প্রেক্ষাপটে বাংলাদেশ দ্রুত বর্ধনশীল একটি অর্থনীতির দেশ হিসেবে পরিচিতি লাভ করেছে। দ্রুত বর্ধনশীল অর্থনীতি পরিমাপকের অন্যতম সূচক হলো একটি দেশের জিডিপি’র পরিমান ও প্রবৃদ্ধি। পরিকল্পনা মন্ত্রণালয়াধীন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক প্রতিবছর দেশের জিডিপি’র পরিধি এবং প্রবৃদ্ধি হার প্রস্তুত ও প্রকাশ করা হয়। জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ১৯৭২ সাল হতে জাতিসংঘ প্রণীত সিস্টেম অফ ন্যাশনাল অ্যাকাউন্টস (SNA) এবং ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ইন্ডাস্ট্রিয়াল ক্লাসিফিকেশন অনুসরণ করে ১৯টি অর্থনৈতিক খাতের সমন্বয়ে উৎপাদন, ব্যয় বা আয় পদ্ধতি অনুসরণ করে জাতীয় ভিত্তিতে জিডিপি’র আকার পরিমাপ করে। জিডিপি প্রণয়নের ক্ষেত্রে বিবিএস সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, দপ্তর/সংস্থা, স্বায়ত্বশাসিত সংস্থা, বেসরকারী সংস্থা, এনজিও এবং বিভিন্ন শুমারি বা জরিপের তথ্য উপাত্ত সংকলন করে জাতীয় ভিত্তিতে জিডিপি প্রণয়ন করে।

ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) দেশের অর্থনীতির স্বল্প মেয়াদী গতিবিধি পর্যবেক্ষনসম্বলিত সূচক। বর্তমানে বিবিএস বার্ষিক জিডিপি প্রণয়ন করছে। বাংলাদেশের অর্থনীতি দ্রুত পরিবর্তিত হচ্ছে। অল্প সময়ের মধ্যে অর্থনৈতিক পরিবর্তনগুলো নিরীক্ষণ করতে এক বছর অপেক্ষা করতে হয়। ব্যবহারকারীর দিক থেকে, বিশেষ করে বাংলাদেশ সরকারের অর্থ বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক থেকে QGDP প্রণয়ন করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে। এছাড়া সম্প্রতি IMF কর্তৃক প্রদত্ত আর্থিক সুবিধা প্রদানের ক্ষেত্রেও QGDP প্রণয়ন করার বিষয়ে বিশেষ চাহিদা রয়েছে। বেশিরভাগ উন্নত দেশ QGDP প্রণয়ন করছে। অধিকন্তু ভারত, নেপাল এবং শ্রীলঙ্কার মতো দক্ষিণ এশিয়ার দেশগুলো ইতোমধ্যে QGDP প্রণয়ন করছে। এছাড়া বাংলাদেশ QGDP প্রণয়ন করার মধ্য দিয়ে স্পেশাল ডেটা ডিসেমিনেশন স্ট্যান্ডার্ড (SDDS) এর সীমানায় প্রবেশ করবে। উল্লেখ্য, বিশ্বের প্রায় ৪১ টি দেশ SDDS অনুশীলন করছে যা স্বচ্ছতাকে শক্তিশালী করে এবং IMF থেকে সুপারিশকৃত মান ও কোড প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসনের অনুশীলনকে উন্নীত করে। ন্যাশনাল সার্ভে ডেটা পেজ (NSDP) প্রস্তুত করতে QGDP প্রয়োজন। তৎপ্রেক্ষিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং কর্তৃক QGDP প্রাক্কলন করার উদ্যোগ নিয়েছে। কিন্তু QGDP প্রণয়ন ও উন্নয়ন করার জন্য জিডিপি কম্পাইলারদের বিশেষ প্রশিক্ষণ এবং প্রযুক্তিগত সহায়তার পাশাপাশি কতিপয় জরিপ পরিচালনা করার প্রয়োজনীয়তা রয়েছে। বিবিএস প্রতি বছর বার্ষিক জিডিপি প্রাক্কলন করে। অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক এবং অন্যান্য জাতীয় ও আন্তর্জাতিক ব্যবহারকারীদের ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) প্রণয়নের নানাবিধ চাহিদা রয়েছে। এছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত পরিসংখ্যান উন্নয়নে জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) –এর ৭৮ নং পৃষ্ঠায় Compilation of Quarterly National Accounts (QNA) শিরোনামে QGDP কে Top priority ভিত্তিতে ৩ নং Strategic goal হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে প্রকল্পটি বাস্তবায়িত হলে NSDS বাস্তবায়ন তরান্বিত হবে। পাশাপাশি এসডিজি ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে। সর্বোপরি বাংলাদেশ Enhanced General Data Dissemination (e-GDDS) থেকে Special Data Dissemination Standard (SDDS) এর সীমানায় প্রবেশ করবে।

এছাড়া, দেশের নীতি নির্ধারক, গবেষক এবং উন্নয়ন পরিকল্পনাবিদগণের মতে বাংলাদেশের উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে দেশের প্রতিটি জেলার জিডিপি এবং এর প্রবৃদ্ধি হার প্রণয়ন করা অপরিহার্য। কারণ জেলা ভিত্তিক জিডিপি প্রণয়ন করা হলে একটি জেলার প্রকৃত অর্থনৈতিক প্রবৃদ্ধি, কাঠামোগত পরিবর্তন, উৎপাদনের অর্থনৈতিক কাঠামো, আয় বিন্যাস, ভোগ, বিনিয়োগ, সঞ্চয়সহ জেলার মাথাপিছু আয় জানা সম্ভব হবে। এসব তথ্য **সরকারের** স্হানীয় পর্যায়ের উন্নয়ন প্রতিবন্ধকতা এবং উন্নয়নের সম্ভাব্যতা নিরূপণে সহায়তা করবে এবং প্রতিটি জেলার অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে জেলার নিজ নিজ সম্পদ এবং সম্ভাবনাকে কাজে লাগিয়ে অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও পরিবেশগত টেকসই উন্নয়ন নিশ্চিত করবে। এছাড়া জেলা ভিত্তিক জিডিপি প্রণয়ন করা হলে দেশের বিভাগ/জেলাসমূহকে উন্নয়ন পরিপ্রেক্ষিতে র‍্যাংকিং করা যাবে, যার ফলে অপেক্ষাকৃত নাজুক এবং অনুন্নত বিভাগ/জেলাসমূহের জন্য সরকারের টেকসই পরিকল্পনা প্রণয়ন সম্ভব হবে। তৎপ্রেক্ষিতে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং কর্তৃক অত্র প্রকল্পের মাধ্যমে জেলাভিত্তিক জিডিপি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্টসমূহের (SDGs) সফল বাস্তবায়নে উন্নয়ন পরিকল্পনাকে অন্তর্ভুক্তিমূলক (Inclusiveness) এবং স্থানীয়করণের (Localization) আবশ্যকতা অনস্বীকার্য। দেশের পরিকল্পনাবিদ এবং নীতি-নির্ধারকগণ সভা/সেমিনার/গবেষণা পত্রের মাধ্যমে অঞ্চলভিত্তিক দারিদ্র পরিস্থিতি, খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্য, শিক্ষা, কর্মসংস্থান, পেশাগত ঝুঁকি, কৃষি খাতের উৎপাদন ঝুঁকি ইত্যাদি নিরুপণের জন্য জেলাভিত্তিক জিডিপি প্রণয়নে গুরুত্বারোপ করছে। ইতোমধ্যে সরকারের ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনাতেও জেলাভিত্তিক জিডিপি পরিমাপের বিষয়টি সর্বোচ্চ গুরুত্বারোপ করা হয়েছে।

পরিসংখ্যান আইন, ২০১৩-এর ৬ (ঘ) ধারা অনুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষক ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সহিত নির্ভরযোগ্য এবং ব্যবহারবান্ধব পরিসংখ্যান

সরবরাহকরণের জন্য দায়িত্বপ্রাপ্ত। জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে আধুনিক তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সরকারি পরিসংখ্যান প্রণয়নের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো দক্ষতা ও পেশাদারিত্বের সাথে কাজ করছে। বিবিএস সরকারকে এসডিজি সম্পর্কিত ১০৫টি ইন্ডিকেটর এর তথ্য-উপাত্ত প্রদান করেছে। জেলাভিত্তিক জিডিপি এর আলোকে স্থানীয় উন্নয়ন পরিকল্পনা ও কৌশল গ্রহণ করা অর্থনৈতিক সেক্টর ভিত্তিক উন্নয়নসহ টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন সম্ভব। এছাড়া, বর্তমান সরকার পরিসংখ্যান ব্যবস্থাকে উন্নত ও শক্তিশালী করার জন্য জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) প্রণয়ন করেছে। NSDS এ বিবিএস'র অগ্রাধিকার কার্যক্রমের মধ্যে /জেলা জিডিপি প্রণয়নের কথা উল্লেখ রয়েছে।

উল্লেখ্য, অত্র প্রকল্পের মাধ্যমে সম্পাদিত জরিপসমূহ এবং সেবা উৎপাদন সূচক প্রণয়ন করার মাধ্যমে বেঞ্চমার্ক তথ্যের ভিত্তিতে মোট দেশজ উৎপাদ প্রাক্কলন নিয়মিতভাবে সরকারের রাজস্ব বাজেট থেকে পরিচালনা করা যেতে পারে। এতে বিবিএস-এর সকল জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অন্তর্ভুক্তকরণসহ সরকারের রাজস্ব ব্যয় যেমন সাশ্রয় হবে তেমনি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জনবলকে নিযুক্ত করে মোট দেশজ উৎপাদ প্রাক্কলন এর মতো গুরুত্বপূর্ণ কার্যক্রম পরিচালনা করা সহজতর হবে।

**প্রকল্পের বিবরণ**

'ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) এবং জেলাভিত্তিক মোট দেশজ উৎপাদ (DGDP) উন্নয়ন প্রকল্প' এর মাধ্যমে বাংলাদেশকে Enhanced General Data Dissemination (e-GDDS) থেকে Special Data Dissemination Standard (SDDS) দেশ হিসেবে উন্নীতকরণ এবং দেশের জাতীয় ও জেলা পর্যায়ের অর্থনৈতিক গতি প্রকৃতি নিরূপণ করতে ২০২৩ সালের জুলাই হতে ২০২৮ সালের জুন পর্যন্ত ৫ বছরের জন্য প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে। ত্রৈমাসিক ও জেলাভিত্তিক জিডিপি প্রাক্কলনের জন্য শিক্ষা ও স্বাস্থ্য সেবা খাত সংক্রান্ত জরিপ এবং কুরিয়ার, নির্মাণ, NPISH, মানি এক্সচেঞ্জ, Arts and Entertainment সহ প্রয়োজনীয় অন্যান্য কেসস্টাডি এবং সমূহ পরিচালনা ও প্রতিবেদন প্রস্তুত করা হবে। পাশাপাশি ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) প্রাক্কলন উন্নয়ন ও প্রাতিষ্ঠানিকীকরণ করার লক্ষ্যে সেবা উৎপাদন সূচক- Index of Service Production (ISP) প্রণয়ন করা হবে এর ফলে বিবিএস-এর সকল জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অন্তর্ভুক্তকরণসহ সরকারের রাজস্ব ব্যয় যেমন সাশ্রয় হবে তেমনি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জনবলকে নিযুক্ত করে নিয়মিতভাবে ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ প্রাক্কলন এর মতো গুরুত্বপূর্ণ কার্যক্রম পরিচালনা করা সহজতর হবে।

এ প্রকল্পের আওতায় জিডিপি এর সেবাখাতের অন্যতম বৃহৎ ০২টি (শিক্ষা ও স্বাস্থ্য) খাত সংক্রান্ত ত্রৈমাসিক জরিপ, ত্রৈমাসিক জিডিপি প্রাক্কলনে ইন্ডিকেটর নির্ধারণের জন্য ০৫ টি কেস স্টাডি, ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) প্রাক্কলন উন্নয়ন ও প্রাতিষ্ঠানিকীকরণ করার লক্ষ্যে সেবা উৎপাদন সূচক- Index of Service Production (ISP) প্রণয়ন এবং জেলাভিত্তিক জিডিপি প্রণয়নের লক্ষ্যে জিডিপি এর ১৯টি খাতসম্বলিত জেলা প্রোফাইল প্রণয়ন কার্যক্রম পরিচালনা করা হবে। ত্রৈমাসিক জিডিপি প্রণয়নের ক্ষেত্রে সেবাখাতের তথ্যের অপ্রতুলতা থাকায় বর্ণিত জরিপ ও কেস স্টাডিসমূহের মাধ্যমে উক্ত ঘাটতি দূর করা সহজতর হবে।

এছাড়া, দেশের নীতি নির্ধারক, গবেষক এবং উন্নয়ন পরিকল্পনাবিদগণের মতে বাংলাদেশের উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে দেশের প্রতিটি জেলার জিডিপি এবং এর প্রবৃদ্ধি হার প্রণয়ন করা জরুরি সেপ্রেক্ষিতে অত্র প্রকল্পের মাধ্যমে জেলা জিডিপি প্রণয়ন করা হবে। এতে একটি জেলার প্রকৃত অর্থনৈতিক প্রবৃদ্ধি, কাঠামোগত পরিবর্তন, উৎপাদনের অর্থনৈতিক কাঠামো, আয় বিন্যাস, ভোগ, বিনিয়োগ, সঞ্চয়সহ জেলার মাথাপিছু আয় জানা সম্ভব হবে। এসব তথ্য **সরকারের** স্থানীয় পর্যায়ের উন্নয়ন প্রতিবন্ধকতা এবং উন্নয়নের সম্ভাব্যতা নিরূপণে সহায়তা করবে এবং প্রতিটি জেলার অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে জেলার নিজ নিজ সম্পদ এবং সম্ভাবনাকে কাজে লাগিয়ে অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও পরিবেশগত টেকসই উন্নয়ন নিশ্চিত করবে। এছাড়া জেলা ভিত্তিক জিডিপি প্রণয়ন করা হলে দেশের বিভাগ/জেলাসমূহকে

উন্নয়ন পরিপ্রেক্ষিতে র‍্যাংকিং করা যাবে, যার ফলে অপেক্ষাকৃত নাজুক এবং অনুন্নত বিভাগ/জেলাসমূহের জন্য সরকারের টেকসই পরিকল্পনা প্রণয়ন সম্ভব হবে। তৎপ্রেক্ষিতে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং কর্তৃক অত্র প্রকল্পের মাধ্যমে জেলাভিত্তিক জিডিপি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**প্রকল্পের আওতা**

প্রকল্পের মাধ্যমে নিম্নলিখিত জরিপ এবং কেস স্টাডি সম্পাদন করা হবে:

ক) শিক্ষা সেবাখাত সংক্রান্ত ত্রৈমাসিক জরিপ

খ) সেবা উৎপাদন সূচক- Index of Service Production (ISP) সংক্রান্ত ত্রৈমাসিক জরিপ

গ) জেলাভিত্তিক জিডিপি প্রণয়নে জেলা প্রোফাইল সংক্রান্ত জরিপ

ঘ) কুরিয়ার, নির্মাণ, NPISH, মানি এক্সচেঞ্জ, Arts and Entertainment সংক্রান্ত পৃথক ০৫টি কেস স্টাডি

**প্রকল্পের উদ্দেশ্য**

**প্রধান উদ্দেশ্য:** ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) এবং জেলাভিত্তিক মোট দেশজ উৎপাদ (DGDP) উন্নয়নের মাধ্যমে বাংলাদেশের জাতীয় ও জেলা পর্যায়ের অর্থনৈতিক গতি প্রকৃতি নিরূপণ।

**সুনির্দিষ্ট উদ্দেশ্য**

১. ত্রৈমাসিক ও জেলাভিত্তিক জিডিপি প্রাক্কলনের জন্য শিক্ষাসেবা সংক্রান্ত জরিপ এবং কুরিয়ার সেবাখাত, নির্মাণ খাত, NPISH, মানি এক্সচেঞ্জ সেবাখাত, Arts and Entertainment সহ প্রয়োজনে অন্যান্য কেসস্টাডিসমূহ পরিচালনা ও প্রতিবেদন প্রস্তুত করা:

২. দেশের জেলাভিত্তিক জিডিপি (DGDP) প্রণয়ন করা।

৩. ISIC Revision 4 অনুয়ায়ী 19টি শিল্প খাত সম্বলিত জেলা প্রোফাইল প্রস্তুত করা।

৪. ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) প্রাক্কলন উন্নয়ন করার লক্ষ্যে সেবাখাতের ত্রৈমাসিক তথ্য সংগ্রহের মাধ্যমে সেবা উৎপাদন সূচক- Index of Service Production (ISP) প্রণয়ন করা।

৫. Enhanced General Data Dissemination (e-GDDS) থেকে Special Data Dissemination Standard (SDDS) দেশ হিসেবে উন্নীতকরণে ভূমিকা পালন করা

৬. ডিজিটাল পদ্ধতিতে তথ্য উপাত্ত সংগ্রহে প্রয়োজনীয় মোবাইল অ্যাপলিকেশন প্রস্তুত, ইনস্টলেশন, কমিশনিং এবং সার্ভারে স্টোরিং নিশ্চিতকরণ করা।

৭. পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) ও জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশল (NSDS) বাস্তবায়নে পরিকল্পনাবিদ, নীতি নির্ধারক, গবেষক, উন্নয়ন সহযোগী সংস্থা প্রভৃতিকে সহায়তাসহ সংশ্লিষ্ট তথ্য প্রদানকারী সংস্থাকে ত্রৈমাসিক ও জেলা ভিত্তিতে তথ্য সরবরাহে দক্ষতা বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা।

**প্রকল্পের ফলাফল**

- ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) এবং জেলাভিত্তিক জিডিপি প্রাক্কলন করার মাধ্যমে দেশের জাতীয় হিসাবকে আন্তর্জাতিকমানে উন্নীতকরণ
- শিক্ষা ও সেবা উৎপাদক সূচক সংক্রান্ত জরিপ এবং কুরিয়ার সার্ভিস, নির্মাণ, এনপিআইএসএইচ, মানি এক্সচেঞ্জ সার্ভিস, আর্টস এন্ড এন্টারটেইনম্যান্ট সংক্রান্ত কেস স্টাডি সংক্রান্ত রিপোর্ট
- জেলা জিডিপি প্রাক্কলন, জিডিপি প্রাক্কলনের বিভিন্ন খাতসম্বলিত জেলা প্রোফাইল এবং
- বাংলাদেশকে স্পেশাল ডেটা ডিসেমিনেশন স্ট্যান্ডার্ডস (SDDS) এর সীমানায় প্রবেশের মাধ্যমে দেশের অর্থনৈতিক সূচককে আরেক ধাপ এগিয়ে নিয়ে যেতে সহায়ক ভূমিকা পালন করা।
- এনএসডিএস, এসডিজি ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করা।

**৬. ইন্টিগ্রেটিং জিওস্পেসিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিকস ইন বিবিএস শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প :**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ইন্টিগ্রেটিং জিওস্পেসিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিকস ইন বিবিএস শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি ইউএনএফপিএ এবং বিবিএস কর্তৃক যৌথভাবে আর্থিক সহায়াতার মাধ্যমে পরিচালিত হচ্ছে। প্রকল্পের মেয়াদ এপ্রিল, ২০২৩ হতে ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত। গত ১৬ অক্টোবর ২০২৩ তারিখ প্রকল্পের Inception Workshop অনুষ্ঠিত হয়েছে।





**Violence Against Women (VAW) Survey 2024 সংক্রান্ত কার্যক্রমঃ**

ইন্টিগ্রেটিং জিওস্পেসিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিকস ইন বিবিএস প্রকল্পের এর আওতায় Violence Against Women (VAW) Survey 2024 এর মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য সারাদেশ হতে নির্বাচিত ১৪৪০ টি গণনা এলাকায় জরিপ কার্যক্রমের মাধ্যমে নারীর প্রতি সহিংসতার ব্যাপ্তি পরিমাপ করা, নারীর প্রতি সহিংসতার ধরণ বা প্রকৃতি নিরূপণ করা, নারীর প্রতি সহিংসতা মূলক আঘাত পরিমাপ করা, ও নারীর প্রতি সহিংসতার কারণ, প্রভাব ও গৃহীত পদক্ষেপ সম্পর্কিত পরিসংখ্যান প্রণয়ন করা হবে। Violence Against Women (VAW) Survey 2024 এর প্রাথমিক কার্যাবলি সম্পাদন করা হয়েছে। জরিপ পরিচালনার লক্ষ্যে ইতোমধ্যেই Sample Design, ম্যাথডোলজি নির্ধারণ ও সার্ভে টুলস চূড়ান্তকরণের কাজ শেষ হয়েছে। Violence Against Women (VAW) Survey 2024 এর Questionnaire & Manual চূড়ান্তকরণের কাজ শেষ হয়েছে। সুষ্ঠভাবে জরিপ পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় বিভিন্ন সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। ডিসেম্বর, ২০২৩ এ মাঠ পর্যায়ে লিষ্টিং ও ম্যাপিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে মাঠ পর্যায়ে VAW জরিপের প্রশ্নপত্র Pretest কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং মাঠ পর্যায়ে VAW জরিপের প্রশ্নপত্রের CAPI Pretest কার্যক্রম সম্পন্ন হয়েছে। আগামী মার্চ, ২০২৪ এ উক্ত জরিপের মাঠ পর্যায়ে মূল তথ্যসংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হবে।

**GIS** কার্যক্রমঃ

Updating and Visualizing Census Mapping with Geocode Through ArcGIS Pro বিষয়ে ১৯/১১২০২৩ হতে ২৩/১১/২০২৩ পর্যন্ত ০৫ দিন ব্যাপি একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।



Bangladesh Geographical Information System Platform (BGISP) এর সার্বিক কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়। BGISP এর ১১তম সভার সিদ্ধান্তের আলোকে BBS এ সংরক্ষিত মৌজার সংখ্যা ও নামের বানানের সাথে DLRS এর মৌজার সংখ্যা ও নামের বানানের মধ্যে অসামঞ্জস্যতা চিহ্নিতকরণ ও সমন্বয়করণ সংক্রান্ত একটি কমিটি গঠন করা হয় এবং তার অধিনে একটি ওয়াকিং টিম গঠন করা হয়। ওয়াকিং টিম এ পর্যন্ত ২৭ টি জেলার কার্যক্রম সম্পন্ন করেছে এবং বাকী জেলাসমূহের কার্যক্রম চলমান রয়েছে। ২৭ ডিসেম্বর ২০২৩ তারিখ Geospatial Data Standardization in Bangladesh বিষয়ে স্টেকহোল্ডার গণের সমন্বয়ে একটি Workshop বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে অনুষ্ঠিত হয়েছে।

## ৭। স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (SVRS) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্প:

প্রকল্পের সারসংক্ষেপ:

| | | |
|---|---|---|
| **প্রকল্পের নাম** | : | স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (SVRS) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্প |
| **মেয়াদ** | : | জুলাই ২০২১ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত |
| **প্রকল্পের উদ্দেশ্য** | : | প্রমাণভিত্তিক পরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণের জন্য ১০ বছর অন্তর অনুষ্ঠিত দুটি শুমারির মধ্যবর্তী সময়ে বছরভিত্তিক জনসংখ্যা প্রাক্কলন। গুরুত্বপূর্ণ জনমিতিক আর্থসামাজিক ও জনমিতিক সূচকসমূহের উপাত্তের চাহিদা পূরণের লক্ষ্যে বিদ্যমান পদ্ধতি আধুনিকায়নের মাধ্যমে কম্পিউটার অ্যাসিসটেড পার্সোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতিতে উপাত্ত সংগ্রহ চালু করে গুণগত মান ও সময়োপযোগী উপাত্ত নিশ্চিত করা। পাশাপাশি খানা জরিপ পরিচালনার মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা উপাত্ত চাহিদাসহ আর্থসামাজিক ও জনমিতিক সূচকসমূহের হালনাগাদ উপাত্ত প্রস্তুত, বিশ্লেষণ ও প্রকাশ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। |
| **প্রাক্কলিত ব্যয়** | : | ৪৯ কোটি ৫৭ লক্ষ টাকা। |

**২০২৩ সালে সম্পাদিত উল্লেখযোগ্য কর্মকান্ড:**

১. নির্বাচিত ২০১২ টি পিএসইউ এলাকায় জানুয়ারি-ডিসেম্বর ২০২৩ সময়ের তথ্য নিয়মিতভাবে মোট ১১ টি তফসিলের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে।

২. জেলা পর্যায়ের মাস্টার ট্রেইনারদের ১৬-১৭ এপ্রিল ২০২৩ সময়ে ০২ (দুই) দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৩. উপজেলা/মেট্রো থানা সুপারভাইজার ও স্থানীয় রেজিস্ট্রারদের ২৬/০৪/২০২৩ হতে ০৪/০৫/২০২৩ সময়ে নির্ধারিত সময়সূচি অনুযায়ী ০২ (দুই) দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৪. এপ্রিল ২০২৩ মাসে 'Bangladesh Sample Vital Statistics 2021' শীর্ষক চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।

৫. জুন ২০২৩ মাসে 'Bangladesh Sample Vital Statistics 2022'-এর কী ফাইন্ডিংস প্রকাশ করা হয়েছে।

৬. স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (SVRS) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্প-এর জানুয়ারি-জুন ২০২৩ সময়ে সংগৃহীত তথ্যের ভ্যালিডেশন জরিপ (১ম পর্ব) কার্যক্রম ২৮ আগস্ট ২০২৩ হতে ০৬ সেপ্টেম্বর ২০২৩ সময়ে নির্বাচিত পিএসইউ এলাকায় পরিচালিত হয়েছে।




জেলা পর্যায়ের মাস্টার ট্রেইনারদের ১৬-১৭ এপ্রিল ২০২৩ সময়ে ০২ (দুই) দিনব্যাপী প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ; বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ফারুক আহম্মেদ, অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও সভাপতিত্ব করেন জনাব মো. মতিয়ার রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।



‘Bangladesh Sample Vital Statistics 2021’ শীর্ষক চূড়ান্ত প্রতিবেদন প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম.এ. মান্নান, এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শামসুল আলম, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় ও ড. শাহনাজ আরেফিন, এনডিসি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ; এবং সভাপতিত্ব করেন জনাব মো. মতিয়ার রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।




‘Bangladesh Sample Vital Statistics 2022’ শীর্ষক প্রতিবেদনের কী ফাইন্ডিংস প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম.এ. মান্নান, এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শামসুল আলম, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় ও ড. শাহনাজ আরেফিন, এনডিসি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ; এবং সভাপতিত্ব করেন জনাব মো. মতিয়ার রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

## ০৮. Household Income and Expenditure Survey (HIES):

| | | |
|---|---|---|
| **প্রকল্পের শিরোনাম** | : | **‘Household Income and Expenditure Survey (HIES) 2020-21’ প্রকল্প** |
| উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ | : | আর্থসামাজিক অবকাঠামো বিভাগ |
| প্রকল্পের বাস্তবায়নকাল | : | ০১ জানুয়ারি ২০২০ হতে ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত |
| প্রকল্পের অনুমোদনের তারিখ | : | ২১ এপ্রিল ২০২০ খ্রি. |
| প্রকল্পের প্রাক্কলিত ব্যয় | : | ১৪১২.৮০ লক্ষ টাকা |

**প্রকল্পের পটভূমি:**

স্বাধীনতার পর ১৯৭৩-৭৪ সালে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) এর প্রথম রাউন্ড পরিচালিত হয়। বিবিএস তারপর থেকে ২০১৬ সাল পর্যন্ত হাউজহোল্ড এক্সপেন্ডিচার সার্ভে (HES) / হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) এর মোট ১৬টি রাউন্ড পরিচালনা করেছে এবং HIES 2022 এই ধারাবাহিকতার ১৭তম রাউন্ড হিসেবে পরিচালিত হয়।

মূলত: HIES হলো বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মূল কার্যক্রমগুলোর মধ্যে একটি; যাতে খানা পর্যায়ে আর্থসামাজিক তথ্য-উপাত্ত সংগ্রহের বিস্তৃত পরিসর রয়েছে এবং যেটি সরকারের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার উপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে। দরিদ্র এবং দারিদ্র্য সংক্রান্ত নির্ভরযোগ্য ও বিশ্বাসযোগ্য প্রাক্কলন প্রদানের জন্য এটি বাংলাদেশে একমাত্র বিশেষায়িত জরিপ। দারিদ্র্যের

স্তর ও মানুষের জীবনযাত্রার মান নির্ণয়ের জন্য এ ধরনের জরিপ সারা বিশ্বে বিশেষ করে নিম্ন আয়ের উন্নয়নশীল দেশসমূহে ব্যাপকভাবে পরিচালিত হয়। এর গুরুত্ব বিবেচনা করে বাংলাদেশ সরকার, বিশেষ করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (এসআইডি) এবং আন্তর্জাতিক সংস্থাগুলো জরিপ পদ্ধতির উৎকর্ষ সাধন এবং HIES এর প্রযুক্তিগত মানোন্নয়নের জন্য অবিরতভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

এ জরিপের মাধ্যমে খানার আয়, ব্যয়, ভোগ, সঞ্চয়, বাসস্থানের অবস্থা, খানার পানি সরবরাহ, বিদ্যুৎ, শিক্ষা, কর্মসংস্থান, স্বাস্থ্য ও স্যানিটেশন, সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অন্তর্ভুক্তি, রেমিট্যান্স, ক্ষুদ্রঋণ, দুর্যোগ মোকাবেলার কৌশল, প্রতিবন্ধিতা প্রভৃতি বিষয়ের উপর মূল্যবান তথ্য-উপাত্ত সরবরাহ করা হয়। জরিপের তথ্য-উপাত্ত ব্যয়-ভিত্তিক জিডিপি, দারিদ্র্য পরিস্থিতি বিশ্লেষণ ও খানা-সম্পর্কিত অন্যান্য তথ্য-উপাত্তের উৎস হিসেবে ব্যবহার করা যায়। এটি ভোক্তা মূল্য সূচক (CPI) হিসাবের জন্য (গুরুত্ব) weight প্রদান করে। এটি পঞ্চবার্ষিক পরিকল্পনা (FYP), প্রেক্ষিত পরিকল্পনা ও অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রমের প্রস্তুতির জন্য দারিদ্র্য ও জীবিকার পরিসংখ্যানের প্রধান উৎস হয়ে উঠেছে। এটি দারিদ্র্য নিরসনের অগ্রগতি এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) এর অর্জন পর্যবেক্ষণের জন্যও ব্যবহৃত হয়।

বিবিএস স্বাধীনতার পর থেকেই HIES পরিচালনা করলেও দারিদ্র্য সংক্রান্ত জরিপ পরিচালনার ক্ষেত্রে এটি যথেষ্ট অগ্রগতি সাধন করেছে। তথ্য সংগ্রহে নতুন নতুন প্রযুক্তি ব্যবহার করছে, যার ফলে তথ্যের গুণগত মান আগের তুলনায় অনেক বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশে দারিদ্র্য ও আয়-ব্যয় সংক্রান্ত পরিসংখানের ক্ষেত্রে সবচেয়ে নির্ভরযোগ্য উৎস হিসেবে বিবেচনা করা হয় খানার আয়-ব্যয় জরিপকে। স্মল এরিয়া এস্টিমেশনের ভিত্তিতে দারিদ্র্য ম্যাপ প্রণয়ন, উপজেলা পর্যায় পর্যন্ত দারিদ্র্য মানচিত্র প্রস্তুত ও প্রকাশ ইত্যাদি কার্যক্রম ইতিপূর্বে গ্রহণ করা হলেও সময়ের সাথে সাথে সাম্প্রতিক তথ্যের ভিত্তিতে দারিদ্র্য মানচিত্র হালনাগাদ করা প্রয়োজন। এছাড়া, সরকার কর্তৃক পরিচালিত বিভিন্ন আর্থসামাজিক কর্মসূচি'র ফলাফল পর্যবেক্ষণেও দারিদ্র্য সংক্রান্ত জরিপ হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

### HIES 2022 জরিপের মূল উদ্দেশ্য

দারিদ্র্য দূরীকরণ, উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, পঞ্চবার্ষিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ পরিবীক্ষণে উপাত্ত চাহিদা পূরণের লক্ষ্যে দারিদ্র্য পরিসংখ্যান ও এতদসংক্রান্ত জরিপ পরিচালনার মাধ্যমে তথ্য সরবরাহ করা।

### HIES 2022 জরিপের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ

(ক) পল্লী ও শহর এলাকায় প্রতিনিধিত্বশীল নমুনাচয়ন করে দেশব্যাপী প্রায় ১৪,৪০০ টি খানায় Household Income and Expenditure Survey (HIES) পরিচালনা করা;

(খ) জাতীয়, বিভাগ, পল্লী ও শহর এলাকাভিত্তিক দারিদ্র্য পরিসংখ্যান এবং এ সংশ্লিষ্ট অন্যান্য পরিসংখ্যান নিরূপণ করা;

(গ) দারিদ্র্য পরিসংখ্যান প্রণয়নের লক্ষ্যে এ জরিপ হতে প্রাপ্ত ডাটা/তথ্যের ওপর ভিত্তি করে বিদ্যমান দারিদ্র্য রেখার পাশাপাশি নতুন Calorie Threshold এবং Food Bundle ব্যবহার করে দারিদ্র্য রেখা পরিবর্তনের সম্ভাব্যতা যাচাই করা;

(ঘ) মাসিক মূল্যস্ফীতির হার পরিমাপের জন্য Consumer Price Index (CPI) এর Weight নির্ধারণে Classification of Individual Consumption by Purpose (COICOP) ব্যবহার করা;

(ঙ) সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির ব্যাপ্তি সম্পর্কে ধারণা লাভ করা;

(চ) মাইক্রোক্রেডিট ও রেমিট্যান্স সম্পর্কিত তথ্যসংগ্রহ করা;

(ছ) দুর্যোগকালীন সমস্যা মোকাবেলা সংক্রান্ত তথ্যসংগ্রহ করা;

(জ) খানার খাদ্য নিরাপত্তা সংক্রান্ত তথ্যসংগ্রহ করা; এবং

(ঝ) দারিদ্র্য পরিসংখ্যান প্রণয়নে বিবিএস এর কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধি করা।

**HIES জরিপে তথ্য দেয়া কেন গুরুত্বপূর্ণ?**

- ✓ এ জরিপের তথ্যের ওপর ভিত্তি করে দেশে দারিদ্র্যের হার নিরূপণ করা হয়;
- ✓ এ তথ্য দেশের মোট জাতীয় উৎপাদ নিরূপণে ব্যবহার হয়;
- ✓ জরিপের তথ্যের ওপর ভিত্তি করে ভোক্তা মূল্য সূচকের Weight নির্ধারণ করা হয়; এবং
- ✓ দেশের আর্থসামাজিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে ব্যবহৃত হয়।

**প্রকল্পের সম্পাদিত কার্যক্রমসমূহ:**

- Enumerator Cum Data Entry Operator-গণকে ব্র্যাক সিডিএম, রাজেন্দ্রপুর, গাজীপুরে আবাসিক প্রশিক্ষণ প্রদান;
- সুপারভাইজিং কর্মকর্তা/সমন্বয়কারী (জেলা/বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক/ যুগ্মপিরচালক)- গণকে ব্র্যাক সিডিএম, রাজেন্দ্রপুর, গাজীপুরে আবাসিক প্রশিক্ষণ প্রদান;
- Enumerator Cum Data Entry Operator-গণকে দুইবার (মার্চ ও আগস্ট) ব্র্যাক সিডিএম, রাজেন্দ্রপুর, গাজীপুরে Refresher আবাসিক প্রশিক্ষণ প্রদান;
- মোট ১৮ টি টার্মের মাধ্যমে ৭২০ টি পিএসইউ থেকে ১৪৪০০ টি খানার তথ্য সংগ্রহ কার্যক্রম শেষ হয়েছে;

**জরিপের বাস্তব অগ্রগতি: (১ জানুয়ারি ২০২০ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত)**

১) জরিপের রিপোর্ট চূড়ান্তকরণ সম্পন্ন করা হয়েছে এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে;

২) জরিপের কী ফাইন্ডিস প্রকাশনা অনুষ্ঠান গত ১২/০৪/২০২৩ তারিখে সম্পন্ন হয়েছে;

৩) জরিপের প্রাথমিক রিপোর্ট এর প্রকাশনা অনুষ্ঠান গত ২২/০৬/২০২৩ তারিখে সম্পন্ন হয়েছে;

৪) জরিপের চূড়ান্ত রিপোর্ট এর প্রকাশনা অনুষ্ঠান গত ২৭/১২/২০২৩ তারিখে সম্পন্ন হয়েছে;

৫) প্রকাশনা মুদ্রণ সম্পন্ন হয়েছে।

HIES 2022 **এর তথ্য সংগ্রহ কার্যক্রম**



গণনাকারী ও ডাটা এন্ট্রি অপারেটরগণের আবাসিক প্রশিক্ষণ কার্যক্রম। এসময় উপস্থিত ছিলেন সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, প্রশিক্ষকগণ। স্থান: ব্রাক সিডিএম, গাজিপুর।



মাদারিপুর জেলায় খানা আয় ও ব্যয় জরিপ ২০২২ জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম পরিদর্শন করছেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এম এ মান্নান এমপি।



খানা আয় ও ব্যয় জরিপ ২০২২ জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম পরিদর্শন করছেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শাসমুল আলম



খানা আয় ও ব্যয় জরিপ ২০২২ জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম পরিদর্শন করছেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব, ড. শাহনাজ আরেফিন, এনডিসি



খানার আয় ও ব্যয় জরিপ ২০২২ এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিদর্শন করছেন পরিকল্পনা মন্ত্রণালয়ের সাধারণ অর্থনীতি বিভাগের সম্মানিত সদস্য ড. মো: কাওছার আহমেদ



বিশ্ব ব্যাংক টিম, স্থান: ঢাকা




২৭-১২-২০২৩ তারিখ: খানার আয় ও ব্যয় জরিপ ২০২০-২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক আয়োজিত খানার আয় ও ব্যয় জরিপ ২০২২ এর চূড়ান্ত রিপোর্ট ডেসিমিনেশন অনুষ্ঠানের সম্মানিত প্রধান অতিথি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম.এ. মান্নান এমপি, বিশেষ অতিথি ড. মোঃ কাউসার আহাম্মদ, সদস্য (সচিব), জিইডি এবং সভাপতি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক জনাব মোহাম্মদ মিজানুর রহমান উপস্থিত ছিলেন।



২৭-১২-২০২৩ তারিখ: খানার আয় ও ব্যয় জরিপ ২০২০-২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক আয়োজিত খানার আয় ও ব্যয় জরিপ ২০২২ এর চূড়ান্ত রিপোর্ট ডেসিমিনেশন অনুষ্ঠানের সম্মানিত প্রধান অতিথি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম.এ. মান্নান এমপি, ভার্চুয়ালি অনুষ্ঠানে ভাষণ।

### ০৯ পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প:

**প্রকল্পের পটভূমি:**

বাংলাদেশ পৃথিবীর একটি দুর্যোগ প্রবণ দেশ হিসেবে পরিচিত। বর্তমান সময়ে জলবায়ু পরিবর্তন সারা বিশ্বে একটি বহুল আলোচিত বিষয়। গ্রীন হাউজ গ্যাস নি:সরণ ও ভূ-পৃষ্ঠের উষ্ণতা বৃদ্ধির প্রভাবে জলবায়ু পরিবর্তন হচ্ছে। ভৌগোলিক অবস্থান ও জলবায়ু পরিবর্তনের কারণে প্রাকৃতিক দুর্যোগ এদেশে একটি নিত্যনৈমিত্তিক ঘটনা। জলবায়ু পরিবর্তনের প্রভাবে বাংলাদেশ আজ মারাত্মকভাবে বিপন্ন। সামগ্রিক জনজীবনে প্রাকৃতিক দুর্যোগ যেমন: খরা, বন্যা, জলমগ্নতা, ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস, টর্নেডো, বজ্রপাত/বজ্রঝড়, নদী/ উপকূলীয় ভাঙ্গন, ভূমিধস, লবণাক্ততা, শিলাবৃষ্টি প্রভৃতি কৃষি উৎপাদন (শস্য, গবাদিপশু, হাঁস-মুরগি, মৎস্য, বন প্রভৃতি) কলকারখানা/ মেশিনারিজ (কৃষি, শিল্প ও অফিস), বৃহৎ স্থাপনা (রাস্তা-ঘাট, যোগাযোগ ব্যবস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, অফিস-আদালত, হাসপাতাল ও ক্লিনিক, আইসিটি, বিদ্যুত, মার্কেট, হাট-বাজার প্রভৃতি) ভূমি, বাসস্থান, স্বাস্থ্য ও সানিটেশন প্রভৃতি সর্বোপরি মানুষের আর্থসামাজিক অবস্থার ব্যাপক পরিবর্তন সাধন করে।

বাংলাদেশ ইতোমধ্যে যেকোনো ধরণের দুর্যোগ মোকাবিলায় সক্ষমতা অর্জন করেছে। দুর্যোগ সম্পর্কিত “সেন্দাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকসন (SFDRR)”, “টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)” এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত “দি প্যারিস এগ্রিমেন্ট” চূড়ান্ত করা হয়েছে। এ তিনটি কাঠামোতেই সমস্যা অনুধাবন, শনাক্তকরণ এবং সমাধানকে অগ্রাধিকার দেয়া হয়েছে। বাংলাদেশ উক্ত তিনটি বৈশ্বিক কাঠামোর সাথে সংশ্লিষ্ট অগ্রাধিকার প্রাপ্ত দেশ হিসেবে জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক অঙ্গনে প্রয়োজনীয় সংলাপ ও আলোচনায় কার্যকর অংশগ্রহণ ও প্রয়োজনীয় ভূমিকা রেখে চলেছে। বিভিন্ন দুর্যোগ ঝুঁকির ক্ষয়ক্ষতি (লস এন্ড ড্যামেজ) এর গুরুত্বপূর্ণ বিষয় নির্বাচন করে বিভিন্ন পর্যায়ে ভ্যালনারেবিলিটি চিহ্নিতপূর্বক তা ওভারকাম করে মানুষের ভাগ্য উন্নয়নে মোট দেশজ উৎপাদনের টেকসই পরিধি ও প্রবৃদ্ধি অর্জন করাই সরকারের মূল লক্ষ্য। পরিবেশ, জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক সম্পদ, জীববৈচিত্র্য, দুর্যোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত পরিসংখ্যান তথ্যের অভাবে সরকারের সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা কষ্টসাধ্য হয়ে পড়ে।

বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ স্ট্রাটেজিক এ্যাকসন প্ল্যান (বিসিসিএসএপি), সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এর ডেভেলপমেন্ট রেজাল্ট ফ্রেমওয়ার্ক (ডিআরএফ), সেন্দাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকসন (এসএফডিআরআর), টেকসই উন্নয়নের

লক্ষ্যমাত্রা (এসডিজি), দি প্যারিস অ্যাগ্রিমেন্ট এবং পরিসংখ্যান উন্নয়নে জাতীয় কৌশলপত্রের নির্দিষ্ট টার্গেট ও ইন্ডিকেটর অনুযায়ী ভিত্তি-উপাত্ত নির্দিষ্টকরণ, পরিবীক্ষণ ও মূল্যায়নে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগসহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডার মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থাকে তথ্য-উপাত্ত দ্বারা সহায়তা করা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র (বিবিএস) আইনগত দায়িত্ব। বর্ণিত বিষয়াবলীর টার্গেট ও ইন্ডিকেটর অনুযায়ী ভিত্তি বছর স্থিরকরণ এবং প্রতিটি টার্গেট ও ইন্ডিকেটরের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সবরকম প্রতিবন্ধকতা দক্ষতার সাথে মোকাবেলা করেই এ সংক্রান্ত সঠিক ও সময়োচিত পরিসংখ্যান সরবরাহ নিশ্চিত করা বিবিএস এর অন্যতম দায়িত্ব। এছাড়া, সরকারের প্রয়োজনে দেশের উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে দেশের পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জীববৈচিত্র্য, জলবায়ু, আবহাওয়া, দুর্যোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা প্রভৃতির পূর্ণাঙ্গ পরিসংখ্যান বিষয়ক তথ্যভান্ডার গড়ে তোলার বিকল্প নেই। এটির মাধ্যমে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা/ অংশিজন/ এনজিও/ উন্নয়ন সহযোগী প্রভৃতি জলবায়ু পরিবর্তনের অভিঘাত/ পরিবেশগত দূষণ মোকাবেলার জন্য গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করতে সক্ষম হবে। এরই ধারাবাহিকতায় দুর্যোগের ক্ষয়-ক্ষতি (লস এন্ড ড্যামেজ) নিরূপণ করে অভিযোজন (Adaptation) ও প্রশমন (Mitigation) সক্ষমতা তৈরির জন্য সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা-কে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত দিয়ে সহায়তা করে কিভাবে দেশের মানুষের ভাগ্যান্নয়ন করা যায়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর সে প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

### প্রকল্পের **বাস্তবায়নকাল:**

পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর আওতায় 'পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প'টি ০১ জুলাই ২০১৯ হতে ৩০ জুন ২০২৫ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে।

### প্রকল্পের উদ্দেশ্য:

**ক. প্রধান উদ্দেশ্য:** বাংলাদেশের পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তনের প্রভাবে প্রাকৃতিক দুর্যোগের অভিঘাত প্রভৃতির যথাযথ পরিমাপের প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে পরিসংখ্যান প্রস্তুত, প্রকাশ ও সংরক্ষণ করা।

**খ. সুনির্দিষ্ট গুরুত্বপূর্ণ উদ্দেশ্য:**

১. জলবায়ু পরিবর্তন জনিত কারণে সংগঠিত বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের প্রত্যক্ষ প্রভাব পরিবীক্ষণের জন্য মাঠ পর্যায় হতে খানাভিত্তিক তথ্য-উপাত্ত সংগ্রহ করা।

২. প্রাতিষ্ঠানিক পরিবেশগত সুরক্ষা, সম্পদ, মানব সম্পদ, বর্জ্য ব্যবস্থাপনা, গবেষণা ও উন্নয়ন প্রভৃতির ব্যয় নিরূপণের লক্ষ্যে তথ্য-উপাত্ত সংগ্রহ করা।

৩. সিটি কর্পোরেশন ও পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা (সংগ্রহ, অপসারণ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ প্রভৃতি) বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ করা।

৪. পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জীববৈচিত্র্য, জলবায়ু, দুর্যোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক সেক্টরাল তথ্য-উপাত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা হতে সংগ্রহপূর্বক "কমপাইলেশন অব এনভায়নমেন্টাল স্ট্যাটিসটিক্স" প্রণয়ন করা।

৫. ইউনাইটেড ন্যাশনস্ "সিস্টেম অব ইনভায়রনমেন্টাল ইকোনমিক একাউন্টিং (SEEA)" অনুসরণক্রমে ল্যান্ড, ফরেস্ট এন্ড ইকো-সিস্টেম এবং ফিজিক্যাল ফ্লো ওয়াটার এন্ড ওশান অ্যাকাউন্টস্ প্রণয়ন করা।

৬. জনমিতিক, আর্থসামাজিক ও পরিবেশগত তথ্য-উপাত্তের সাথে স্থানিক (জিআইএস) তথ্যের সমন্বিতপূর্বক বিডি জিআইএস ওয়েব অ্যাপলিকেশন প্রস্তুত এবং প্রস্তুতকৃত সকল জরিপসহ কার্যক্রমের জন্য প্রণীত মোবাইল ও ওয়েব অ্যাপলিকেশনসমূহ একত্রিত করে মোবাইল রেসপনসিভ কেন্দ্রিয় লাইভ ওয়েব অ্যাপলিকেশন প্রস্তুত করা।

৭. দেশব্যাপী খানাভিত্তিক পরিবেশগত জরিপ [হাউজহোল্ড এনভাইরনমেন্টাল সার্ভে (এইচইএস)] পরিচালনা করা।

৮. সিস্টেম অব ইনভায়রনমেন্টাল ইকোনমিক একাউন্টিং অনুসরণক্রমে মেটারিয়াল ফুট প্রিন্ট এন্ড ডোমেস্টিক মেটারিয়াল কনজাম্পশন অ্যাকাউন্টস্ প্রণয়ন করা।

৯. টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি), ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা প্রভৃতিসহ আন্তর্জাতিক রির্পেটিং (ভিএনআরসহ) এর জন্য পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, মূল্যায়ন ও পরিবীক্ষণে সহায়ক হিসেবে প্রণীত পরিবেশগত তথ্য-উপাত্ত সরবরাহ নিশ্চিত করা। এবং

১০. আন্ত:মন্ত্রণালয়/ আন্ত:সংস্থার কর্মকর্তাগণের পরিবেশগত পরিসংখ্যান প্রণয়ন, বিশ্লেষণ ও প্রতিবেদন লিখনে দক্ষতা উন্নয়নকল্পে প্রশিক্ষণ প্রদান করা।

❖ **প্রকল্পের প্রধান ফলাফল (Output):**

বাংলাদেশের পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ বিষয়ক অ্যাসেসমেন্ট পরিমাপের প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে নিম্নোক্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করা প্রকল্পের প্রধান ফলাফল।

১. কম্পাইলেশন অব দ্যা বাংলাদেশ এনভায়রনমেন্টাল স্ট্যাটিসটিক্স ২০২০।

২. বাংলাদেশ ডিজাস্টার রিলেটেড স্ট্যাটিসটিক্স ২০২১: ক্লাইমেট চেঞ্জ এন্ড ন্যাচারাল ডিজাস্টার পারসপেকটিভস।

৩. (ক) বাংলাদেশ এনভায়রনমেন্টাল প্রটেকশন এক্সপেন্ডিচার, সার্ভে রিসোর্স এন্ড ওয়াস্ট ম্যানেজমেন্ট সার্ভে (প্রতিষ্ঠান) ২০২২

(খ) মিউনিসিপ্যাল ওয়্যান্ট ম্যানেজমেন্ট সার্ভে (সিটি কর্পোরেশন ও পৌরসভা) ২০২২।

(গ) গবেষণা ও উন্নয়ন (R&D) জরিপ ২০২২।

৪. বাংলাদেশ ন্যাচারাল রিসোর্স অ্যাকাউন্টস্: (ক) ল্যান্ড অ্যাকাউন্টস্; (খ) ফরেন্ট এন্ড ইকো-সিস্টেম অ্যাকাউন্টস্; এবং গ) ফিজিক্যাল ফ্লো ওয়্যাটার অ্যাকাউন্টস্ প্রণয়ন।

৫. জনমিতিক, আর্থসামাজিক ও পরিবেশগত তথ্য-উপাত্তের সাথে সাথে স্থানিক (জিআইএস) তথ্যের সমন্বিতপূর্বক ওয়েব অ্যাপলিকেশন প্রণয়ন ও প্রকাশ

৬. আপডেটিং কম্পাইলেশন অব দ্যা বাংলাদেশ এনভায়রনমেন্টাল স্ট্যাটিসটিক্স ২০২৩

৭. ন্যাশন ওয়াইড হাউজহোল্ড বেইজড এনভায়রনমেন্টাল সার্ভে (HES) ২০২৩।

৮. ফিজিক্যাল ফ্লো অ্যাকাউন্টস্ ফর দ্যা ম্যাটারিয়াল ফুট প্রিন্ট (MF) এবং ফিজিক্যাল ফ্লো অ্যাকাউন্টস্ ফর দ্যা ডোমেস্টিক ম্যাটারিয়াল কনজাম্পশন (DMC) প্রণয়ন।

৯. জাতিসংঘের UNSD কর্তৃক প্রণীত গ্লোবাল এনভায়রনমেন্টাল টেমপ্লেট অনুসরণে আন্তর্জাতিক রির্পোটিং এর জন্য টাইম সিরিজ এনভায়রনমেন্টাল স্প্রেডসিট প্রণয়ন।


**এছাড়াও নিম্নোক্ত বিষয়সমূহে তথ্য-উপাত্ত দ্বারা সহায়তা করা এ প্রকল্পের অন্যতম লক্ষ্য:**

এ প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন হলে এসডিজি-এর ২৩১টি সূচকের মধ্যে ডাটা সোর্স হিসেবে বাস্তবায়নাধীন ০৫ (পাচ) টি সূচকের স্থলে ২১ (একুশ) টি সূচকে তথ্য-উপাত্ত প্রদান করা সম্ভব হবে। পঞ্চবার্ষিক পরিকল্পনা উন্নয়ন ফলাফল কাঠামো (DRF)-এর সূচকসমূহ অর্জন এবং এসডিজি সংশ্লিষ্ট সেন্দাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকশন (SFDRR) এর ০৪টি টার্গেটের ডাটা সোর্স হিসেবে তথ্য-উপাত্ত সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এছাড়াও অত্র প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত সকল তথ্য-উপাত্ত (সেকেন্ডারি সোর্সসহ) জাতীয় উপাত্ত সমন্বয় কমিটির (এনডিসিসি) পরিবেশগত ৪৫টি ক্ষেত্রের চাহিদা এবং ন্যাশনাল একাউন্টস প্রণয়নসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নীতিনির্ধারণ, গবেষণা ও উন্নয়ন পরিকল্পনায় সহায়তাকরণে ভূমিকা রাখবে। অত্র প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত সকল তথ্য-উপাত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নীতিনির্ধারণ, গবেষণা ও উন্নয়ন পরিকল্পনায় সহায়তাকরণে ভূমিকা রাখবে।

❖ **ইসিডিএস প্রকল্পের কর্মসম্পাদনের সার্বিক চিত্র:**

**জিআইএস ভিত্তিক ওয়েব অ্যাপলিকেশন:**

জনমিতিক, আর্থসামাজিক ও পরিবেশগত উপাত্তের সাথে স্থানিক (জিআইএস) তথ্যের সাথে সমন্বিতপূর্বক বিডি জিআইএস ওয়েব অ্যাপলিকেশন প্রস্তুত এবং জরিপ কার্যক্রমের জন্য প্রণীত মোবাইল ও ওয়েব অ্যাপলিকেশনসমূহ একত্রিত করে মোবাইল রেসপনসিভ কেন্দ্রীয় লাইভ ওয়েব অ্যাপলিকেশন প্রস্তুত করা ইসিডিএস প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। এছাড়া পরিসংখ্যান আইন ২০১৩ এর ধারা ৬(থ) অনুসারে সমন্বিত সেন্ট্রাল জিওগ্রাফিক্যাল সিস্টেম প্রণয়ন করার বিষয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)'র আইনগত দায়িত্ব রয়েছে। এ আইনগত বাধ্যবাধকতার প্ররিপ্রেক্ষিতে ইসিডিএস প্রকল্পের উদ্যোগে সিইজিআইএস এর কারিগরি সহায়তায় জিআইএস এর সাথে পরিবেশগত তথ্য-উপাত্তের সমন্বিতকরণের লক্ষ্যে ওয়েব এবং ওপেন সোর্স মোবাইল রেসপন্সিভ অ্যাপ্লিকেশন প্রস্তুত করা হয়েছে। পরিসংখ্যনিক উদ্দেশ্য নিয়ে দেশের আর্থসামাজিক, জনমিতিক ও পরিবেশগত তথ্যের সাথে ভূ-স্থানিক তথ্য-উপাত্তের সংযোগে একটি একক সমন্বিত প্লাটফর্মের মাধ্যমে ট্যাবুলার ও অ্যাট্রিবিউটেড উপাত্ত সরবরাহ করে দেশের প্রকল্প পরিকল্পনা প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণে নীতিনির্ধারকদের সহায়তা করার বিষয়ে বিবিএস এর দায়বদ্ধতার প্রেক্ষিতে এ ধরনের GIS Based Environmental Web Application প্রণয়ন করা হয়েছে যাতে United Nations Framework for Development of Environmental Statistics (UNFDES) এর গাইডলাইন অনুসারে ০৬টি থিমেটিক এরিয়াকে মূল কম্পোনেন্ট হিসেবে সন্নিবেশ করা হয়েছে। ভবিষ্যতে অন্য কোনো কম্পোনেন্ট যুক্ত করার প্রয়োজন হলে এ ০৬টি থিমেটিক এরিয়ার কোনো একটির সাথে সংশ্লিষ্ট সাব-কম্পোনেন্ট হিসেবে যুক্ত করা যাবে বলে আশা করা যায়।




গত ২১ মার্চ ২০২৩ খ্রি তারিখে ওয়েব অ্যাপলিকেশনটি চূড়ান্তকরণের লক্ষ্যে স্টেকহোল্ডার কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে **ড. শাহনাজ আরেফিন, এনডিসি** সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ উপস্থিত ছিলেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অডিটোরিয়ামে অনুষ্ঠিত এ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে **জনাব ফারুক আহম্মেদ**, অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং **ড. মঞ্জুরুল হাসান**, অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মহাপরিচালক **জনাব মো: মতিয়ার রহমান** কর্মশালায় সভাপতিত্ব করেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আন্তঃমন্ত্রণালয় ও আন্তঃসংস্থার কর্মকর্তাগণ উক্ত কর্মশালায় অংশগ্রহণ করেন।

**Capacity Building Training on Environmental Statistics Focusing to 8th FYP and SDGs' শীর্ষক প্রশিক্ষণ:**

কর্মকর্তা/কর্মচারিদের এ সংক্রান্ত কাজের দক্ষতা উন্নয়ন ইসিডিএস প্রকল্পের অন্যতম একটি উদ্দেশ্য। এ উদ্দেশ্যকে সামনে রেখে 'পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প' কর্তৃক গত ৩-৯ এপ্রিল ২০২৩ ও ১১-১৬ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত সময়ে ১০-১৬ তম গ্রেডের কর্মচারী ও ৯ম গ্রেডের কর্মকর্তাগণের জন্য 'Capacity Building Training on Environmental Statistics Focusing to 8th FYP and SDGs' শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে মনোনীত কর্মকর্তা/কর্মচারীগণ এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।




গত ৩-৯ এপ্রিল ২০২৩ পর্যন্ত সময়ে ১০-১৬ তম গ্রেডের কর্মচারীগণের জন্য আয়োজিত প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে **ড. শাহনাজ আরেফিন, এনডিসি** সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকল প্রশিক্ষণার্থীর মাঝে সার্টিফিকেট বিতরণ করেন। এ সময় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) **জনাব ফারুক আহম্মেদ,** যুগ্মসচিব (উন্নয়ন) **ড. দিপংকর রায়,** স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট এর পরিচালক **জনাব মো: এমদাদুল হক**, ইসিডিএস প্রকল্পের প্রকল্প পরিচালক **জনাব মো: রফিকুল ইসলাম** এবং প্রকল্পের সিনিয়র পরামর্শক সরকারের সাবেক অতিরিক্ত সচিব **জনাব খোন্দকার মোস্তান হোসেন** উপস্থিত ছিলেন।




একই প্রশিক্ষণ কার্যক্রম গত ৩ এপ্রিল ২০২৩ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মহাপরিচালক **জনাব মো: মতিয়ার রহমান** প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণের উদ্বোধন করেন। বিশেষ অতিথি হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপমহাপরিচালক **জনাব কাজী নুরুল ইসলাম** এবং সভাপতি হিসবে স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট এর পরিচালক **জনাব মো: এমদাদুল হক** উপস্থিত ছিলেনে। এ সময় ইসিডিএস প্রকল্পের প্রকল্প পরিচালক **জনাব মো: রফিকুল ইসলাম** এবং প্রকল্পের সিনিয়র পরামর্শক সরকারের সাবেক অতিরিক্ত সচিব **জনাব খোন্দকার মোস্তান হোসেন** উপস্থিত ছিলেন।

### 'Natural Resource Accounts in focusing Land Accounts under SEEA' শীর্ষক পরামর্শমূলক কর্মশালা

ইউনাইটেড ন্যাশনস্ "সিস্টেম অব ইনভায়রনমেন্টাল ইকোনমিক একাউন্টিং (SEEA)" অনুসরণক্রমে ল্যান্ড, ফরেস্ট এন্ড ইকো-সিস্টেম অ্যাকাউন্টস্ প্রণয়ন করা ইসিডিএস প্রকল্পের অন্যতম উদ্দেশ্য এবং ইতোমধ্যে এ অ্যাকাউন্টস প্রণয়ন ও প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত কার্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে গত ২৫ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ বিবিএস অডিটোরিয়াম ও কনফারেন্স কক্ষ, পরিসংখ্যান ভবন (নীচ তলা), আগারগাঁও, ঢাকায় 'Natural Resource Accounts in focusing Land Accounts under SEEA' শীর্ষক পরামর্শমূলক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালাটি ছিলো সম্পূর্ণ কারিগরি কর্মশালা, যেখানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা

বিভাগসহ সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, সংস্থা, বিশ্ববিদ্যালয়, এনজিও, আইএনজিও হতে মনোনীত প্রতিনিধি ও বিশেষজ্ঞগণসহ প্রায় ১০০ জন অংশগ্রহণ করেন।




ল্যান্ড অ্যাকাউন্টস প্রণয়নের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে স্টেকহোল্ডারদের নিয়ে গত ২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি তারিখে পরামর্শমূলক প্রধান অতিথি হিসেবে **ড. শাহনাজ আরেফিন, এনডিসি** সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ উপস্থিত ছিলেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র অডিটোরিয়াম ও কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত এ কর্মশালায় **জনাব ফারুক আহম্মেদ**, অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মহাপরিচালক **জনাব মো: মতিয়ার রহমান** কর্মশালায় সভাপতিত্ব করেন।

## 'Geographic Information System (GIS) and ArcGIS Professional Tools' ব্যবহার শীর্ষক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

কর্মকর্তা/কর্মচারিদের এ সংক্রান্ত কাজের দক্ষতা উন্নয়ন ইসিডিএস প্রকল্পের অন্যতম একটি উদ্দেশ্য। 'পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প' এবং সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (CEGIS) এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় 'Geographic Information System (GIS) and ArcGIS Professional Tools' ব্যবহার শীর্ষক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গত ২৫-৩১ অক্টোবর, ২০২৩ ও ৫-৯ নভেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মনোনীত কর্মকর্তা/কর্মচারীগণ এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।




গত ০৯ নভেম্বর ২০২৩ তারিখে প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে **ড. শাহনাজ আরেফিন, এনডিসি** সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকল প্রশিক্ষণার্থীর মাঝে সার্টিফিকেট বিতরণ করেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মহাপরিচালক **জনাব**

**মোহাম্মদ মিজানুর রহমান** সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এ সময় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র উপমহাপরিচাক **জনাব পরিমল চন্দ্র বসু**, পরিসংখ্যান ও তথ্য ব্যভস্থাপনা বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) **জনাব এস এম শাকিল আখতার**, ইসিডিএস প্রকল্পের প্রকল্প পরিচালক **জনাব মো: রফিকুল ইসলাম** এবং প্রকল্পের সিনিয়র পরামর্শক সরকারের সাবেক অতিরিক্ত সচিব **জনাব খোন্দকার মোস্তান হোসেন** উপস্থিত ছিলেন।

## 'Material Footprint (MF) and Domestic Material Consumption (DMC) Accounts' শীর্ষক পরামর্শমূলক কর্মশালা:

সিস্টেম অব ইনভায়রনমেন্টাল ইকোনমিক একাউন্টিং অনুসরণক্রমে মেটারিয়াল ফুট প্রিন্ট এন্ড ডোমেস্টিক মেটারিয়াল কনজাম্পশন অ্যাকাউন্টস্ প্রণয়ন করা ইসিডিএস প্রকল্পের অন্যতম উদ্দেশ্য এবং ইতোমধ্যে এ অ্যাকাউন্টস প্রণয়ন ও প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত কার্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে গত ১৫ নভেম্বর, ২০২৩ তারিখ বিবিএস অডিটোরিয়াম ও কনফারেন্স কক্ষ, পরিসংখ্যান ভবন (নীচ তলা), আগারগাঁও, ঢাকায় 'Material Footprint (MF) and Domestic Material Consumption (DMC) Accounts' শীর্ষক পরামর্শমূলক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালাটি ছিলো সম্পূর্ণ কারিগরি কর্মশালা, যেখানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগসহ সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, সংস্থা, বিশ্ববিদ্যালয়, এনজিও, আইএনজিও হতে মনোনীত প্রতিনিধি ও বিশেষজ্ঞগণসহ প্রায় ১২০ জন অংশগ্রহণ করেন।




ম্যাটেরিয়াল ফুট প্রিন্ট (এমএফ) ও ডোমেস্টিক ম্যাটেরিয়াল কনজামশন (ডিএমসি) অ্যাকাউন্টস প্রণয়নের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে স্টেকহোল্ডারদের নিয়ে গত ১৫ নভেম্বর ২০২৩ খ্রি তারিখে অনুষ্ঠিত পরামর্শমূলক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে **ড. শাহনাজ আরেফিন, এনডিসি** সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ উপস্থিত ছিলেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র অডিটোরিয়াম ও কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত এ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে **জনাব ফারুক আহম্মেদ**, অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ উপস্থিত ছিলেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মহাপরিচালক **জনাব মোহাম্মদ মিজানুর রহমান** কর্মশালায় সভাপতিত্ব করেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আন্তঃমন্ত্রণালয় ও আন্তঃসংস্থার কর্মকর্তাগণ উক্ত কর্মশালায় অংশগ্রহণ করেন।

## ১১. জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট:

**এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস**

**(মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত)**

বাংলাদেশের জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা (এনএসএস) কে শক্তিশালী ও যুগোপযোগী করার উদ্দেশ্যে পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের তত্ত্বাবধানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক National Strategy for the Development of Statistics (NSDS) 'জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র প্রণয়ন করা হয়। ২৮ অক্টোবর ২০১৩ তারিখে মন্ত্রিপরিষদ কর্তৃক 'National Strategy for the Development of Statistics (NSDS) অনুমোদিত হয়। উক্ত NSDS বাস্তবায়নের লক্ষ্যে বিবিএস বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় 'National Strategy for the Development of Statistics (NSDS) Implementation Support Project' নামে একটি প্রকল্প গ্রহণ করে।

**এক নজরে এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট:**

| | | |
|---|---|---|
| **ক. প্রকল্পের নাম** | : | এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস |
| **খ. প্রকল্পের মেয়াদ** | : | ক) মূল প্রকল্প- মার্চ ২০১৮ - ফেব্রুয়ারি ২০২২<br>(খ) সংশোধিত মেয়াদ- মার্চ ২০১৮ -ফেব্রুয়ারি ২০২৪ (ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে) |
| **গ. টিএপিপি অনুমোদন** | : | ০৫ জুন ২০১৮ |
| **ঘ. প্রকল্পের প্রশাসনিক অনুমোদন** | : | ২৫ জুন ২০১৮ |
| **ঙ. বিশ্বব্যাংক কর্তৃক ১ম অর্থ ছাড়** | : | ২৭ মে ২০১৯ |

**প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য:**

এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর লক্ষ্য ও উদ্দেশ্য নিম্নরূপ:

- বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত ও মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) বাস্তবায়নে সহায়তা করা। এর দ্বারা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সার্বিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আন্তর্জাতিক মানসম্পন্ন পরিসংখ্যান প্রণয়নের দ্বার উন্মোচিত হবে। নীতিনির্ধারক, পরিকল্পনাবিদসহ অন্যান্য তথ্য-উপাত্ত ব্যবহারকারীগণ যথাসময়ে মানসম্পন্ন সঠিক ও নির্ভরযোগ্য পরিসংখ্যান পাবেন।
- সীমাবদ্ধ সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে পরিসংখ্যান প্রস্তুতের লক্ষ্যে জরিপের পরিবর্তে 'প্রশাসনিক উৎস' থেকে নিয়মিত তথ্য সংগ্রহের জন্য তথ্য প্রস্তুতকারি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তরের সাথে প্রাতিষ্ঠানিক সম্পর্ক স্থাপন করা এবং এ লক্ষ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করা।
- দ্রুততম সময়ে তথ্য সংগ্রহ, সংকলন, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের মাধ্যমে যথাসময়ে প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে তথ্য সংগ্রহ থেকে রিপোর্ট প্রকাশ পর্যন্ত সামগ্রিক প্রক্রিয়াকে একটি স্বয়ংক্রিয় ব্যবস্থায় আনায়নের লক্ষ্যে Comprehensive ICT পরিকল্পনা প্রণয়ন করা;
- দাপ্তরিক পরিসংখ্যান প্রণয়ন একটি টেকনিক্যাল বিষয়। একাজ সঠিকভাবে সম্পাদনের জন্য দক্ষ জনবল অপরিহার্য। তাই বিবিএস-এ কর্মরত সকল ধরনের জনবলকে দেশে-বিদেশে নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল হিসেবে গড়ে তোলা;
- সঠিক, নির্ভরযোগ্য, আন্তর্জাতিকমানসম্পন্ন পরিসংখ্যান প্রণয়নে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত প্রধান প্রধান (core) জরিপসহ অন্যান্য পরিসংখ্যানগত কার্যক্রমের পরিচালনা পদ্ধতি (Methodology) পরীক্ষা-নিরীক্ষাপূর্বক যুগোপযোগী করা;
- বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত পরিসংখ্যান দ্রুত ও সহজে জনগণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে তথ্য প্রকাশনা পদ্ধতি আধুনিকায়ন।

**প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রম: (২০২৩ সালের উল্লেখযোগ্য কর্মকান্ডের তথ্য)**

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় সদর দপ্তরে কর্মরত কর্মচারীগণের প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সদর দপ্তরে কর্মরত মোট ২০২ জন কর্মচারীকে ঢাকাস্থ প্রধান কার্যালয়ের কম্পিউটার ল্যাব-১ ও ল্যাব-০২ এ চারটি পর্বে যথাক্রমে ০১ জানুয়ারি হতে ০৫ জানুয়ারি ২০২৩, ০৮ জানুয়ারি হতে ১২ জানুয়ারি ২০২৩, ১৫ জানুয়ারি হতে ১৯ জানুয়ারি ২০২৩ ও ২৯ জানুয়ারি হতে ০২ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত ০৫ (পাঁচ) দিনব্যাপী Basic Computer Literacy শীর্ষক প্রশিক্ষণ প্রদান করা হয়।




সদর দপ্তরে অনুষ্ঠিত Basic Computer Literacy বিষয়ক প্রশিক্ষণের ৫ম পর্বের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তৎকালীন মহাপরিচালক ও অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব মোঃ মতিয়ার রহমান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন ও কম্পিউটার উইং এর তৎকালীন পরিচালক জনাব আবুল কালাম আজাদ।




সদর দপ্তরে অনুষ্ঠিত Basic Computer Literacy বিষয়ক প্রশিক্ষণের ৫ম পর্বের সমাপনী অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করছেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তৎকালীন মহাপরিচালক ও অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব মোঃ মতিয়ার রহমান।



সদর দপ্তরে অনুষ্ঠিত Basic Computer Literacy বিষয়ক প্রশিক্ষণের ৬ষ্ঠ পর্বের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তৎকালীন মহাপরিচালক ও অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব মোঃ মতিয়ার রহমান।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর আওতায় কর্মকর্তাগণের জরিপ ও শুমারির তথ্য প্রক্রিয়াকরণ সংক্রান্ত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ১৬-১৯ জানুয়ারি ২০২৩ সময়ে চার দিনব্যাপী ১৩ জন কর্মকর্তাকে Code & Syntax বিষয়ে বিবিএস সদর দপ্তরে প্রশিক্ষণ প্রদান করা হয়।



১৬-১৯ জানুয়ারি ২০২৩ সময়ে অনুষ্ঠিত Code & Syntax বিষয়ক প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তৎকালীন মহাপরিচালক ও অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব মোঃ মতিয়ার রহমান।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর আওতায় কর্মকর্তাগণের জরিপ ও শুমারির তথ্য ডকুমেন্টেশন সংক্রান্ত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২২-২৬ জানুয়ারি ২০২৩ সময়ে ১৫ জন কর্মকর্তাকে Metadata Documentation বিষয়ে গুলশান ক্লাব লিমিটেড এ প্রশিক্ষণ প্রদান করা হয়।



২২-২৬ জানুয়ারি ২০২৩ সময়ে গুলশান ক্লাব, ঢাকায় অনুষ্ঠিত Metadata Documentation বিষয়ক প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তৎকালীন মহাপরিচালক ও অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব মোঃ মতিয়ার রহমান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন ও আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান DevStat এর Key Expert গণ।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্টের International Twinning Partner (devstat-IOE-ibf) কর্তৃক দুই পর্বে Quality Management in Official Statistics সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় প্রশিক্ষণের আয়োজন করা হয়। BRAC-CDM-Rajendrapur, Gazipur-এ ০৯ মার্চ থেকে ১৮ মার্চ ২০২৩ সময়সীমায় ও The Palace Luxury Resort, Bahubal, Habiganj-এ ২৪ জুলাই থেকে ৩ আগস্ট ২০২৩ সময়সীমায় অনুষ্ঠিত আবাসিক এ প্রশিক্ষণে বিবিএস এর কর্মকর্তাগণের পাশাপাশি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং পরিসংখ্যান ব্যবহারকারী সরকারের অন্যান্য মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও সংস্থা থেকেও কর্মকর্তাগণ প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।




Quality Management in Official Statistics সংক্রান্ত প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করছেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তৎকালীন মহাপরিচালক ও অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব মোঃ মতিয়ার রহমান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিসংখ্যান তথ্য ব্যবস্থাপনা বিভাগের যুগ্মসচিব ড দিপংকর রায় ও এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন।




Quality Management in Official Statistics সংক্রান্ত The Palace Luxury Resort, Bahubal, Habiganj-এ অনুষ্ঠিত প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করছেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ও অনুষ্ঠানের প্রধান অতিথি ড. শাহনাজ আরেফিন, এনডিসি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন।

❍ জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা শক্তিশালীকরণের লক্ষ্যে এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস কর্তৃক বিদ্যমান জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (এনএসডিএস) সংশোধন ও হালনাগাদের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। এ লক্ষ্যে Positioning BBS as a world-class statistical organization: What does it require? শীর্ষক একটি কর্মশালা ১ ও ২ মার্চ ২০২৩ তারিখ হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁও এর বলরুম-১ এ আয়োজন করা হয়। বর্ণিত কর্মশালায় প্রধান

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি। কর্মশালায় গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন Ms. Ximena Del Carpio, Practice Manager, Poverty & Equity Global Practice, World Bank Group এবং কর্মশালাটিতে সভাপতিত্ব করেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তৎকালীন মহাপরিচালক জনাব মোঃ মতিয়ার রহমান। তাছাড়াও, কর্মশালায় উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যুগ্মসচিব ড. দিপংকর রায়, এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন, বিবিএস এর পরিচালকবৃন্দ ও বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং বিশ্ব ব্যাংক এর সিনিয়র ইকোনমিস্ট Mr. Ayago Wambile।




হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁও এ অনুষ্ঠিত Positioning BBS as a world-class statistical organization: What does it require? শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি।

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর অন্যতম রেজাল্ট ইন্ডিকেটর হচ্ছে পরিসংখ্যান ব্যবহারকারীদের সন্তুষ্টির মাত্রা নিরূপণ। এলক্ষ্যে প্রকল্প কর্তৃক বিবিএস এ প্রথবারের মত User Satisfaction Survey 2022 পরিচালনা করা হয়। মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম ১৫ মার্চ ২০২৩ তারিখে সাড়ম্বরপূর্ণ আনুষ্ঠানিকতায় প্রতিবেদনটির মোড়ক উন্মোচন করেন। অনুষ্ঠানটিতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি এবং অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তৎকালীন মহাপরিচালক জনাব মোঃ মতিয়ার রহমান।




১৫ মার্চ ২০২৩ তারিখে User Satisfaction Survey 2022 জরিপের মোড়ক উন্মোচন করেন পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম, ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, জনাব মোঃ মতিয়ার রহমান, তৎকালীন মহাপরিচালক, বিবিএস এবং 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় সাংবাদিকগণকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কার্যক্রম ও সরকারি পরিসংখ্যান বিষয়ে মৌলিক ধারণা প্রদানের জন্য Basics of Official Statistics বিষয়ে ০২ (দুই) দিনব্যাপী একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়। বিবিএস সদর দপ্তরে **১০ ও ১১ এপ্রিল ২০২৩** সময়সীমায় অনুষ্ঠিত এ প্রশিক্ষণে গণমাধ্যমের সর্বমোট ৩১ জন সাংবাদিক প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।




গণমাধ্যমের সাংবাদিকগণের অংশগ্রহণে Basics of Official Statistics শীর্ষক প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপইস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন জনাব মোঃ মতিয়ার রহমান, তৎকালীন মহাপরিচালক, বিবিএস । অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যুগ্মসচিব ড. দিপংকর রায়, এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন ও বিবিএস এর পরিচালকবৃন্দ।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্টে কর্তৃক উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের অন্তর্ভুক্তিমূলক অংশগ্রহণ, সুচিন্তিত মতামত ও পরামর্শ গ্রহণের নিমিত্ত বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক মনোনিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের অংশগ্রহণে জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) সংশোধন ও হালনাগাদ সংক্রান্ত একটি কর্মশালা ২২ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়।




কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন জনাব মোঃ মতিয়ার রহমান, তৎকালীন মহাপরিচালক, বিবিএস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপমহাপরিচালক জনাব পরিমল চন্দ্র বসু, এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন ও বিবিএস এর পরিচালকবৃন্দ।

❍ জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাথে বাংলাদেশ ব্যাংক এর প্রাতিষ্ঠানিক সম্পর্ক স্থাপনের মাধ্যমে বাংলাদেশের পরিসংখ্যান ব্যবস্থাকে একটি সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠা করা ও ভবিষ্যতে বাংলাদেশ ব্যাংক এর সাথে সম্পর্কের উন্নয়ন সাধনের লক্ষ্যে এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় ২৫ মে ২০২৩ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও বাংলাদেশ ব্যাংক এর মাঝে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। বিবিএস এর পক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন জনাব মোঃ মতিয়ার রহমান, তৎকালীন মহাপরিচালক, বিবিএস এবং বাংলাদেশ ব্যাংক এর পক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন জনাব মানসুরা পারভীন, নির্বাহী পরিচালক (পরিসংখ্যান), বাংলাদেশ ব্যাংক।



২৫ মে ২০২৩ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও বাংলাদেশ ব্যাংক এর মাঝে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। বিবিএস এর পক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষর করছেন জনাব মোঃ মতিয়ার রহমান, তৎকালীন মহাপরিচালক, বিবিএস এবং বাংলাদেশ ব্যাংক এর পক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষর করছেন জনাব মানসুরা পারভীন, নির্বাহী পরিচালক (পরিসংখ্যান), বাংলাদেশ ব্যাংক।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণের Survey of Manufacturing Industries (SMI) বিষয়ে ০৪ (চার) দিনব্যাপী একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়। বিবিএস সদর দপ্তরে **০৪-০৭ জুন ২০২৩** সময়সীমায় অনুষ্ঠিত এ প্রশিক্ষণে বিবিএস এর ২০ জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।



প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিবিএস এর উপমহাপরিচালক জনাব পরিমল চন্দ্র বসু। তাছজাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং এর তৎকালীন পরিচালক জনাব কবির উদ্দিন আহাম্মদ।

❍ জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা শক্তিশালীকরণের লক্ষ্যে এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস কর্তৃক অংশীজনের অংশগ্রহণে জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (এনএসডিএস) সংশোধন ও হালনাগাদ বিষয়ক একটি জাতীয় কর্মশালা ৭ জুন ২০২৩ তারিখ হোটেল শেরাটন, বনানী-তে আয়োজন করা হয়। বর্ণিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম. এ. মান্নান, এমপি, মাননীয় মন্ত্রী, তৎকালীন পরিকল্পনা মন্ত্রণালয়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তৎকালীন পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব ড. শামসুল আলম ও ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, কর্মশালায় গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ব ব্যাংকের কান্ট্রি ডিরেক্টর Mr. Abdoulaye Seck. এবং কর্মশালাটিতে সভাপতিত্ব করেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তৎকালীন মহাপরিচালক জনাব মোঃ মতিয়ার রহমান। তাছাড়াও, কর্মশালায় উপস্থিত ছিলেন বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, সংস্থা, উন্নয়ন সহযোগী সংস্থাসমূহ ও সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ ও পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাবৃন্দ।




৭ জুন ২০২৩ তারিখে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (এনএসডিএস) সংশোধন ও হালনাগাদ বিষয়ক কর্মশালায় মঞ্চে উপস্থিত আছেন জনাব এম. এ. মান্নান, এমপি, তৎকালীন মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, তৎকালীন পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম, ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, জনাব মোঃ মতিয়ার রহমান, তৎকালীন মহাপরিচালক, বিবিএস ,এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন ও বিশ্ব ব্যাংকের কান্ট্রি ডিরেক্টর Mr. Abdoulaye Seck.

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস এর আওতায় ০৭ জুলাই ২০২৩ তারিখ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাথে এফবিসিসিআই এর সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সম্পর্ক স্থাপন হয়। বিবিএস এর পক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন জনাব মোঃ মতিয়ার রহমান, তৎকালীন মহাপরিচালক, বিবিএস এবং এফবিসিসিআই এর এর পক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন চেয়ারম্যান, এফবিসিসিআই।




০৭ জুলাই ২০২৩ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও এফবিসিসিআই এর মাঝে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোঃ মতিয়ার রহমান, তৎকালীন মহাপরিচালক, বিবিএস, চেয়ারম্যান, এফবিসিসিআই, জনাব ফারুক আহম্মদ, তৎকালীন অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও জনাব মোঃ দিলদার হোসেন, প্রকল্প পরিচালক, এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস।

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তাগণকে Report Writing, Analysis and Communication বিষয়ে ১০ (দশ) দিনব্যাপী একটি প্রশিক্ষণ প্রদান করা হয়। বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (BARD), কুমিল্লা-তে ০৯ জুলাই থেকে ১৮ জুলাই ২০২৩ সময়সীমায় অনুষ্ঠিত এ আবাসিক প্রশিক্ষণে ৩২ জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।




Report Writing, Analysis and Communication বিষয়ক প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্টে কর্তৃক এনএসডিএস সংশোধন ও হালনাগাদে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও সংস্থাসমূহের অন্তর্ভুক্তিমূলক অংশগ্রহণ, সুচিন্তিত মতামত ও পরামর্শ গ্রহণের নিমিত্ত মনোনিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের অংশগ্রহণে জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) সংশোধন ও হালনাগাদ সংক্রান্ত একটি কর্মশালা ১৬ জুলাই ২০২৩ তারিখে আয়োজন করা হয়।




কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন বিবিএস এর তৎকালীন মহাপরিচালক জনাব মোঃ মতিয়ার রহমান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপমহাপরিচালক জনাব পরিমল চন্দ্র বসু, এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন ও বিবিএস এর পরিচালকবৃন্দ।

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও পরিসংখ্যান ব্যবহারকারী সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও সংস্থার কর্মকর্তাগণকে কৃষি পরিসংখ্যান সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ ও সংকলন প্রক্রিয়া অধিকতর যথাযথ, নির্ভুল ও সময়োচিত করার লক্ষ্যে '**কৃষি পরিসংখ্যান**' বিষয়ে ০৫ (পাঁচ) দিনব্যাপী একটি প্রশিক্ষণ প্রদান করা হয়। পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়া-তে **১০ আগস্ট থেকে ১৪ আগস্ট ২০২৩** সময়সীমায় অনুষ্ঠিত এ আবাসিক প্রশিক্ষণে ৪২ জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।




কৃষি পরিসংখ্যান বিষয়ক প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। এছাড়াও, অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া-র মহাপরিচালক জনাব মুহাম্মদ মুরশীদ ইকবাল রেজভী ও প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন।

❍এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও পরিসংখ্যান ব্যবহারকারী সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও সংস্থার কর্মকর্তাগণকে কৃষি পরিসংখ্যান সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ ও সংকলন প্রক্রিয়া অধিকতর যথাযথ, নির্ভুল ও সময়োচিত করার লক্ষ্যে 'Technologies for Data Collection, Processing and Dissemination সংক্রান্ত ১০ (দশ) দিনব্যাপী একটি আন্তঃমন্ত্রণালয় প্রশিক্ষণ প্রদান করা হয়। Hotel Graver Inn International, Kuakata, Patuakhali-তে **২০ আগস্ট থেকে ৩০ আগস্ট ২০২৩** সময়সীমায় অনুষ্ঠিত এ আবাসিক প্রশিক্ষণে ৩২ জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।



Technologies for Data Collection, Processing and Dissemination বিষয়ক প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত জনাবজনাব মোঃ আক্তার হোসেন, যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা, জনাব মোঃ শফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, বরিশাল ও প্রকল্পের উপপ্রকল্প পরিচালক জনাব মোহাম্মদ সেলিম সরকার।

❍ জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) সংশোধন ও হালনাগাদ প্রক্রিয়াটি অধিকতর অংশগ্রহণমূলক ও সর্বজনগ্রাহ্য করার নিমিত্ত এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্টে কর্তৃক ৩১ আগস্ট ২০২৩, ০৩ সেপ্টেম্বর ২০২৩, ১৩ সেপ্টেম্বর ২০২৩, ১৮ সেপ্টেম্বর ২০২৩, ২৬ সেপ্টেম্বর ২০২৩, ২৭ সেপ্টেম্বর ২০২৩ ও ১০ অক্টোবর ২০২৩ তারিখ যথাক্রমে বরিশাল, সিলেট, চট্টগ্রাম, খুলনা, রংপুর, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগে এনএসডিএস সংশোধন ও হালনাগাদকরণ সংক্রান্ত বিভাগীয় স্টেকহোল্ডার কনসালটেশন ওয়ার্কশপ আয়োজন করা হয়।



৩১ আগস্ট ২০২৩ তারিখ বরিশাল বিভাগে অনুষ্ঠিত কর্মশালায় এনএসডিএস সংশোধন ও হালনাগাদ বিষয়ে উপস্থাপনা প্রদান করছেন প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন।




০৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখ সিলেট বিভাগে অনুষ্ঠিত কর্মশালায় এনএসডিএস সংশোধন ও হালনাগাদ বিষয়ে উপস্থাপনা প্রদান করছেন প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন।




১৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখ চটগ্রাম বিভাগে অনুষ্ঠিত কর্মশালায় উপস্থিত অতিথিবৃন্দ।




১৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখ খুলনা বিভাগে অনুষ্ঠিত কর্মশালায় এনএসডিএস সংশোধন ও হালনাগাদ বিষয়ে উপস্থাপনা প্রদান করছেন প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন।



২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখ রংপুর বিভাগে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি, অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন বিবিএস এর তৎকালীন মহাপরিচালক জনাব মোঃ মতিয়ার রহমান।




২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ রাজশাহী বিভাগে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি, অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন বিবিএস এর তৎকালীন মহাপরিচালক  জনাব মোঃ মতিয়ার রহমান।



১০ অক্টোবর ২০২৩ তারিখ ময়মনসিংহ বিভাগে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি, অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন বিবিএস এর তৎকালীন মহাপরিচালক  জনাব মোঃ মতিয়ার রহমান।

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মকর্তাগণকে ‘Public Procurement’ সংক্রান্ত ০২ (দুই) দিনব্যাপী একটি প্রশিক্ষণ প্রদান করা হয়। বিবিএস সদরদপ্তরে **১০ সেপ্টেম্বর থেকে ১১ সেপ্টেম্বর ২০২৩** সময়সীমায় অনুষ্ঠিত এ প্রশিক্ষণে ৪০ জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।




Public Procurement’ সংক্রান্ত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিবিএস এর তৎকালীন মহাপরিচালক জনাব মোঃ মতিয়ার রহমান।

❍এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মকর্তাগণকে ‘Financial Management’ সংক্রান্ত ০২ (দুই) দিনব্যাপী একটি প্রশিক্ষণ প্রদান করা হয়। বিবিএস সদরদপ্তরে **২৫ সেপ্টেম্বর থেকে ২৬ সেপ্টেম্বর ২০২৩** সময়সীমায় অনুষ্ঠিত এ প্রশিক্ষণে ১৫ জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।




Financial Management সংক্রান্ত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিবিএস এর মহাপরিচালক জনাব মোহাম্মদ মিজানুর রহমান।

❍এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর International Twinning Partner (devstat-IOE-ibf) এর প্রতিনিধিদল এগ্রিকালচার উইং, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং ও ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর সাথে আলোচনাপূর্বক Annual Crop Production Survey (ACPS), Survey of Manufacturing Industries (SMI) এবং Health & Morbidity Survey (HMSS) এর খসড়া প্রশ্নপত্র ও ম্যানুয়াল প্রস্তুতপূর্বক বর্ণিত উইং ও প্রকল্প দপ্তরে প্রেরণ করেন।

প্রস্তুতকৃত খসড়া প্রশ্নপত্রের উপর এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় ইন্ডাস্ট্রি  এন্ড লেবার উইং কর্তৃক Survey of Manufacturing Industries (SMI) এর প্রিটেস্ট ০১-০৭ অক্টোবর ২০২৩ সময়সীমায় ও পাইলটিং ০২-২০ ডিসেম্বর ২০২৩ সময়সীমায় পরিচালিত হয়; ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং কর্তৃক Health & Morbidity Survey (HMSS) এর প্রিটেস্ট ২৬-২৮ নভেম্বর ২০২৩ সময়সীমায় ও পাইলটিং ১৭ -১৯ ডিসেম্বর ২০২৩ সময়সীমায় পরিচালিত হয় এবং এগ্রিকালচার উইং কর্তৃক ০১-০৫ ডিসেম্বর ২০২৩ সময়সীমায় Annual Crop Production Survey (ACPS) এর প্রিটেস্ট কার্যক্রম পরিচালনা করা হয়।



Annual Crop Production Survey (ACPS) এর প্রিটেস্ট কার্যক্রম পরিদর্শন করছেন এগ্রিকালচার উইং এর যুগ্মপরিচালক জনাব আব্দুল হালিম।




Health & Morbidity Survey (HMSS) এর প্রিটেস্ট এর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজিং কর্মকর্তদের প্রশিক্ষণে সেশন পরিচালনা করছেন ড দিপংকর রায়, যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।



Survey of Manufacturing Industries (SMI) পাইলটিং এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিদর্শন করছেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপমহাপরিচালক জনাব পরিমল চন্দ্র বসু।

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস এর আওতায় ২৫ অক্টোবর ২০২৩ তারিখ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাথে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সম্পর্ক স্থাপন হয়।



২৫ অক্টোবর ২০২৩ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও বাংলাদেশ ব্যাংক এর মাঝে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় গণমাধ্যমের সাংবাদিকগণের অংশগ্রহণে Survey of Manufacturing Industries (SMI) বিষয়ে ০২ (দুই) দিনব্যাপী একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়। বিবিএস সদর দপ্তরে **০৫-০৬ নভেম্বর ২০২৩** সময়সীমায় অনুষ্ঠিত এ প্রশিক্ষণে ৩০ জন সাংবাদিক প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।




প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বিবিএস এর মহাপরিচালক জনাব মোহাম্মদ মিজানুর রহমান প্রশিক্ষণে সভাপতিত্ব করেন। তাছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিবিএস এর উপমহাপরিচালক জনাব পরিমল চন্দ্র বসু ড দিপংকর রায়, যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস কর্তৃক জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) সংশোধন ও হালনাগাদের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তাগণের অংশগ্রহণে ১০ ও ১১ নভেম্বর ২০২৩ তারিখ দুই-দিনব্যাপী 'Workshop on Formulating Implementation Plan for the Revision & Update of NSDS' শীর্ষক একটি কর্মশালা প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল এর হলরুম পদ্মা-তে অনুষ্ঠিত হয়।




কর্মশালায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর মহাপরিচালক জনাব মোহাম্মদ মিজানুর রহমান কর্মশালায় সভাপতিত্ব করেন। তাছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিবিএস এর উপমহাপরিচালক জনাব পরিমল চন্দ্র বসু ড দিপংকর রায়, যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর প্রকল্প পরিচালক, জনাব মোঃ দিলদার হোসেন।

❍ বিশ্বপরিমণ্ডলে বাংলাদেশের পরিসংখ্যান ব্যবস্থার আনুষ্ঠানিক সম্পর্ক স্থাপনের শুভ সূচনা হয় গত ০৭ ডিসেম্বর ২০২৩ Republic of Korea এর জাতীয় পরিসংখ্যান সংস্থা KOSTAT এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (এসআইডি) এর মধ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের মাধ্যমে।




০৭ ডিসেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও Republic of Korea এর মাঝে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তৎকালীন পরিকল্পনা মন্ত্রী জনাব এম এ মান্নান।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্টে কর্তৃক এনএসডিএস সংশোধন ও হালনাগাদে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও সংস্থাসমূহের অন্তর্ভুক্তিমূলক অংশগ্রহণ, সুচিন্তিত মতামত ও পরামর্শ গ্রহণের নিমিত্ত মনোনিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের অংশগ্রহণে জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) সংশোধন ও হালনাগাদ সংক্রান্ত একটি মতবিনিময় কর্মশালা ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখে আয়োজন করা হয়।




কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন বিবিএস এর মহাপরিচালক জনাব মোহাম্মদ মিজানুর রহমান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপমহাপরিচালক জনাব পরিমল চন্দ্র বসু, এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন ও বিবিএস এর পরিচালকবৃন্দ।

### ১৩। খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প :

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এগ্রিকালচার উইং এর আওতায় "খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২" শীর্ষক প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইতিহাসে খাদ্য নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে এটিই স্বতন্ত্রভাবে প্রথম উদ্যোগ। প্রকল্পটির সুনির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য নিম্নরূপ :

i. Food Insecurity Experience Scale (FIES) বিষয়ক জরিপ পরিচালনা করা;
ii. ২০১৬, ২০১৭ এবং ২০১৮ সালের দেশের খাদ্য স্থিতি (Food Balance Sheet and Supply & Utilization Table) বিষয়ক পরিসংখ্যান প্রণয়ন; এবং
iii. দেশে মানুষের মাথাপিছু ম্যাক্রোনিউট্যান্ট (ক্যালরি, প্রোটিন ও ফ্যাট) ও মাইক্রোনিউট্যান্ট (খনিজ, ভিটামিন প্রভৃতি) এর প্রাপ্যতা নিরূপণ করা।

প্রকল্পটির মেয়াদকাল ১লা জানুয়ারি ২০২২ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ এবং প্রাক্কলিত মোট ব্যয় ৫১০.৩২ লক্ষ টাকা। প্রকল্পটির মাধ্যমে খাদ্য ও পুষ্টি নিরাপত্তার চারটি মাত্রার food accessibility, availability, utilization and stability এর সমন্বিত তথ্য-উপাত্ত পাওয়া যাবে। বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত NSDS এর এগ্রিকালচার উইং এর ৪ নং Strategic Goal "Compilation of Food Balance Sheet (FBS)" এবং ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর ৩ নং Strategic Goal "Monitoring the Food Security and Nutritional Status" বিষয়ে তথ্য-উপাত্ত পাওয়া সম্ভব হবে।

প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) এর অন্যতম গুরুত্বপূর্ণ লক্ষ্যমাত্রা ০২ (ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন এবং টেকসই কৃষির প্রসার) পরিমাপের তথ্য ঘাটতি পূরণ হবে। এসডিজি এর দ্বিতীয় লক্ষ্যের গুরুত্বপূর্ণ সূচক ২.১.২ (খাদ্য নিরাপত্তাহীনতা সংক্রান্ত অভিজ্ঞতার মাপকাঠির ভিত্তিতে জনগণের মাঝে মাঝারি বা তীব্র খাদ্য নিরাপত্তাহীনতার ব্যাপকতা-FIES) প্রাক্কলিত মান পাওয়া সম্ভব হবে।

প্রকল্পটির মূল লক্ষ্য ও উদ্দেশ্য এবং সুফল সম্পর্কিত বিষয়াদি বর্তমান সরকারের নির্বাচনী ইস্তেহার ২০১৮ (অঙ্গীকার: ৩.১৪ কৃষি, খাদ্য ও পুষ্টি: খাদ্য নিরাপত্তা অর্জনে নিশ্চয়তা এবং আধুনিক কৃষি ব্যবস্থা), ভিশন ২০২১, সরকার কর্তৃক প্রণীত পরিসংখ্যান উন্নয়নে জাতীয় কৌশলপত্র (NSDS), অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) এর সাথে সরাসরি সম্পৃক্ততা রয়েছে। এই প্রকল্পের কার্যক্রম সরকারের অন্যান্য ধারাবাহিক নীতি ও কর্ম-পরিকল্পনার সাথে নিবিড়ভাবে সম্পৃক্ত। এই প্রকল্পের আওতায় কার্যক্রমসমূহ বাস্তবায়ন করা হলে সংশ্লিষ্ট জাতীয় অগ্রাধিকারমূলক নীতি-নির্ধারণ, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং টেকসই উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

'খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২' এডিপিতে মোট বরাদ্দ ছিল ১৬৬.০০ লক্ষ টাকা। তার মধ্যে ব্যয় হয়েছে ১৩৯.১৯ টাকা, যা বরাদ্দকৃত অর্থের ৮৩.৮৫ বা ৮৪ শতাংশ। যোগ্যতা সম্পন্ন কনসালটেন্ট না পাওয়ায় ঐ খাতের বরাদ্দের ১৪.০০ লক্ষ টাকা অব্যয়িত , আনুষঙ্গিক কর্মচারী/প্রতিষ্ঠান খাতে অব্যয়িত ১.৭৩ লক্ষ, মূলধন খাতে একটি এসি ক্রয়ের অপশন ছিল কিন্তু যেহেতু প্রকল্প পরিচালকের এসি প্রাপ্যতা নেই সেজন্য এসি ক্রয় করা হয় নি এবং এই খাতে ৪.২২ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। এই তিনটি খাতের অব্যয়িত অর্থ বাদ দিলে ব্যয়ের হার ৯৪.৯৪ শতাংশ।

### ১৪। সিটিজেন পারসেপশন সার্ভে (সিপিএস) প্রকল্প :

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'সিটিজেন পারসেপশন সার্ভে (সিপিএস)' শীর্ষক প্রকল্পটি গত ০২ নভেম্বর ২০২৩ তারিখ মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক মোট ১২৮৩.৫২ লক্ষ (বারো কোটি তিরাশি লক্ষ বায়ান্ন হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে (যা সম্পূর্ণ জিওবি) অনুমোদিত হয়। এর ধারাবাহিকতায় পরিকল্পনা কমিশনের আর্থসামাজিক অবকাঠামো বিভাগ কর্তৃক গত ০৬ নভেম্বর ২০২৩ তারিখ অনুমোদনের সরকারি আদেশ (জি.ও.) জারি করেছে। পরবর্তীতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে গত ১২ নভেম্বর ২০২৩ তারিখে প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়। প্রকল্পটির অনুমোদিত মেয়াদকাল ০১ অক্টোবর ২০২৩ থেকে জুন, ২০২৬ পর্যন্ত।

**প্রকল্পের পটভূমি:**

বাংলাদেশ সরকারের প্রেক্ষিত পরিকল্পনা ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্যতম প্রধান লক্ষ্য হল শক্তিশালী কার্যকর রাষ্ট্রীয় প্রতিষ্ঠান গড়ে তোলা। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এর অভীষ্ট ১৬ অনুযায়ী টেকসই উন্নয়নের জন্য শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক সমাজ গড়ে তোলার জন্য সরকার অঙ্গীকারাবদ্ধ। এলক্ষ্যে ২০১৮ সালে প্রথম 'সিটিজেন হাউজহোল্ড পারসেপশন সার্ভে' ও 'কোর্ট ইউজার সার্ভে' শীর্ষক ০২(দুই)টি জরিপের মাধ্যমে এসডিজি ৬(ছয়) টি সূচকের বেজলাইন তথ্য প্রস্তুত করা হয়। বর্তমান প্রকল্পের মাধ্যমে এসডিজির একটি সূচক বেজলাইন তথ্য এবং ছয়টি সূচকের হালনাগাদ তথ্য সরবরাহ করা সম্ভব হবে।

- ২০১৮ সালে প্রথম 'সিটিজেন হাউজহোল্ড পারসেপশন সার্ভে' ও 'কোর্ট ইউজার সার্ভে' শীর্ষক ০২(দুই)টি জরিপ পরিচালনা করা হয়। উক্ত জরিপের মাধ্যমে এসডিজি ৬(ছয়)টি সূচকের (১৬.১.৪, ১৬.৩.৩, ১৬.৫.১, ১৬.৬.২, ১৬.খ.১, ১০.৩.১) বেজলাইন তথ্য প্রস্তুত করা হয়;
- সাধারণ অর্থনীতি বিভাগের এসডিজি ম্যাপিং অনুযায়ী সিপিএস জরিপের মাধ্যমে এসডিজির সূচক ১৬.৭.২ বেজলাইন তথ্য এবং ১৬.১.৪, ১৬.৩.৩, ১৬.৫.১, ১৬.৬.২, ১৬.খ.১, ১০.৩.১ হালনাগাদ তথ্য প্রদানের নির্দেশনা রয়েছে। এছাড়া, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এসডিজির ডেটা ক্যালেন্ডার অনুযায়ী প্রতি তিন বছর অন্তর খানাভিত্তিক জরিপের মাধ্যমে এ জাতীয় হালনাগাদ তথ্য-উপাত্ত সরবরাহের পরিকল্পনা রয়েছে;
- মন্ত্রিপরিষদ বিভাগ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ১.১-১.৪ ও ১৬.৫-১৬.৬ বাস্তবায়নের লিড এবং টেকসই উন্নয়ন অভীষ্ট-১৬ এর সমন্বয়কারী হিসেবে দায়িত্বপ্রাপ্ত। উপর্যুক্ত লক্ষ্যমাত্রাসমূহের কতিপয় সূচকের এখনও বেইজলাইন উপাত্ত প্রস্তুত করা হয়নি এবং কিছু সূচকের বেইজলাইন উপাত্ত প্রস্তুত হলেও হালনাগাদ উপাত্ত না থাকায় এ বিষয়ে সংশ্লিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা নির্ধারণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কার্যক্রম বিঘ্নিত হচ্ছে;
- ১৩ অক্টোবর ২০২১ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগের পত্রে টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG)-১ এবং ১৬ এর সূচকের বেজলাইন উপাত্ত প্রস্তুত/হালনাগাদকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশ রয়েছে।

**প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা:**

- সমাজের সর্বত্র সকল ধরণের অপরাধপ্রবণতা, সহিংসতা, বিরোধ নিষ্পত্তি ও সংশ্লিষ্ট সেবা গ্রহণে সেবা গ্রহীতার ধারণা সংক্রান্ত হালনাগাদ তথ্য উপাত্ত সংগ্রহ করা;
- সরকারি সেবা (শিক্ষা, স্বাস্থ্য, চিকিৎসা সেবা ও অন্যান্য) গ্রহণে নাগরিকদের দুর্নীতি ও ঘুষ সম্পর্কিত অভিজ্ঞতা ও ধারণা সংক্রান্ত হালনাগাদ তথ্য উপাত্ত সরবরাহ করা;
- সকল স্তরে কার্যকর, জবাবদিহিমূলক ও স্বচ্ছ প্রতিষ্ঠান বিকাশের লক্ষ্যে সরকারি সেবা গ্রহণের অভিজ্ঞতা ও ধারণা সংক্রান্ত হালনাগাদ তথ্য সরবরাহ করা;
- সকল নাগরিকের অন্তর্ভুক্তিমূলক, অংশগ্রহণমূলক ও প্রতিনিধিত্বশীল সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিতকরণে তথ্য সংগ্রহ করা;
- টেকসই উন্নয়নের জন্য বৈষম্যহীন আইন ও নীতিমালা প্রবর্তন ও প্রয়োগ সম্পর্কিত তথ্য হালনাগাদ করা;
- সবার জন্য ন্যায়বিচারের সুযোগ প্রদান এবং সকল পর্যায়ে কার্যকর, জবাবদিহিমূলক ও অন্তর্ভুক্তিমূলক প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে বিচারপ্রার্থীদের বিচার ব্যবস্থায় সম্পৃক্ততা ও বিচার ব্যবস্থা সম্পর্কে ধারণা সংক্রান্ত তথ্য সংগ্রহ করা;
- সকল স্তরে কার্যকর, জবাবদিহিমূলক ও স্বচ্ছ প্রতিষ্ঠান বিকাশের

**প্রকল্পের সারসংক্ষেপ:**

| | | |
|---|---|---|
| প্রকল্পের **শিরোনাম** | : | “সিটিজেন পারসেপশন সার্ভে (সিপিএস) প্রকল্প” |
| উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) |
| সেক্টর | : | আর্থসামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন |
| প্রকল্পের মেয়াদ | : | ১লা অক্টোবর ২০২৩ হতে ৩০ জুন ২০২৬ পর্যন্ত |
| প্রকল্পের প্রাক্কলিত ব্যয় | : | ১২৮৩.৫২ লক্ষ টাকা (জিওবি) |
| আরএডিবি ২০২৩-২৪ বরাদ্দ | : | ১১২.০০ লক্ষ টাকা (জিওবি) |

প্রকল্প এলাকা: সমগ্র বাংলাদেশ

বাংলাদেশের ০৮টি(আট) প্রশাসনিক বিভাগের (পল্লী/শহর/সিটি কর্পোরেশন-১২) ২৮টি ডোমেইন হতে সকল জেলার প্রতিনিধিত্বমূলক নমুনা চয়নের মাধ্যমে নির্বাচিত Primary Sampling Unit (পিএসইউ) হতে নমুনায়কের মাধ্যমে নির্বাচিত খানাসমূহ হতে তথ্য সংগ্রহ করা হবে।

**প্রকল্পের আউটপুট (Output):**

- প্রস্তাবিত প্রকল্পের মাধ্যমে এসডিজি সূচক ১৬২.৭. বেজলাইন তথ্য এবং ১৬৪.১., ১৬৩.৩., ১৬১.৫., ১৬২.৬., ১৬.খ.১, ১০.৩.১ প্রভৃতির হালনাগাদ তথ্য সরবরাহ করা সম্ভব হবে;
- বর্ণিত জরিপের মাধ্যমে প্রাপ্ত পরিসংখ্যান ব্যবহার করে এসডিজি পরিবীক্ষণে তথ্য সরবাহের পাশাপাশি সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক দেশের অপরাধ প্রবণতাশিক্ষা ,সহিংসতা ,, স্বাস্থ্য, চিকিৎসা সেবা ও অন্যান্য সরকারি সেবার মানোন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অত্যন্ত সহায়ক হবে;
- জরিপের মাধ্যমে প্রাপ্ত পরিসংখ্যান পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নে ব্যবহার করা হবে।

**প্রকল্পটির ডিসেম্বর/২০২৩ পর্যন্ত কর্ম পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি**

| ক্রমিক নং | ডিসেম্বর/২০২৩ পর্যন্ত কর্মপরিকল্পনা | সময়সীমা | বাস্তবায়ন অগ্রগতি (সদর দপ্তর হতে প্রাপ্ত) |
|---|---|---|---|
| ১. | প্রকল্পটি সদ্য অনুমোদিত হওয়ায় ডিসেম্বর/২০২৩ পর্যন্ত কেবল কর্মপরিকল্পনা প্রণয়ন সম্পন্ন হয়। | | |

| ক্রমিক নং | ডিসেম্বর/২০২৩ পর্যন্ত ক্রয়পরিকল্পনা | সময়সীমা | বাস্তবায়ন অগ্রগতি (সদর দপ্তর হতে প্রাপ্ত) |
|---|---|---|---|
| ১. | প্রকল্পটি সদ্য অনুমোদিত হওয়ায় ডিসেম্বর/২০২৩ পর্যন্ত কেবল ক্রয় পরিকল্পনা প্রণয়ন সম্পন্ন হয়। | | |

প্রকল্পটির অনুমোদিত মেয়াদকাল ০১ অক্টোবর ২০২৩ থেকে শুরু হলেও ডিসেম্বর/২০২৩ পর্যন্ত বাজেট বরাদ্দ না পাওয়ায় প্রকল্পের সীমিত বাস্তব অগ্রগতি অর্জন করা সম্ভব হয়েছে। তবে প্রকল্প দপ্তর স্থাপন, প্রকল্পের প্রয়োজনীয় জনবলের পদায়ন, বিভিন্ন কমিটি গঠন, কমিটির সভা আয়োজনসহ কর্মপরিকিল্পনা অনুযায়ী বিভিন্ন কার্যক্রম চলমান। সিটিজেন পারসেপশন প্রকল্প সফলভাবে সম্পন্ন হলে জরিপের মাধ্যমে প্রাপ্ত পরিসংখ্যান ব্যবহার করে এসডিজি পরিবীক্ষণে তথ্য সরবাহের পাশাপাশি সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক দেশের অপরাধ প্রবণতা, সহিংসতা, শিক্ষা, স্বাস্থ্য, চিকিৎসা সেবা ও অন্যান্য সরকারি সেবার মানোন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অত্যন্ত সহায়ক হবে।

## ✷ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতাধীন সেল সমূহের বিবরণ:


১. এসডিজি সেল:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)'র এসডিজি সেল জাতিসংঘ কর্তৃক গৃহীত টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) পরিবীক্ষণে মানসম্মত ডাটা প্রস্তুত নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এসডিজি সেল, বিবিএস SDG বাস্তবায়নের অংশ হিসেবে এটুআই-এর তথ্য-প্রযুক্তিগত সহায়তায় এসডিজি ট্র্যাকার ব্যবস্থাপনা করে থাকে। তাছাড়া, এসডিজি সেল কর্তৃক বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/বিভাগ-এর এসডিজি সংশ্লিষ্ট মনোনীত ডাটা অনুমোদনকারী ও ডাটা প্রদানকারী কর্মকর্তাদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। পাশাপাশি এসডিজি সেল হতে এসডিজি সংশ্লিষ্ট সময়োপযোগী বিভিন্ন কর্মশালা আয়োজন করা হয়ে থাকে। এসডিজি সেল বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/বিভাগ-কে এসডিজি সংশ্লিষ্ট প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদান এবং এসডিজি স্থানীয়করণ বিষয় নিয়ে কাজ করে থাকে।

**এসডিজি সেল, বিবিএস-এর ২০২৩ সালে উল্লেখযোগ্য কার্যক্রম**




UNICEF বাংলাদেশ-এর কারিগরি সহযোগিতায় এসডিজি সেল, বিবিএস কর্তৃক গত ২৭/০৩/২০২৩ খ্রি. তারিখ এসডিজি ট্র্যাকারে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে মনোনীত ডাটা প্রদানকারী ও অনুমোদনকারী কর্মকর্তাদের সমন্বয়ে 'এসডিজি ট্র্যাকার' বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে জনাব মো. আখতার হোসেন, মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয় এবং বিশেষ অতিথি হিসেবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর সম্মানিত সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি মহোদয় উপস্থিত ছিলেন। কর্মশালা সভাপতিত্ব করেন জনাব মো. মতিয়ার রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।




এছাড়া, এসডিজি সেল, বিবিএস হতে বাংলাদেশের সরকারি পরিসংখ্যানের গুণগত মান নিশ্চিকরণের ভিত্তি গাইডলাইন 'National Quality Assurance Framework for Official Statistics of Bangladesh' শীর্ষক প্রকাশনা গত ২৬/০৬/২০২৩ খ্রি. তারিখ প্রকাশিত হয়।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক UN-ESCAP ও UNICEF বাংলাদেশ-এর কারিগরি সহায়তায় ২৪-২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে গাজীপুর জেলার ড্রিম স্কয়ার রিসোর্টে '2nd Capacity Building Workshop on Inequality Assessment and Techniques of Vital Statistics Measurement' শীর্ষক ০৪ দিনব্যাপী কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর সম্মানিত সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি মহোদয় এবং গেস্ট অব অনার হিসেবে Ms. Afsaneh Yazdani, Statistician, ESCAP উপস্থিত ছিলেন।। কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব মো. মতিয়ার রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।






কর্মশালায় গ্রুপ ওয়ার্ক পর্বে অংশগ্রহণকারীগণ

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার সাথে সমন্বিতভাবে টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়নের লক্ষ্যে তথ্য-উপাত্ত সংক্রান্ত সার্বিক কার্যক্রম গতিশীল করার জন্য সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত প্রস্তুতকারী মন্ত্রণালয়/বিভাগসহ এর অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/সেল/প্রকল্প এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর উইং/সেল/প্রকল্পসমূহ হতে সংগৃহীত SDG'র তথ্য-উপাত্ত প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ, সংকলন, এসডিজি ট্র্যাকারে প্রকাশসহ সত্যকরণ এবং সমন্বয়ের নিমিত্ত গঠিত 'এসডিজি বিষয়ক টেকনিক্যাল ওয়ার্কিং কমিটি' কর্তৃক ০১ জানুয়ারি ২০২৩ হতে ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত সময়ে মোট ৫টি সভার মাধ্যমে সর্বমোট ৬৩টি সূচকের ডাটা সত্যকরণ করা হয়েছে।



‘এসডিজি বিষয়ক টেকনিক্যাল ওয়ার্কিং কমিটি’র অনুষ্ঠিত সভা

## ২. প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট সেল:

**প্লানিং সেলের কর্মপরিধি :**

পরিকল্পনা ও উন্নয়ন সেল এর কর্মপরিধি।

১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের ডিপিপি প্রণয়ন পরিবীক্ষন ও চূড়ান্তকরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

২) বিবিএস এর সমাপ্ত প্রকল্পসমূহের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন প্রেরণ এবং এর উপর গৃহীত কার্যক্রম সম্পর্কে আইএমইডিকে অবহিতকরণ সংক্রান্ত কার্যক্রম।

৩) বিবিএস কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রক্রিয়াকরণ ও অনুমোদন।

৪) বিবিএস কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে তথ্য প্রদান এবং সভার সিদ্ধান্ত ও পরিপত্র সম্পর্কে সংশ্লিষ্টদের অবহিতকরণ।

৫) বিবিএস এর রাজস্ব বাজেটের আওতায় গৃহীত কর্মসূচি/জরিপ পরিচালনা/ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নের জন্য সুপারিশ করা;

৬) মন্ত্রিপরিষদ বিভাগে বিবিএস এর প্রতিবেদন প্রেরণ।

৭) মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন আইএমইডি তে প্রেরণ,

৮) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে মাসিক সমন্বয় সভায় বিবিএস এর সংশ্লিষ্ট অংশের অগ্রগতির প্রতিবেদন প্রেরণ,

(৯) মহান জাতীয় সংসদে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত ভাষণ প্রদানের নিমিত্ত বিবিএস এর প্রতিবেদন প্রস্তুত।

১০) কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলি।

**Printed at:**
**Publication Section**
**FA & MIS Wing**
**Bangladesh Bureau of Statistics (BBS)**